টেস্ট কুইজ

অজয় কোনার

উৎসকুইজ

উৎসকুইজ

অজয় কোনার

N.E.Publishers.

১৬, মতিলাল মল্লিক লেন,
কলিকাতা-৭০০ ০৩৫

প্রকাশক : স্বপন ঘোষ, শর্মিলা কুণ্ডু
হাউস অফ পাজল
এন. ই. পাবলিশার্স
১৬, মতিলাল মল্লিক লেন
কলিকাতা-৭০০ ০৩৫

প্রকাশ কাল : ডিসেম্বর, ১৯৮৭

প্রচ্ছদ : সমীর পাল।

মুদ্রক : অসীমকুমার সাহা
দি প্যারট প্রেস
কলিকাতা-৭০০ ০০৬

I S B N : 81-85/36-08-4

মূল্য : আঠারো টাকা মাত্র।

সূচীপত্র

প্রস্তাবনা

কুইজের বইয়ে ভূমিকা থাকার কথা নয়, তবু কেন ভূমিকার প্রয়োজন হ'ল, তারই ভূমিকা (!) প্রয়োজন।

বইয়ের নাম "উৎস কুইজ" রাখায় এই বইয়ের অন্যতম প্রকাশক এবং আমার অগ্রজপ্রতিম সুহৃদ শ্রী স্বপন ঘোষ মৃদু আপত্তি জানিয়ে বলেছিলেন—'উৎস কুইজ' নাম কেন? এ প্রশ্নের উত্তর পাঠক-পাঠিকাদেরও জানবার অধিকার আছে। এই 'কেন'র জবাব দিতেই এই ভূমিকা।

কুইজ প্রতিযোগিতার সূচনা ষাটের দশকের শুরুতে ইংল্যাণ্ডে। অর্থাৎ মাত্র ত্রিশ বছর আগেও কুইজ প্রতিযোগিতার বিষয়টা বিশ্বের কাছে পরিচিত ছিল না।

"কুইজ" কথাটা এল কোথা থেকে? অভিধানের বক্তব্য—কুইজ অর্থে 'মজা করা' বা 'কৌতুহল'; আর অপেক্ষাকৃত আধুনিক সংযোজন—'খেলার মাধ্যমে সাধারণ জ্ঞাণের পরীক্ষা, বিশেষ করে বেতার এবং দূরদর্শনে (chambers)।

শব্দটির উৎপত্তি নিয়ে এই প্রকাশনারই বই "খেলা নিয়ে কুইজ" বইতে শ্রীযুক্ত বিশ্বনাথ বসু বলেছেন আমেরিকান কিউ এস. (Q. S.) কালক্রমে 'কুইজ' এ রূপান্তরিত হয়েছে। বস্তুতঃ শব্দটির উৎপত্তি নিয়ে চালু আছে নানা কাহিনী। তার থেকে আসলটিকে বার করে নেওয়া খুব সহজ নয়।

তবে সবচেয়ে গ্রাহ্য মত হলো—ডালি নামের এক স্কটিশ, যিনি ব্যবহারিক জীবনে একটি থিয়েটারের ম্যানেজার ছিলেন, তিনি এই শব্দটির জনক। ভদ্রলোক বিভিন্ন ধরণের শব্দের খেলা খেলতে ভালোবাসতেন। একদিন তাঁর বন্ধুরা তাঁকে চ্যালেঞ্জ করেন এমন একটা শব্দ বানাতে, যার কোন অস্তিত্ব অভিধানে নেই। ডালি চ্যালেঞ্জ গ্রহন করলেন। কিন্তু ভাবতে গিয়ে দেখলেন কাজটা যতটা সহজ মনে হয়েছিল, তত সহজ নয়। বিনিদ্র রাতের মধ্যভাগে তিনটি বিদঘুটে অক্ষর—কিউ, ইউ এবং জেড নিয়ে নাড়াচাড়া করতে গিয়ে হঠাৎই মাথায় এল 'কুইজ' শব্দটা। অভিধান খুলে দেখলেন শব্দটি সম্পর্কে অভিধান নীরব। প্রসঙ্গটি নিয়ে এই বইয়ের সপ্তম পরিচ্ছেদের উনিশ নম্বর প্রশ্নে আরো আলোচনা করা হয়েছে।

গল্পটা এখানেই শেষ হতে পারত। সেক্ষেত্রে অনেক সমস্যা কমত। কিন্তু শব্দটা পাবার পর ডালির বন্ধুরা এটিকে চালু করবার জন্য রাতারাতি শহরের যত্রতত্র আজকের ভাষায়—বড়ো অক্ষরে 'বিজ্ঞাপিত' করলেন। পথ চলতি মানুষ শব্দটার সম্পর্কে কৌতুহল বা মজা করা।

এদেশে কুইজ প্রতিযোগিতাকে আমদানি করেছেন কুইজ জগতের প্রবাদপ্রতিম মানুষ নীল ও ব্রায়েন সত্তরের দশকের গোড়ায়। প্রথম প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়েছিল কলকাতায়। পরপর তিনবার পশ্চিমবঙ্গ বিধানসভায় অ্যাংলো-ইণ্ডিয়ান সমাজের প্রতিভু হিসাবে মনোনীত এই শিক্ষানুরাগী মানুষটি কুইজের এদেশে সূচনা করাই নয়, এর প্রসার এবং জনপ্রিয়তার জন্যও প্রচুর পরিশ্রম করেছেন, এখনো করে চলেছেন।

কুইজ কোন সীমা মেনে চলে না। দৈনন্দিন ঘটনা থেকে ইতিহাসের প্রায় হারিয়ে যাওয়া ঘটনা এবং মহাশূণ্যের বিশালতা—কিছুই এর গণ্ডীর বাইরে নয়। তবে বর্তমানে নানা জায়গায় বিষয়ভিত্তিক কুইজের চলন হয়েছে সাধারণ কুইজের পাশাপাশি। প্রতিযোগিতায় এখন অনেক জটিল এবং খুঁটিনাটি প্রশ্নও স্থান পায় সহজে বদলেছে প্রশ্ন করবার পদ্ধতিও। শুধু 'কে—কি—কেন—কখন—কোথায়' জেনেই এখন আর চলে না, সঙ্গে তার পারিপার্শ্বিক পটভূমি এবং সংশ্লিষ্ট বিষয়ও জানতে হয়। অন্যথায় সহজ প্রসঙ্গেও জটিল প্রশ্ন প্রতিযোগীকে নির্বাক করে দিতে পারে।

বইটির পরিসর ছোট হওয়ায় কয়েকটি মাত্র বিষয়কে বেছে এগারোশ'র মতো প্রশ্ন এবং প্রয়োজনে প্রাসঙ্গিক আলোচনা করা হয়েছে। যেহেতু সর্বভারতীয় স্তরে প্রতিযোগিতার ভাষা ইংরাজী, তাই সেখানে ইংরাজী প্রতিশব্দ বা বৈজ্ঞানিক নাম দেওয়া হয়েছে প্রতিযোগীদের প্রয়োজনের কথা মনে রেখে।

যারা এর আসল সমালোচক, সেই কুইজ প্রতিযোগীদের কাছে বইটি প্রয়োজনে লাগে, তবে পরিশ্রম সার্থক মনে করব। এ ব্যাপারে তাদের কোন মতামত থাকলে সাদরে গ্রহণীয়।

অসীম ধৈর্য্য নিয়ে পাণ্ডুলিপি টাইপ করে শ্রীঅতনু বন্দ্যোপাধ্যায় কম্পোজিটারের কাজ কমিয়েছেন এজন্য আমারও কৃতজ্ঞতা তঁকে জানাই।

সবশেষে ধন্যবাদ জানাই হাউস অফ পাজলের সত্বাধিকারীদের, বিশেষ করে শ্রীস্বপন ঘোষকে, যিনি এবং যাঁরা বাজারে বহু কুইজের বই থাকা সত্ত্বেও আর একটা কুইজের বই বার করতে সাহসী হয়েছেন, তাও বাংলায়! অবশ্য তাঁরা যে এ বাবদে সাহসী শুধু নন, দুঃসাহসী—তা যাঁরাই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে হাউস অফ পাজলের সংস্পর্শে এসেছেন, তাঁরাই জানেন। এ'দের উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করি।

আগের বাঁধাই বই "বুদ্ধি নিয়ে খেলা" পাঠক সমাজে সাদরে গৃহীত হয়েছে, আশা করব এই বইটিও সবাইকে আনন্দ দিতে সক্ষম হবে।

অলমিতি—।

ডিসেম্বর, ১৯৮৭
১১, কাছারী রোড,
বর্ধমান ॥

অজয় কোনার

মহাকাশ ও মহাবিশ্ব

১। ১৯৬১ সালের ১২ এপ্রিল মস্কো সময় ৯ঃ০৭ (সকাল ; গ্রীণউইচ মীন টাইম), মানুষের ইতিহাসে একটি চিহ্নিত দিন। এই সময়ে প্রথম মহাকাশচারী রাশিয়ার নাগরিক, ফ্লাইট মেজর ইউরি আলেক্সেইভিচ গাগারিন ৮৯.৩৪ মিনিট সময় নিয়ে প্রথম মহাকাশ থেকে পৃথিবীকে একবার পূর্ণ প্রদক্ষিণ করেন। তাঁর মহাকাশযানের নাম কি ছিল ?

২। সূর্যকে বাদ দিয়ে আমাদের নিকটতম নক্ষত্র কোনটি ?

৩। সবচেয়ে বড়ো নাম যার, সেই নক্ষত্রটির নাম কি ?

৪। চন্দ্র পৃষ্ঠের উচ্চতম এবং নিম্নতম তাপমাত্রা কত ?

৫। জ্যোর্তিবিদ্যা বা অ্যাষ্ট্রনমির যে শাখা মহাবিশ্বের গঠন এবং বিবর্তন নিয়ে গঠিত, সেই শাখার নাম কি ?

৬। আমাদের সৌর জগতে গ্রহগুলির মোট যত উপগ্রহ আছে, তাদের মধ্যে বৃহত্তম উপগ্রহটি বৃহস্পতির তিন নম্বর উপগ্রহ। এটি চাঁদের চেয়ে ২·০১৭ গুণ ভারী এবং ব্যাস ৫১৩২ কিলোমিটার। উপগ্রহটির নাম কি ?

৭। এ পর্য্যন্ত জানা বৃহত্তম নক্ষত্র কোনটি ?

৮। মহাবিশ্বের আনুমানিক বয়স কত ?

৯। ২৯ জুলাই ১৯৬৯ প্রথম মানুষ চাঁদে পদার্পণ করে। মহাকাশযানটি ছিল আমেরিকার অ্যাপোলো XI। প্রথম চাঁদে পদার্পনকারী মানুষের নাম ছিল নীল আর্মষ্ট্রং। আর্মষ্ট্রং এর সঙ্গের আরো এক মহাকাশচারী কিছু পরে চন্দ্রপৃষ্ঠে তাঁর সঙ্গী হন। কে ইনি ?

১০। এ পর্য্যন্ত মানুষের সৃষ্ট মহাকাশযানগুলির মধ্যে সর্বাধিক গতি যার ছিল সেটি ১৫ জানুয়ারি ১৯৭৬ উৎক্ষিপ্ত হয় আমেরিকা এবং জার্মানীর যুগ্ম প্রচেষ্টায়। গতি ছিল এর ঘণ্টায় ২৩৮,৮০০ কিলোমিটার। মহাকাশ যানটির নাম কি ছিল ?

১১। প্রথম মহিলা মহাকাশচারী কে ?

১২। আয়ন রকেট চলে আয়ন বিকিরণের মাধ্যমে এবং এই প্রক্রিয়ায় রকেট ১৬০,০০০ কিলোমিটার প্রতিঘণ্টায় অতিক্রম করতে সক্ষম। প্রথম আয়ন রকেট কোনটি ?

১৩। প্রথম মহাকাশযান বা প্রথম উপগ্রহ উৎক্ষিপ্ত হয় ৪ অক্টোবর ১৯৫৭ সালে। এই কৃতিত্ব রাশিয়ার। সফল এই উপগ্রহটির অফিসিয়াল নাম ছিল—"স্যাটেলাইট ১৯৫৭ আলফা—২"। এর সাধারণ নাম কি ছিল ?

১৪। এ পর্য্যন্ত কোন উপগ্রহ সূর্য্যের সবচেয়ে কাছাকাছি যেতে সক্ষম হয়েছে ?

১৫। মহাকাশে প্রথম পদাচারণার গৌরব কার ?

১৬। আকাশের উজ্জ্বলতম নক্ষত্রটিকে উত্তর গোলার্ধের শীতকালে ক্যানিস মেজর নক্ষত্রমণ্ডলীর মধ্যে দেখা যায়। নক্ষত্রটির ঔজ্জ্বল্য—১.৪৬। নক্ষত্রটির নাম কি ?

১৭। ব্ল্যাক হোল শব্দটি অনেকের জানা। কোন মৃত নক্ষত্র যখন আর আলো বিকীরণ করেনা বরং তার প্রচণ্ড ভরের জন্য মহাকাশের সবকিছুই সে শুষে নেয়, এমনকি আলোও, তখন সেই নক্ষত্রটিকে বলা হয় ব্ল্যাক হোল। শব্দটির প্রবক্তা কে ?

১৮। অ্যাপেলো—XI মহাকাশযানের মহাকাশচারীরা চাঁদের মাটির নমুনা প্রথম পৃথিবীতে আনেন। তার বিশ্লেষণ করে চাঁদের বয়স যত জানা গেছে সেটি কত ?

১৯। সূর্য্য হতে আমরা তাপ এবং আলো পাই, যা পৃথিবীর জীবনকে বাঁচিয়ে রেখেছে। সূর্য্যের অভ্যন্তরের তাপমাত্রা কত ?

২০। ১৮২৬ সালে অষ্ট্রিয়ার এক জ্যোতির্বিদ প্রথম একটি ধূমকেতুকে আকাশে লক্ষ্য করেন। তিনি হিসাব করে দেখেন আমাদেরই সৌরজগতের সদস্য এই ধূমকেতুটি প্রতি সাড়ে ছয় বছরে সূর্য্যকে প্রদক্ষিণ করছে। তাঁর হিসাব মতো ১৮৩২ এবং ১৮৩৯ সালে ধূমকেতুটিকে দেখাও যায়। কিন্তু ১৮৪৫ সালে আর

তাকে পূর্ণ অবস্থায় দেখা যায়নি, বদলে একটি যুগল ধূমকেতু দেখা যায়। ১৮৫৭ সালে এবং তার পরেও বহু অনুসন্ধান করলেও নির্দিষ্ট সময়ে ধূমকেতুটিকে আর কখনো দেখা যায়নি। কি নাম ছিল ধূমকেতুটির ?

২১। গত ১৯৮৫-৮৬ সালে হ্যালীর ধূমকেতুকে পৃথিবী থেকে দেখা গিয়েছিল। এটি আমাদের সৌরজগতেরই বাসিন্দা। এর পরে আবার কখন এই ধূমকেতুটি দেখা যাবে ?

২২। পর্য্যবেক্ষণের সুবিধার জন্য জ্যোর্তিবিদরা মাথার উপরের আকাশকে কতগুলো অঞ্চলে ভাগ করে দিয়েছেন। কতগুলো ?

২৩। নক্ষত্রের ঔজ্জ্বল্য বোঝাতে ম্যাগনিচ্যুড কথাটি ব্যাহৃত হয়। এবং এর সংখ্যাটি ঋণাত্মক। যেমন সূর্য্য এবং চন্দ্রের ম্যাগনিচ্যুড যথাক্রমে—১৬.৭ এবং —১১.২। প্রতি ম্যাগনিচ্যুড অর্থাৎ, এক ম্যাগনিচ্যুড এবং তার পরবর্তী ম্যাগনিচুডের অনুপাত কত ?

২৪। মহাকাশে দূরত্ব বোঝাতে আলোকবর্ষ শব্দটি ব্যবহৃত হয়। এর অর্থ সেকেণ্ডে ৩০০০০০ কি.মি. হিসাবে (আসলে সেকেণ্ডে ২৯৮০৩১.৮৩৫২ কিমি.) আলো এক বছরে যতটা দূরত্ব অতিক্রম করে। কিন্তু একক হিসাবে আলোকবর্ষ মোটেও যথেষ্ট নয়। এজন্য গুগল এবং গুগলপ্লেক্স নামে দুটি একক ব্যবহার করা হয়। গুগল এবং গুগলপ্লেক্স এর মান কত ?

২৫। কালার স্পেকট্রোস্কোপি বা, বর্ণালী বীক্ষণের সাহায্যে কোন নক্ষত্র বা মহাজাগতিক বস্তুর মধ্যে কি কি মৌলিক পদার্থ আছে, তা নির্ণয় করা যায়। এই বর্ণালী বীক্ষণ পদ্ধতির সঙ্গে আবিস্কারক হিসাবে জড়িয়ে আছে এক ভারতীয়ের নাম। কে এই পদার্থবিদ ভারতীয় ?

২৬। পৃথিবী পৃষ্ঠে কসমিক রে বা, মহাজাগতিক রশ্মি সব সময়ে বিকিরীত হয়, এ তত্ব ১৯১০ সালের আগে পর্য্যন্ত বিজ্ঞানীদের কাছে অজ্ঞাত ছিল। এখন জানা আছে—মহাকাশ থেকে যেসব পদার্থ পৃথিবীতে প্রবেশ করে তারা দু'রকম বিকিরণ ঘটায়—একটি ইলেকট্রণ বিকিরণ অপরটি তুলণামূলক ভাবে অনেক

ভারী মেসন কণার বিকিরণ। এই বিকিরণের হার সমুদ্র তলে প্রতিসেকেণ্ডে এক বর্গ সেন্টিমিটারের একটি রশ্মি। এর আবিস্কর্তা কে ?

২৭। বর্তমানে আমাদের সৌর পরিবারে দূরতম গ্রহ কে ?

২৮। ইউরেনাস গ্রহের যে বলয় আছে তা প্রথম জানা যায় ১৯৭৭ সালে। আবিস্কার করেন এক ভারতীয় জ্যোর্তিবিজ্ঞানী ভারতেরই কাভালুর মানমন্দির থেকে। কে এই বিজ্ঞানী ?

২৯। চাঁদে অবতরণ ছাড়াও এ পর্য্যন্ত দুটি গ্রহে মানুষের তৈরী মহাকাশযান নেমেছে। কোন কোন গ্রহে ?

৩০। অতিবিকিরণশীল জ্যোতিস্ককে বলা হয় সংক্ষেপে কোয়াসার। পুরো কথাটি কি ?

৩১। সব নক্ষত্র মৃত্যু হলে ব্ল্যাক হোলে রূপান্তরিত হয় না। কমপক্ষে ভর কত হলে সেটি ব্ল্যাক হোলে পরিণত হতে পারবে তা প্রথম গাণিতিক ভাবে কে হিসাব করেন ?

৩২। পারসেক কি ?

৩৩। ভারত ১৪ জুলাই, ১৯৬৪ সালে প্রথম মহাকাশ যুগে প্রবেশ করে। ওই সময় ভারতীয় বিজ্ঞানীদের দ্বারা উৎক্ষিপ্ত রকেটটির নাম কি ছিল ?

৩৪। সম্পূর্ণ ভারতীয় প্রচেষ্টায় তৈরী প্রথম রকেট কি ?

৩৫। থুম্বা ছাড়া ভারতে আর কোথায় রকেট উৎক্ষেপণ কেন্দ্র আছে ?

৩৬। ISRO সম্পূর্ণ শব্দটি কি ?

৩৭। গ্রীক গণিত এবং জ্যোতির্বিদ টলেমি কল্পনা করেছিলেন পৃথিবী এই মহাবিশ্বের কেন্দ্র, যাকে ঘিরে সূর্য্য, চন্দ্র, গ্রহ এবং তারকাগুলি আবর্তিত হচ্ছে। তাঁর এই মতামত কোন রচনায় পাওয়া যায় ?

৩৮। সূর্য্যকে কেন্দ্র করে গ্রহগুলি বৃত্তাকার পথে নয়, উপবৃত্তাকার পথে ঘোরে এ তত্ত্ব প্রথম কে আবিষ্কার করেন ?

৩৯। "ভয়েজার" মহাকাশ যান কোন কোন গ্রহের উদ্দেশ্য প্রাথমিক পর্বে যাত্রা করে ?

৪০। প্রথম মহাকাশে দুই মহাকাশযান মিলিত হয়ে যাত্রী বিনিময় করে কোন সালে ?

৪১। রেডিও অ্যাস্ট্রোনমি কি ?

৪২। পালসার প্রথম আবিষ্কৃত হয় ১৯৬৮ সালে কেমব্রিজে। কাদের বলা হয় পালসার ?

৪৩। মহাকাশ গবেষণায় পর্যাবেক্ষণের জন্য রিফ্লেকশন টেলিস্কোপ এবং পরে রিফ্র্যাকশন টেলিস্কোপ কাজে লাগানো হয়। কিন্তু বহু নক্ষত্র, নীহারিকা ইত্যাদি আছে, যাদের এই টেলিস্কোপে দেখা যায় না। এজন্য আধুনিক সংযোজন রেডিও টেলিস্কোপ। এর আবিস্কারক কে ?

৪৪। ধ্রুবতারা দেখে উত্তর দিক চেনা যায় মেঘমুক্ত রাত্রে। দক্ষিণ আকাশে এমন কোন নক্ষত্র বা নক্ষত্রমণ্ডলী আছে, যা দক্ষিণ দিক নির্দেশ করে ?

৪৫। মহাকাশ যাত্রার বাস্তব দিক নিয়ে প্রথম পথ প্রদর্শন এবং তরল জ্বালানীর রকেট ব্যবহারের প্রয়োজনীয়তার কথা কে প্রথম প্রকাশ করেন ?

৪৬। 'NASA' র পুরো কথাটি কি ?

৪৭। EON কি ?

৪৮। ভারতের প্রথম মহাকাশচারী কে ?

৪৯। ভালকান নামে একটি দশম গ্রহের অস্তিত্ব আমাদের সৌরজগতে আছে এরকম অতীতে দাবী কোন কোন জ্যোর্তিবিজ্ঞানী করেছেন। এই ভালকানের অবস্থান কোথায় ?

৫০। পৃথিবীর 'যমজ গ্রহ' কাকে বলা হয় ?

৫১। আমাদের সৌর জগতে বৃহত্তম গ্রহ বৃহস্পতি। ক্ষুদ্রতম গ্রহ কোনটি ?

৫২। ভারতে পজিশনাল অ্যাষ্ট্রনমি সেণ্টার কোথায় অবস্থিত।

৫৩। আমাদের সৌরজগতের গ্রহদের মধ্যে দ্বিতীয় বৃহত্তম সভ্য কোনটি ?

৫৪। আমাদের সৌরজগৎ যে গ্যালাক্সিতে অবস্থিত, তার নাম কি ?

ভূগোল-ভৌগলিক আবিষ্কার

১। জুল ভের্নের "অ্যারাউণ্ড দি ওয়ার্ল্ড ইন এইট্টি ডেইজ" অনেকেরই পড়া। কিন্তু বাস্তবে কে প্রথম পৃথিবী জলপথে প্রদক্ষিণ করেন, এবং কখন ?

২। বর্তমানে কিছু বিতর্ক উঠলেও এখনো এভারেষ্টই সর্বোচ্চ পর্বত শৃঙ্গ বলে বিবেচিত। এভারেষ্টের উচ্চতা কত ? এভারেষ্ট ছাড়াও আরো কতগুলি পর্বত শৃঙ্গ "আটহাজারী" শৃঙ্গের তালিকায় পড়ে ?

৩। আমেরিকা এবং কানাডা—এই দুই দেশের সীমান্ত জুড়ে আছে নায়াগ্রা জলপ্রপাত। এটি দুটি বিখ্যাত হ্রদকে যুক্ত করেছে। কোন কোন হ্রদ ?

৪। সবচেয়ে বড়ো গিরিখাত হিসাবে আমেরিকার অ্যারিজোনা প্রদেশের গ্র্যাণ্ড ক্যানিয়নের নাম সকলেরই জানা। কোন নদীর খাত এটি এবং কত বড়ো ? সবচেয়ে গভীর গিরিখাত কোথায় ? কোন নদীর খাত ?

৫। পৃথিবীর উচ্চতম পর্বত কোনটি ? না এভারেষ্ট নয়। এটুকু বলে দেওয়া যেতে পারে যে পর্বতটির অর্ধেকের বেশী অংশ সমুদ্রে নিমজ্জিত। কোথায় অবস্থিত এটি ?

৬। ভূমিকম্প এবং ধ্বংস ক্ষমতার সঙ্গে কম বেশী সবাই পরিচিত। এ পর্য্যন্ত সবচেয়ে মারাত্মক ভূমিকম্প কোথায় ঘটেছে এবং তার ফলে নিহতের পরিমাণ কত ছিল ?

৭। পৃথিবীর তিন ভাগ সমুদ্র এবং মহাসাগর-অর্থাৎ জল। এর মধ্যে সমুদ্রপৃষ্ঠ থেকে গভীরতম বিন্দু কতটা গভীর এবং কোথায় ?

৮। আইসবার্গ বা হিমশৈল ব্যাপারটা অনেকেরই জানা। মেরু অঞ্চল থেকে বিশাল বরফের চাঁই ভেঙে সমুদ্রে ভেসে আসে। এ পর্য্যন্ত জানা সবচেয়ে বড়ো হিমশৈল কখন, কোথায় দেখা গিয়েছিল ? তার আয়তন কত ছিল ?

৯। পৃথিবীর বৃহত্তম পেনিনসুলা কোনটি ?

১০। পৃথিবীর দীর্ঘতম হিমবাহ কোনটি ?

১১। পৃথিবীর সবচেয়ে চওড়া জল প্রপাত কোনটি ?

১২। উচ্চতম জল প্রপাত কোনটি ?

১৩। উচ্চতম হ্রদ কোনটি ? কত উচ্চতায় অবস্থিত ? পাহাড়ের উপরে মানস সরোবর বা রাক্ষসতাল—এই দুই বিখ্যাত হ্রদের নাম জানা। কিন্তু—উচ্চতম হ্রদ কোনটি ?

১৪। এরোলজি কি ?

১৫। অরোরা অষ্ট্রালিস কি ?

১৬। কেয়ার্ন (Cairn বা Carn) কাকে বলে ?

১৭। ১৪৭০ খ্রীষ্টপূর্বাব্দের ইজিয়ান সাগরে সান্তোরিনি বিস্ফোরনের পর সাম্প্রতিক কালে ১৮৮৩ খ্রীষ্টাব্দের ২৭ আগষ্ট সুমাত্রা এবং জাভার মধ্যবর্তী একটি দ্বীপে, সেটি আসলে ছিল সুপ্ত আগ্নেয়গিরি, প্রচণ্ডতম বিস্ফোরণ ঘটে, যাতে ৩৬, ৩৮০ জন মানুষ মারা যায় এবং যার তীব্রতা ছিল সবচেয়ে বড়ো হাইড্রোজেন বম্বের চেয়েও ২৬ গুণ বেশী। এর গর্জন মোট পৃথিবীর ১/১৩ অংশ জুড়ে শোনা গিয়েছিল। কি নাম ছিল এই দ্বীপটির ? ছাই ছড়িয়ে ছিল ৫০০০ কিমি দূর পর্য্যন্ত।

১৮। ডেল্টা বা বদ্বীপ ব্যাপারটা প্রাথমিক ভূগোলের ছাত্র-ছাত্রীদের কাছেও পরিচিত। যেমন সাগর দ্বীপ। এগুলি তৈরী হয় কোন এক বা একাধিক নদীর ধারা দ্বিধাবিভক্ত হয়ে সাগরে আলাদা ভাবে মিশলে মধ্যবর্ত্তী স্থানে পলি জমে। এইরকম বদ্বীপের মধ্যে পৃথিবীর বৃহত্তম বদ্বীপ কোনটি ?

১৯। ভাস্কো-ডা-গামা প্রথম সমুদ্র পথে 'সোনার দেশ' ভারতবর্ষ আসবার পথ আবিষ্কার করেন। কিন্তু কোন সময়ে ?

২০। ভূবিজ্ঞানীরা সাধারণতঃ কোন পাথরের বয়স নির্ণয় করেন সেখানে পাওয়া উদ্ভিদ বা প্রাণীর ফসিল দেখে। কার্বন—১৪ পদ্ধতিতে এইসব ফসিলের বয়স নির্ধারিত হয়েছে। যার জন্য কোন নির্দিষ্ট প্রাণী বা উদ্ভিদ কখন পৃথিবীতে ছিল, তা বৈজ্ঞানিকদের জানা। ফসিল সংক্রান্ত এই বিদ্যার নাম কি ?

২১। আগের প্রশ্নে আছে 'কার্বন—১৪ পদ্ধতি'। এই রেডিও কার্বন ডেটিং বলতে কি বোঝায় ?

২২। 'কণ্টিনেণ্টাল ড্রিফট' কথাটা কারো ক্ষেত্রে হয়তো ঠিক পরিচিত নয়। এই তত্ত্ব অনুয়ায়ী অল্প কথায় বলতে গেলে– বিজ্ঞানীরা মনে করেন পৃথিবীর মহাদেশগুলো বিভিন্ন 'টেকটনিক প্লেট' এবং উপর অবস্থিত। এই টেকটনিক প্লেটগুলি পৃথিবীর অন্তস্থ গলিত তরল ম্যাগমার উপরে অবস্থান করছে। ফলে পৃথিবীতে আহ্নিক গতির জন্য এই প্লেটগুলিরও নিজস্ব গতি আছে। ভূমিকম্প হয় যখন এইরকম একটা প্লেট অপর প্লেটকে ধাক্কা মারে।

বিজ্ঞানীরা এও মনে করেন—আজকের ভারতীয় উপমহাদেশ, আফ্রিকা, অস্ট্রেলিয়া, নিউজীল্যাণ্ড এবং কুমেরু মহাদেশ অতীতে একটি মাত্র মহাদেশ ছিল, যার অবস্থান ছিল বর্তমান দক্ষিণ মেরুতে। এই মহাদেশের নাম কি দেওয়া হয়েছে ? কণ্টিনেণ্টাল ড্রিফট তত্ত্বের প্রবক্তা কে ?

২৩। ভূ-বিজ্ঞানীরা পৃথিবীর সৃষ্টির সময় থেকে বর্তমান সময় পর্য্যন্ত কালকে কতকগুলি পর্বে ভাগ করেছেন, যার সংখ্যা চার। মোট সময়কে প্রোটরোজোয়িক, পেলিওজোয়িক, মেসোজোয়িক এবং কেনোজোয়িক এই চারটি পর্বে ভাগ করা হয়েছে। এই শেষ পর্ব অর্থাৎ, কেনোজোয়িক পর্বের বিশেষত্ব কি ? কত বছর আগে এই পর্বের শুরু ?

২৪। বাতাসের প্রবাহের ক্ষেত্রে 'ব্যাকিং' বলে একটি পরিভাষা আছে। কাকে ব্যাকিং বলা হয় ?

২৫। 'অ্যাপলটন লেয়ার, কি ?

২৬। সমুদ্রের ডুবুরীদের মধ্যে বেশী গভীরতায় যাঁরা কাজ করেন, তাঁদের ক্ষেত্রে অতিরিক্ত চাপে বেশী গভীরতায় কাজ করে দ্রুত উপরে উঠে এলে অনেক সময় রক্তে নাইট্রোজেন সঞ্চয়ের ফলে একটি রোগ দেখা দেয়, যা কখনো প্রাণঘাতী হয়ে ওঠে। কি নাম রোগটির ?

২৭। বাতাসের বা ঝড়ের তীব্রতা বোঝাতে সারা পৃথিবীতে নাবিক এবং অন্যান্যরা একটি বিশেষ পরিমাপ ব্যবস্থা ব্যবহার করেন, যাতে ০ থেকে ১২

পর্য্যন্ত তেরোটি ভাগে স্কেলটি বিভক্ত। বাতাসের বেগ ঘণ্টায় ১ কিলোমিটার পর্য্যন্ত হলে তা ০ এবং ১২০ কি. মি. বা তার বেশী হলে স্কেলে সেটি ১২ বলে বলা হয়। স্কেলটি এবং কি স্কেল কার আবিষ্কৃত ?

২৮। সুনামাই (Tsunamai) কি ?

২৯। পৃথিবী পৃষ্ঠের ৮০০ কি. মি দূর থেকে ৬৪,০০০ কি. মি পর্য্যন্ত তেজস্ক্রিয় একটি বন্ধনী পৃথিবীকে ঘিরে আছে। এটি সম্ভবতঃ পৃথিবীর চৌম্বক ক্ষেত্রে আবদ্ধ আয়নিত কণা দিয়ে ভরা। এই স্তরটির নাম কি ?

৩০। পৃথিবীর উচ্চতম আগ্নেয়গিরি কি ?

৩১। সমুদ্রের গভীরে অবস্থিত উচ্চতম পর্বত কোনটি ?

৩২। পৃথিবীর দীর্ঘতম নদীর নাম প্রায় যে কেউ বলে দিতে পারেন। কিন্তু পৃথিবীর সবচেয়ে কম দৈর্ঘ্যের নদীর নাম কি ? এটি কতটা লম্বা ?

৩৩। পৃথিবীর বৃহত্তম হ্রদ কোনটি ?

৩৪। পৃথিবীর হ্রদগুলির মধ্যে বৈচিত্রের দিক থেকে একটি হ্রদের তুলনা সে নিজেই। হ্রদটির উপরিতল সমুদ্র পৃষ্ঠ হতে ৩৯১ মি. (১,২৬৮ ফুট) নীচে অবস্থিত, যা কোথাও দেখা যায় না। দ্বিতীয়ত্ব ঃ এর জলের ঘণত্ব এতই বেশী যে সাঁতার না কেটেও কোন মানুষ অনায়াসে ভেসে থাকতে পারে। এছাড়া হ্রদটিতে একটি বিখ্যাত নদী এসে মিশেছে, যা কোন ধর্মীয় সম্প্রদায়ের কাছে পবিত্র বলে বিবেচিত। হ্রদটির নাম কি ? কোথায় অবস্থিত ? কোন নদীর কথা এখানে বলা হয়েছে ?

৩৫। বর্তমান সময় পর্য্যন্ত একজন মানুষই অক্সিজেন ছাড়া দু'বার এভারেষ্টের শীর্ষারোহণ করতে সক্ষম হয়েছেন এবং সম্পূর্ণ একক প্রচেষ্টায়। এ ছাড়াও তিনি ৮,০০০ মিটারের বেশী উচ্চতার সবচেয়ে বেশী শৃঙ্গে আরোহণ করেছেন। কে এই অভিযাত্রী ?

৩৬। প্রশান্ত মহাগরের একটি দ্বীপ খুব অদ্ভুত কারণে বিখ্যাত। দ্বীপটিতে ১২ মি. পর্য্যন্ত উচ্চতার প্রায় ৬০০ পাথরে কোঁদা প্রাচীন মূর্তি ছড়ানো আছে। কারা এর নির্মাতা, কোথা হতে এত বড়ো পাথর এল কিছুই আজ জানাবার উপায়

নেই। এরিক ফল ডানিকেন, এর সঙ্গে গ্রহান্তরের বুদ্ধিমান জীবদের (?) সম্পর্ক দেখাবার চেষ্টা করেছেন অদ্ভুত এ ঘটনার ব্যাখ্যা করতে। দ্বীপটির নাম কি?

৩৭। মিশরে অতীতের ফারাওদের কীর্তির পরিচায়ক এবং তাঁদের সমাধিস্তূপ হিসাবে পিরামিডের কথা সবারই জানা। এছাড়া দক্ষিণ আমেরিকার মায়া এবং ইনকা সভ্যতার (৩০০-১৪০০ খ্রীঃ) মধ্যেও পিরামিড দেখা যায়। কিন্তু এছাড়াও পৃথিবীর অনত্রও পিরামিডের সন্ধান পাওয়া গেছে। কোথায়?

৩৮। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপান ইংরেজের হাত থেকে আন্দামান এবং নিকোবর দ্বীপপুঞ্জ দখল করে। পরে তারা এই দ্বীপপুঞ্জ আজাদ হিন্দ ফৌজের হাতে সমর্পন করে। এই ঘটনার পর নেতাজী সুভাষচন্দ্র বসু এই দুটি দ্বীপপুঞ্জের নতুন নামকরণ করেছিলেন। কি নাম ছিল তখন?

৩৯। আফ্রিকার উত্তরতম বিন্দু সচরাচর 'কেপ ব্ল্যাঙ্ক' কেই বলা হয়, যার দ্রাঘিমাংশ ৩৭°২০'। কিন্তু এটি উত্তরতম প্রান্ত নয়। কোনটি উত্তরতম বিন্দু?

৪০। 'পৃথিবীর ছাদ' কোন অঞ্চলকে বলা হয়।

৪১। রাশিয়ার ঐতিহাসিক শহরগুলির মধ্যে অন্যতম বিখ্যাত শহর স্টালিনগ্রাদ। এর নাম আগে কি ছিল?

৪২। হান্স অ্যাণ্ডারসনের রূপকথা শৈশবে পড়েনি, এমন শিক্ষিত মানুষ সারা পৃথিবীতেই বিরল। তাঁর সৃষ্ট চরিত্র 'লিটল মারমেড'' বা জলকন্যা, যার উর্দ্ধাংশ মানবীর কিন্তু কোমরের নীচের অংশ মাছের মতো। এই লিটল মারমেডের ব্রোঞ্জ মূর্তি এ্যাণ্ডারসনের দেশে তার স্মৃতির উদ্দেশ্যে তৈরী করে সমুদ্রতীরে প্রতিষ্ঠা করা আছে। কোন দেশে?

৪৩। "নীশিথ সূর্য্যের দেশ" কাকে বলা হয়? এবং প্রচুর ফিয়র্ডে ভর্তি প্রকৃতির জন্যও দেশটি বিখ্যাত।

৪৪। দ্বিতীয় বিশ্বযুদ্ধের জন্য দায়ী বলতে একজন মাত্র মানুষের নাম করতে হলে একবাক্যে যার নাম উল্লিখিত হবে, তিনি হলেন অ্যাডলফ হিটলার। জার্মানীর তৎকালীন ফুয়েরার। জন্মসূত্রে তিনি কিন্তু জার্মান ছিলেন না। কোথায় তাঁর জন্মভূমি?

৪৫। পৃথিবীর সবচেয়ে প্রাচীন পর্বতমালাগুলির মধ্যে প্রাচীনতম ইউরোপের আল্পস পর্বতমালা। অল্পসের সর্বোচ্চ পর্বত শৃঙ্গের নাম কি? উচ্চতা কত? কোন দেশে অবস্থিত এটি?

৪৬। অষ্ট্রেলিয়াকে যেহেতু মহাদেশ হিসাবে গণ্য করা হয়, সুতরাং অষ্ট্রেলিয়াকে বাদ দিলে পৃথিবীর বৃহত্তম দ্বীপ কোনটি?

৪৭। বৃহত্তম প্রাকৃতিক সেতু কোনটি? কোথায় অবস্থিত?

৪৮। রবীন্দ্রনাথ লিখেছেন, "আমার বেদনার রঙে পান্না হল সবুজ"। পান্নার সবুজ রং কিসের উপস্থিতির জন্য হয়?

৪৯। প্রাকৃতিক চুম্বক পাথর আসলে কি?

৫০। কর্কক ক্রান্তি রেখা (Tropic of Cancer) থেকে আর্কটিক সার্কল পর্য্যন্ত উত্তরে এবং দক্ষিণ গোলার্ধে মকরক্রান্তি রেখা (Tropic of Capricorn) হতে অ্যাণ্টার্কটিক সার্কল—পৃথিবীর এই দুটি অঞ্চল ভৌগলিকভাবে কি নামে চিহ্নিত করা হয়? এ দুটি অঞ্চলের বিশেষত্ব কি?

৫১। ভূমিকম্প বা পৃথিবীর যে কোন ধরনের কম্পন নিয়ে যে বিষয় গড়ে উঠেছে তার নাম কি?

৫২। ট্রী লাইন কি?

৫৩। ভৌগলিক ভাবে কোন নদীর তীর বোঝাতে 'ট্রু লেফট ব্যাঙ্ক' বা 'ট্রু রাইট ব্যাঙ্ক' কথা দুটি ব্যবহৃত হয়। এগুলির অর্থ কি?

৫৪। পৃথিবীর বিভিন্ন স্থানে ঝড়ের বিভিন্ন নাম। পশ্চিম মধ্য আমেরিকায় যে তীব্র বিধ্বংসী ঘূর্ণি ঝড় দেখা যায়, তার নাম কি?

৫৫। ম্যাপের দুটি নির্দিষ্ট বিন্দুর মধ্যে দূরত্ব এবং ভূপৃষ্ঠে সেই স্থান দুটির দূরত্বকে কি বলা হয়?

৫৬। হীরাকে বাদ দিলে কেলাসিত খণিজ পদার্থের মধ্যে কোয়ার্টজ সবচেয়ে কঠিন। এর ঔজ্জ্বল্যও সুন্দর। কিছু ক্ষেত্রে অন্য ধাতব মৌল মিশলে অ্যামেথিষ্ট জাতীয় মূল্যবান রত্নও এ থেকে পাওয়া যায়। রাসায়নিক ভাবে খনিজটি কি?

৫৭। আবহাবিদরা বায়ুমণ্ডলীয় চাপ বোঝাতে কি একক ব্যবহার করেন?

৫৮। কোন মানুষ পৃথিবীতে দাঁড়িয়ে থাকাকালীন তার ঠিক উপরে মহাকাশের বিন্দুকে কি বলা হয় ?

৫৯। কোন ভূখণ্ডের সাধারণ চরিত্র এবং অন্যান্য ভূখণ্ডের সঙ্গে তুলনামূলক যে বিষয়, তার নাম কি ?

৬০। যদিও ১৬০৬ খ্রীষ্টাব্দে একটি ডাচ জাহাজ প্রথম অস্ট্রেলিয়া যায়, কিন্তু ১৬৪২-৪৩ খ্রীষ্টাব্দে প্রথম ডাচ নাবিক আবেল তাসমান তাসমানিয়া এবং নিউজীল্যাণ্ড দ্বীপপুঞ্জ আবিষ্কার করেন। এবং ১৭৪৪ খ্রীষ্টাব্দে অস্ট্রেলিয়ার উত্তর তীরভূমির কিছু অংশ আবিষ্কার করেন। কিন্তু অস্ট্রেলিয়া যে একটি মহাদেশ, তা আবিষ্কৃত হতে আরো একশ কুড়ি বছর কেটে যায়। এই আবিষ্কার কোন সময়ে হয় এবং কে আবিষ্কার করেন ?

৬১। ১৮৫৮ সালে লেক টাঙ্গানাইকা আবিষ্কৃত হয়। কে বা কারা এর আবিষ্কর্তা ?

৬২। ১৮৭০ খ্রীষ্টাব্দে আফ্রিকার জাম্বেজি নদী আবিষ্কৃত হয়। আবিষ্কর্তা পর্যটক মিশনারী ডেভিড লিভিংষ্টোন। কিন্তু তাঁর নাম অমর হয়ে আছে প্রায় একই সময়ে করা অন্য একটি আবিষ্কারে। কোন আবিষ্কার ?

৬৩। কঙ্গো অঞ্চলের যে দেশ এখন জাইরে নামে পরিচিত, তার আবিষ্কর্তা কে ?

৬৪। ১৮৯৩ খ্রীষ্টাব্দে ফ্রিৎজফ নানসেন নামের এক নরওয়েজিয়ান নাবিক প্রথম সুমেরু মহাসাগর অতিক্রম করে সুমেরু অঞ্চলে পৌঁছান। দীর্ঘ দু'বছর ধরে তিনি চেষ্টা করেন স্লেজে করে উত্তর মেরুতে পৌঁছাবার। কিন্তু তাঁর এই প্রচেষ্টা সফল হয়নি। পরে ১৯০৯ খ্রীষ্টাব্দে ৬ এপ্রিল আমেরিকান নেভির এক নাবিক উত্তর মেরুতে প্রথম পদার্পণের গৌরব অর্জন করেন। কে এই অভিযাত্রী ?

৬৫। এরোপ্লেন আবিষ্কার হবার পর একজন মার্কিন অভিযাত্রী প্রথম ১৯২৬ খ্রীষ্টাব্দে উত্তর মেরু এবং পরে ১৯২৯ খ্রীষ্টাব্দে দক্ষিণ মেরু এরোপ্লেনে অতিক্রম করেন। কে এই অভিযাত্রী ?

৬৬। স্পেনীয়দের দক্ষিণ আমেরিকা আবিষ্কার এবং সেখানে উপনিবেশ

স্থাপন ইতিহাসের এক কলঙ্কময় অধ্যায়। ১৫৩০ খ্রীষ্টাব্দে থেকে ১৫৩৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত দফায় দফায় সোনার লোভে এই অন্যায় আক্রমণ চলেছিল। কে এই ইতিহাসের নায়ক ?

৬৭। উত্তর মেরু আবিস্কারের প্রায় সঙ্গে সঙ্গেই ১৯১১ খ্রীষ্টাব্দের ১৪ ডিসেম্বর নরওয়ের অভিযাত্রী রোনাল্ড আমুণ্ডসেন দক্ষিণ মেরুতে পদার্পন করেন। প্রায় একই সময়ে, একমাস পরে একটি ব্রিটিশ অভিযাত্রীদলও দক্ষিণ মেরুতে পৌঁছাবার চেষ্টা করে সফল হয়। কিন্তু প্রতিকূল পরিবেশে ফেরবার পথে দলের সকলে মৃত্যুবরণ করেন। এই অভিযাত্রীদলের নেতা কে ছিলেন ?

৬৮। পোলোর ভারত, মধ্য এশিয়া, চীন ভ্রমণ বৃত্তান্ত ঐতিহাসিকদের কাছে এক মূল্যবান দলিল। যদিও দেশে ফিরে তাঁর ভ্রমণবৃত্তান্ত বর্ণনা করলে কেউ তা বিশ্বাস করেনি। কোন সময়ে এই পর্যটক ভারতবর্ষ এবং এবং চীন ভ্রমণ করেন ?

৬৯। প্রশান্ত মহাসাগরীয় দ্বীপ মৌনা কিয়া (১০,০৪২ মি.) ছাড়াও আরো একটি পর্বত এভারেষ্টের চেয়েও উঁচু। কোন পর্বত ?

৭০। পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাসাগর আটলাণ্টিক একটি অপেক্ষাকৃত ক্ষীণ প্রণালী দ্বারা ভূমধ্যসাগর এবং ব্ল্যাক সী'র সঙ্গে যুক্ত। কোন প্রণালী ?

৭১। পৃথিবীর সাগর এবং মহাসাগরগুলির মধ্যে কোনটির জল সবচেয়ে লবণাক্ত ? ডেড সী'র জল অত্যন্ত লবণাক্ত, প্রতি ১০০০ ভাগ জলে ১৯২ ভাগ, কিন্তু এর চেয়েও লবণাক্ত হ্রদ আছে, যার জলে প্রতি হাজার ভাগে ২০৩ ভাগ লবণ বর্তমান। কোন হ্রদ ?

৭২। উৎপত্তির দিক থেকে পৃথিবীর পর্বতগুলিকে তিনটি ভাগে ভাগ করা হয় ভলক্যানিক মাউণ্টেন (যেগুলি আগ্নেয়গিরির লাভা হতে সৃষ্ট), ফোল্ড মাউণ্টেন (পৃথিবীপৃষ্ঠের সঙ্কোচনের ফলে উদ্ভূত) এবং ব্লক মাউণ্টেন (দুটি টেক্‌টোনিক প্লেটের সংঘর্ষে প্লেট দুটির সংযোগ স্থলে উৎপন্ন)। হিমালয় পর্বতমালা কোন জাতীয় ?

৭৩। সাহারা মরুভূমি ছাড়াও আফ্রিকা মহাদেশে আরো দুটি মরুভূমি বর্তমান। কোন কোন মরুভূমি ?

৭৪। বাতাসের গতি এবং দিক নির্ণয় করা হয় কোন যন্ত্রের সাহায্যে ?

৭৫। ম্যাপে কোন স্থান সমুদ্রপৃষ্ঠ হতে কতটা উঁচুতে বা নীচে অবস্থিত, তা বোঝাতে এক ধরনের লাইন ব্যবহৃত হয়। কি নাম এই লাইনগুলির ?

৭৬। সাধারণতঃ যে সব অঞ্চলে বছরে ২৫০ মিলি মিটার বা তার কম বৃষ্টিপাত হয়, সেই অঞ্চলকে মরুভূমি হিসাবে গণ্য করা হয়। মরুভূমি দু'ধরনের হয়—উষ্ণ মরুভূমি, যেমন সাহারা ; এবং শীতল মরুভূমি। মধ্য এশিয়ার গোবি মরুভূমি কোন জাতীয় ?

৭৭। সমুদ্রের গভীরতা মাপতে বা মাছের ঝাঁকের অস্তিত্ব বুঝতে জাহাজ থেকে শব্দোত্তর তরঙ্গ পাঠিয়ে তা প্রতিফলিত হয়ে ফেরৎ এলে সময়ের পার্থক্য দিয়ে যাচাই করা হয়। কোন যন্ত্রের সাহায্যে এটি সম্পন্ন করা হয় ?

৭৮। পৃথিবীর উপরের বায়ুমণ্ডলীয় স্তরকে চারটি ভাগে ভাগ করা হয়—ষ্ট্যাটোস্ফিয়ার, ট্রপোস্ফিয়ার, আয়নোস্ফিয়ার ইত্যাদি। চতুর্থ এবং শেষ স্তরটি কি ?

৭৯। পৃথিবীর আকার, আয়তন, ওজন, বক্রতা - ইত্যাদি পরিমাপের জন্য গণিতের একটি বিশেষ শাখার সৃষ্টি হয়েছে। কি বলা হয় এই শাখাটিকে ?

৮০। সাহারা মরুভূমি থেকে পশ্চিম আফ্রিকার যে উষ্ণ, ধূলিময় বায়ু প্রবাহিত হয়, তার নাম কি ?

৮১। মেরু অঞ্চলের হিমবাহ হতে বড় বরফের খণ্ড ভেঙে গিয়ে সমুদ্রে ভেসে আসে যেগুলিকে বলা হয় আইসবার্গ বা হিমশৈল। এগুলির আকার কয়েকশো মিটার পর্য্যন্ত হয়ে থাকে এবং উচ্চতাও উল্লেখ করবার মতো। কিন্তু হিমশৈল সমুদ্র জলে ভাসমান অবস্থায় তার মোট উচ্চতার কতটা দৃষ্টিগোচর হয়, অর্থাৎ কতটা অংশ জলের উপরে থাকে ?

৮২। পৃথিবীর কিছু অঞ্চলে বসন্তের মাসগুলিতে সূর্য্য কখনো অস্ত যায় না। উত্তর গোলার্ধের নরওয়ে এমনই একটি দেশ। কোন অক্ষাংশ হতে এই ঘটনা ঘটে ?

৮৩। আজ থেকে ৬০ কোটী থেকে ২২ কোটী বছর আগে প্রথম পৃথিবীতে প্রাণের আর্বিভাব হয়। এই যুগটিকে কোন যুগ বলা হয় ?

৮৪। ম্যাপ বা চার্টের কোন অংশ পরিমাপের জন্য ব্যবহৃত যন্ত্রের নাম কি ?

৮৫। উত্তর আমেরিকায় বৃক্ষবিহীণ বিস্তীর্ণ লম্বা তৃণভূমিকে বলা হয় প্রেইরী। দক্ষিণ আমেরিকায় এই রকম অঞ্চলকে কি বলা হয় ?

৮৬। অমাবস্যা এবং পূর্ণিমার সময়ে, যখন সূর্য, চন্দ্র এবং পৃথিবী প্রায় এক সরলরেখায় আসে, তখন সবচেয়ে বড়ো জোয়ার এবং সবচেয়ে বেশী ভাটা দেখা যায়। এই জোয়ার ভাটার নাম কি ?

৮৭। পৃথিবীতে ক্ষুদ্রতম মহাদেশ কোনটি ?

৮৮। দক্ষিণ ভারতের পবিত্র নদী হিসাবে চিহ্নিত তুঙ্গভদ্রা দুটি নদীর মিলনে উদ্ভূত। কোন কোন নদী ?

৮৯। হিমালয়ের তৃতীয় উচ্চতম শৃঙ্গ কাঞ্চনজঙ্ঘা। কিন্তু এটির শিখর একটি নয়। কয়টি শিখর এর ?

৯০। সাতাশটি হিমবাহের জলে পুষ্ট গঙ্গা নদী। এর মূল ধারা ভাগীরথী কোন হিমবাহ থেকে উৎপন্ন ?

৯১। সাইলেণ্ট ভ্যালি কোথায় অবস্থিত ?

৯২। ভূ-বিজ্ঞানীদের মতে গঙ্গা এবং ব্রহ্মপুত্রের দ্বারা উৎপন্ন পৃথিবীর বৃহত্তম বদ্বীপ কিছু সময় অন্তর পার্শ্ব পরিবর্তন করে, ফলে কখনো পদ্মা, কখনো ভাগীরথী গঙ্গার মূল জলধারায় পরিণত হয়। এই ঘটনা কত বছর অন্তর ঘটে ?

৯৩। পৃথিবীর ব্যস্ততম রেলওয়ে কোনটি ?

৯৪। পৃথিবীর উচ্চতম রেলস্টেশন কি ?

৯৫। পৃথিবীর বৃহত্তম রেলষ্টেশন কোনটি ?

৯৬। চীনের প্রাচীর পৃথিবীর দীর্ঘতম প্রাচীর। এর দৈর্ঘ্য কত ?

৯৭। পৃথিবীর দীর্ঘতম টানেল কোনটি ?

৯৮। পৃথিবীর উচ্চতম বাঁধ কোনটি ?

৯৯। পৃথিবীর দীর্ঘতম ক্যানাল কোনটি ?

১০০। পৃথিবীর ব্যস্ততম সেতু কোনটি ?

১০১। পৃথিবীর বৃহত্তম স্টেডিয়াম কোনটি ?

১০২। পৃথিবীর শুষ্কতম অঞ্চল কোনটি ?

১০৩। রঙের নামে পৃথিবীতে চারটি সাগর আছে, যেমন –লোহিত সাগর বা রেড সী, কৃষ্ণ সাগর বা ব্ল্যাক সী, ইয়েলো সী ইত্যাদি। চতুর্থটি কি ? কোথায় অবস্থিত ?

১০৪। লক্ষ লক্ষ বছর ধরে মৃত প্রবালের দেহাবশেষ স্তূপীকৃত হয়ে সমুদ্রে প্রবাল দ্বীপ গড়ে ওঠে। পৃথিবীর সবচেয়ে বড়ো প্রবাল দ্বীপ কোনটি ?

১০৫। ডারউইন প্রাণী এবং উদ্ভিদের অভিব্যক্তি সম্পর্কে যেসব তথ্য সংগ্রহ করেছিলেন, তা প্রশান্ত মহাসাগরের একটি দ্বীপপুঞ্জ থেকে। কি নাম এই দ্বীপপুঞ্জের ?

১০৬। ইণ্টারন্যাশান্যাল ডেট লাইন কোথায় ?

১০৭। কোন তাপমাত্রা মানুষের কাছে বেশী গরম, আরবে ৩৭° না উত্তর রাশিয়ায় ২৭° ?

১০৮। কোন তাপমাত্রা মানুষের কাছে বেশী ঠাণ্ডা, প্যারিসে ৪° না লেলিন গ্রাদে ১০° ?

১০৯। ইংল্যাণ্ডের সর্বোচ্চ পর্বত শৃঙ্গ কোনটি ?

১১০। ব্লু মাউণ্টেন কোথায় অবস্থিত ?

১১১। আফ্রিকার যে দেশটি বর্তমানে জিম্বাওয়ে নামে পরিচিত, তা আগে কি নামে পরিচিত ছিল ?

১১২। তিব্বতের যে মূল জলধারায় ব্রহ্মপুত্র পুষ্ট, সেই নদীটির নাম কি ?

১১৩। উত্তমাশা অন্তরীপ আবিস্কারের ফলে ভারতবর্ষ ইউরোপীয় নাবিকদের পক্ষে খোঁজা সহজ হয়। কে এই অঞ্চল আবিস্কার করেন ?

১১৪। আমাদের দেশে মৌসুমী বায়ু কোন সমুদ্রের আবহাওয়া নিয়ন্ত্রণ করে ?

১১৫। সবচেয়ে বেশী বক্সাইট কোন দেশ উৎপন্ন করে ?

১১৬। মাওরী সম্প্রদায় কোন দেশের বাসিন্দা ?

১১৭। পল ওয়াগনারের তত্ত্ব অনুয়ায়ী ভূ-পৃষ্ঠ কয়টি টেকটোনিক প্লেট দিয়ে তৈরী ?

১১৮। আফ্রিকার জাম্বেজি নদীতে বাঁধ দেবার ফলে এক বিরাট কৃত্রিম হ্রদের সৃষ্টি হয়েছে, যেটি ২৮০ কিলোমিটার লম্বা। কি নাম এই হ্রদটির?

১১৯। জিম্বাওয়ে নামটির উৎপত্তি কোথা থেকে?

১২০। পর্বত সংক্রান্ত বিদ্যা কোন বিষয়ের অন্তর্গত?

১২১। পৃথিবীর বায়ুমণ্ডলের কোন স্তর মেঘ, ধূলোবালি এবং জলীয় বাষ্প হতে মুক্ত?

১২২। কেপ হর্ণ থেকে একই অক্ষাংশ বরাবর পশ্চিমে যাত্রা করলে নিকটতম স্থলভূমি কোনটি হবে?

১২৩। 'কেবুল নামজাও' মণিপুরের এই ন্যাশানাল পার্কের বিশেষত্ব কি?

১২৪। 'বৃন্দাবন গার্ডেন'—ভারতের কোথায় এই বিখ্যাত পার্কটি অবস্থিত?

১২৫। 'সো বাভাং' একটি হ্রদের নাম। কি নামে এই হ্রদটি আমাদের কাছে পরিচিত?

১২৬। পঞ্জাব নামের উৎপত্তি পাঁচটি নদী এই প্রদেশের মধ্যে দিয়ে প্রবাহিত বলে। কোন কোন নদী?

১২৭। সিন্ধু, ইরাবতী, ব্রহ্মপুত্র—এই তিনটি নদী কি হিসাবে একসাথে উচ্চারিত হয়?

১২৮। উপগ্রহ হতে পাওয়া তথ্যের ভিত্তিতে আমেরিকান ভূতাত্ত্বিকরা এভারেষ্টকে হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গ বলে মানতে রাজি নন। কোন পর্বতকে তাঁরা উচ্চতম বলে দাবী করেছেন?

১২৯। হিন্দুদের কোন তীর্থক্ষেত্রে যাত্রার জন্য লিপুলেখ পাস অতিক্রম করতে হয়?

১৩০। কলম্বাস কোন শহরের মানুষ ছিলেন?

১৩১। পৃথিবীর প্রায় যাবতীয় মরুভূমি একটি বিশেষ ভৌগলিক অক্ষাংশে অবস্থিত। কোন অংশে?

১৩২। আইল অব ম্যান কোথায় অবস্থিত?

জীব জগত

১। ভারতীয়, সিংহ সৌন্দর্য্যে আফ্রিকার সিংহের চেয়ে অনেক বেশী সুন্দর। তাছাড়া চতুষ্পদ পশুজগতেও সৌন্দর্য্যের দিক থেকে এর তুলনা পাওয়া কঠিন। কিন্তু ক্রম-অবলুপ্তির ফলে এই পশুটি ভারতের জাতীয় পশুর পদ হারিয়েছে। বর্তমানে ভারতের জাতীয় পশু রয়্যাল বেঙ্গল টাইগার। ভারতীয় সিংহের এই প্রজাতিতে ১৯৮২ সালের হিসাব অনুযায়ী সারা ভারতে মাত্র বিয়াল্লিশটি সদস্য টিকে আছে। কোন সময়ে বাঘ জাতীয় পশু হিসাবে গণ্য হয়? বর্তমানে একটি মাত্র অভয়ারণ্যে সিংহ দেখা যায়। কোথায়?

২। বিরলতম জাতের বানর কোনটি? কোথায় পাওয়া যায়?

৩। স্থলজ প্রাণীর উদ্ভব একজাতীয় মাছ থেকে। প্রাগৈতিহাসিক এই মাছটির ফসিল দেখে তার সুস্পষ্ট প্রমাণ বৈজ্ঞানিকরা পেয়েছেন। আজও এই জাতীয় কিছু মাছ সমুদ্রে দেখা যায়। কি নাম এই মাছের?

৪। বিরলতম স্তন্যপায়ী প্রাণী (প্রাইমেট) কোনটি?

৫। প্রাণীজগতের সবচেয়ে বিরাটকায় প্রাণী কোনটি?

৬। প্রাণীজগতে নবতম পর্ব আবিষ্কৃত হয় (৩৫ তম) ১৯৭৫ সালে ডেনমার্কে। আর. এম. ক্রিষ্টেনসেন এর আবিষ্কর্তা। কি নাম এই পর্বটির?

৭। টিয়া জাতীয় কথা বলা পাখীর মধ্যে একটি পাখী ১৯৬৫ থেকে ১৯৭৬ পর্য্যন্ত টানা বারো বছর সবচেয়ে ভালো এবং বেশী কথা বলা টিয়া জাতীয় পাখির প্রতিযোগিতায় প্রথম স্থান পেয়েছিল। তার শব্দ ভাণ্ডারের সঞ্চয় ছিল ১,০০০ শব্দ। পাখিটি কোন জাতীয়? তার ডাক নাম কি ছিল?

৮। বিষাক্ত মাকড়সা হিসাবে যার নাম মনে আসবে, সেটি হল ব্ল্যাক উইডো স্পাইডার। কিন্তু বিষাক্ততার দিক থেকে সবচেয়ে বিষাক্ত মাকরসাটি পাওয়া যায় ব্রাজিলে। কি নাম এটির?

৯। মানুষ বহুদিন থেকেই অন্যান্য পোষা জীবদের ভাষা শেখাবার চেষ্টা করে

আসছে। এ ব্যাপারে ডলফিনরা খুবই পারদর্শী। কিন্তু ভাষা শেখার ব্যাপারে উডসাইড গরিলা ফাউণ্ডেশনের একটি গরিলা এ যাবৎ সবাইকে ছাড়িয়ে গেছে। তার শব্দ ভাণ্ডারে ১০০০ টি শব্দ বর্তমান। যা সে বুঝতে এবং বোঝাতে পারে। কি নাম এই বুদ্ধিমান গরিলাটির?

১০। 'টেষ্ট টিউব বেবি' কথাটা হয়তো সবারই জানা। ১৯৭৮ সালে প্রথম টেস্টটিউব মানব শিশুর জন্ম। কিন্তু মানুষ বাদে অন্য কোনো স্তন্যপায়ী প্রাণীর ক্ষেত্রে 'টেস্ট টিউব বেবি' কখন প্রথম তৈরী হয়? কোন প্রাণীর ক্ষেত্রে? কোথায়?

১১। বিষাক্ততম সাপের উল্লেখ করলেই সবার মনে আসবে আফ্রিকার মাম্বা সাপ বা দক্ষিণ এশিয়ার কিং কোবরা সাপের কথা। কিন্তু এদুটির কোনটিই বিষাক্ততম সাপের কাছোকাছি নয়। তীব্রতার বিচারে কোন সাপ বিষাক্ততম?

১২। কুনো ব্যাংয়ের গোত্রে বৃহত্তম ব্যাঙ কি?

১৩। বৃহত্তম মাছ কি?

১৪। সবচেয়ে বেশী তড়িৎ উৎপাদনকারী মাছ কোনটি?

১৫। প্রজাপতি সংগ্রহের শখ অনেকেরই আছে। পৃথিবীর বিরলতম প্রজাপতি কোনটি।

১৬। কিছু প্রাণী বা উদ্ভিদের ক্ষেত্রে দেখা যায় তাদের জ্ঞাতি-গোষ্ঠীরা বহু লক্ষ বছর আগে পৃথিবী থেকে বিলুপ্ত হয়ে গেছে। কিন্তু তাদের একটি প্রজাতি আজো কোন কোন সীমাবদ্ধ অঞ্চলে বর্তমান। যেমন প্রাণীদের ক্ষেত্রে সীলাকান্থ; উদ্ভিদের ক্ষেত্রে গিংগো বাইলোবা। এদের কি বলা হয়?

১৭। তরল জীবাশ্ম বা লিকুইড ফসিল কি?

১৮। উত্তর পূর্ব ভারতের মিজোরাম, মেঘালয় এবং ব্রহ্মদেশে এক ধরনের পরাশ্রয়ী সপুষ্পক উদ্ভিদের দেখা পাওয়া যায়, যেগুলি কোন বিশেষ গাছের মূলের উপর জন্মায়। এর সমস্ত উদ্ভিদদেহ মাটির নীচে থাকে, শুধু ফুল ফুটলে তা মাটি ভেদ করে উপরে উঠে আসে। এর ফুল আকারে যাবতীয় শ্রেণীর ফুলের মধ্যে বৃহত্তম—ব্যাস প্রায় ৩.৭৫ মিটার পর্যন্ত হতে পারে। ফুলটির নাম কি?

১৯। বর্তমানে বিজ্ঞানের অতি গুরুত্বপূর্ণ শাখাগুলির একটি জেনেটিক্স, যার সূচনা ঊনবিংশ শতাব্দীর একেবারে শেষ ভাগে। যে মানুষটিকে ফাদার অফ জেনেটিক্স বা, জেনেটিক্স বিদ্যার জনক বলা হয়, তিনি কিন্তু তাঁর জীবিত কালে আদৌ তাঁর কাজের স্বীকৃতি পাননি! ব্যক্তিগত জীবনে ইনি ছিলেন পাদ্রী। কে এই মানুষটি?

২০। পঠন-পাঠনের সুবিধার জন্য প্রাণীজগৎ বা উদ্ভিদ জগৎকে কতগুলি প্রাথমিক ভাবে ভাগ করে নেওয়া হয়েছে, যেগুলি পরে শ্রেণী (class), গণ (genus), প্রজাতি (species) ইত্যাদিতে বিভক্ত হয়েছে। জীববিজ্ঞানের বা উদ্ভিদ বিজ্ঞানের এই শাখার নাম কি?

২১। বর্তমানে ঘোড়ার পায়ে একটি মাত্র আঙুল দেখা যায়, যেটি ক্ষুরে পরিণত হয়েছে। বহু আগে ঘোড়ার পায়ে কিন্তু চারটি আঙুল ছিল এবং আকারেও আজকের ঘোড়ার চেয়ে অনেক ছোট ছিল। ঘোড়ার এই পূর্বপুরুষের নাম কি?

২২। রক্ত পরীক্ষার ক্ষেত্রে টি. সি. এবং ডি. সি. কথা দুটি ব্যবহৃত হয়। পুরো কথা দুটি কি?

২৩। মানুষের দেহে বৃহত্তম হাড়টির নাম কি?

২৪। স্তন্যপায়ী প্রাণীদের মধ্যে জিরাফের গলা অস্বাভাবিক লম্বা। জিরাফের গলার হাড়ের (সারভাইক্যাল ভার্টিব্রা) সংখ্যা কত?

২৫। পাখিদের পূর্বপুরুষ কোন প্রাণীকে বলা হয়।

২৬। পৃথিবীর বৃহত্তম বনভূমি কোথায় অবস্থিত?

২৭। সবচেয়ে কত বেশী উচ্চতায় সপুষ্পক উদ্ভিদের খোঁজ পাওয়া গেছে?

২৮। কোন উদ্ভিদের পাতা সবচেয়ে লম্বা?

২৯। পাখিদের আচার-ব্যবহার, চরিত্র, জীবনযাত্রা নিয়ে যে বিজ্ঞান, তার নাম কি?

৩০। মানুষের দেহকোষে ২৩ জোড়া ক্রোমোজোম থাকে, যার এক জোড়া

যৌন ক্রোমোজোম বা সেক্স ক্রোমোজোম। বাকি ২২ জোড়া ক্রোমোজোমকে কি বলা হয় ?

৩১। কিছু উদ্ভিদ বা পতঙ্গ জাতীয় প্রাণীর ক্ষেত্রে কখনো যৌন মিলন ছাড়াই ভ্রূণ তৈরী হতে দেখা যায়। এই ঘটনাকে কি বলা হয় ?

৩২। বুদ্ধির বিচারে মানুষের ঠিক পরেই কোন প্রাণী সবচেয়ে বুদ্ধিমান ?

৩৩। গাছের কোন পাতা কেটে দেবার অল্প সময় পরেই যদি বিশেষ প্রক্রিয়ায় ছবি তোলা হয়, সেক্ষেত্রে ছবিতে দেখা যায় পাতাটি যেন গাছের সঙ্গে যুক্তই আছে। ঘটনাটিকে কি বলা হয় ?

৩৪। স্পেনে ষাঁড়ের লড়াইয়ে ম্যাটাডোর একটি লাল কাপড় দুলিয়ে ষাঁড়কে উত্তেজিত করে তোলে। এমনিতেও বলা হয় ষাঁড় লাল রঙ দেখলে ক্ষেপে যায়। এটি কি সত্যি ?

৩৫। তিমি এবং চিংড়িকে সচরাচর মাছ বলা হয়। বাস্তবিক এরা কি মাছ ?

৩৬। ম্যালেরিয়ার ওষুধ কুইনাইন তৈরি হয় কোন গাছ থেকে ? সমগ্র গাছ থেকেই কি কুইনাইন পাওয়া যায় ?

৩৭। সাধারণ ভাবে মানুষের ক্ষেত্রে এক প্রজন্ম কুড়ি বছরে ধরা হয়। ব্যাকটেরিয়ার ক্ষেত্রে এই সময়কাল সাধারণ ভাবে কত ?

৩৮। ব্যঙ্গ করে বলা হয় কুম্ভীরাশ্রু। অর্থাৎ কপট মানুষের বাহ্যিকভাবে কারো জন্য অন্তরে ব্যথা পাওয়া। কিন্তু সত্যি কি কুমীরের চোখ দিয়ে জল পড়ে ?

৩৯। মাছেরা কি জলপান করে ?

৪০। ছারপোকাদের ক্ষেত্রে শোনা যায় ওরা নাকি বহুদিন না খেতে পেলেও মরে না। এমনিতে শীতল রক্তের প্রাণীরাও শীত ঘুম দেবার সময় না খেয়ে থাকে। কিন্তু পতঙ্গ জাতীয় ছারপোকা কতদিন না খেয়ে বেঁচে থাকতে পারে ?

৪১। প্রাণীদের মধ্যে ইঁদুরেরা তাদের দাঁতকে সবচেয়ে বেশী কাজে লাগায়। সবসময় তারা কিছু কাটছে অথবা এমনিই দাঁতে দাঁত ঘষে চলছে কারণ ওদের কাটবার দাঁতের বৃদ্ধি খুব বেশি। এই বৃদ্ধির হার কিরকম ?

৪২। পাখি এবং সামুদ্রিক তিমি, ওয়ালরাস, সীল ইত্যাদি প্রাণীর পাকস্থলীতে প্রায় সব সময়েই পাথর পাওয়া যায়। পায়রাদের ক্ষেত্রেও পাথর খাওয়াতে হয়। এই সব প্রাণী পাথর খায় কেন ?

৪৩। বিভিন্ন পাখী বা নেকড়েদের ক্ষেত্রে দেখা যায় তাদের শিশুরা এমনি কোন স্বাভাবিক খাবার খায় না। তাদের মায়েরা খাবার খেয়ে সেই খাবার কিছুটা পাচিত হলে সেই অর্ধেক পাচিত হওয়া খাবার উগরে দিয়ে শিশুকে খাওয়ায়। কেন ?

৪৪। অন্ধকারে বিড়াল জাতীয় জীবের চোখ জ্বলে কেন ?

৪৫। খ্রীশ্চান ধর্মযাজক সেন্ট অ্যান্টনি, যিনি ত্রয়োদশ শতকের মধ্য থেকে চতুর্দশ শতকের মাঝামাঝি জীবিত ছিলেন, বিখ্যাত সেন্টদের একজন। তাঁর ছবি যেখানে দেখা যায়, সঙ্গে একটি প্রাণীকেও সেই ছবিতে সেন্ট অ্যান্টনির সঙ্গে দেখা যায় পোষা প্রাণীর মতো। এটি কি প্রাণী ?

৪৬। অ্যামেরিকায় এক সময় একটি পোষা ভালুকের নাম অনুযায়ী খেলনা দেখা যেত। আমেরিকার তৎকালীন প্রেসিডেণ্ট থিওডর রুজভেল্ট শিকার ভালোবাসতেন। একবার শিকারে গিয়ে একটি ভালুক ছানা ধরে আনেন। পোষা এই ভালুকটি বহু সংবাদের এবং গল্পের নায়ক। কি নাম ছিল এর ?

৪৭। এক জাতীয় পতঙ্গ আছে যারা অনেকটা ঝিঁঝির মতো ডানা কাঁপিয়ে শব্দ তুলতে পারে। এদের বিশেষত্ব হলো এরা জীবনচক্রের ১৭ বছর ঘুমিয়ে কাটায়, তারপর মাত্র পাঁচ সপ্তাহ জেগে থাকে। কোণ প্রাণী ?

৪৮। ১৮১৪ খ্রীষ্টাব্দে একটি দেশের স্বাধীনতা যুদ্ধে স্বাধীনতাকামী সৈনিকেরা যখন পরাজয়ের সম্মুখীন, তখন তাঁরা বহু গৃহপালিত পশুকে যুদ্ধ ক্ষেত্রে ছেড়ে দেন ; ফলে বিজেতারা তাদের পালিয়ে যেতে দিতে বাধ্য হন। এবং এর ফলে যুদ্ধের মোড় ঘুরে যায়। তিন বছর পর এই বিপ্লব সফল হয়। অর্থাৎ গৃহপালিত পশুরা একটি দেশের স্বাধীনতা অর্জনে সাহায্য করে। কোন দেশে এই যুদ্ধ ঘটেছিল ? কাদের বিরুদ্ধে ?

৪৯। এক সময়ে কোন দেশে সেখানকার রাজা তাঁর কোন সভাসদের হাত

থেকে নিস্কৃতি পেতে হলে একটা চালাকি করতেন। তিনি তাঁকে একটি সাদা হাতি উপহার দিতেন। সে দেশে নিয়ম ছিল সাদা হাতির অযত্ন চলবেনা এবং সবচেয়ে ভালো খাবার তাকে দিতে হবে। এই হাতি পোষা অসম্ভব খরচের ব্যাপার ছিল। উপহার নেবার ভয়ে সভাসদরা সভা ত্যাগ করে রাজাকে মুক্তি দিয়ে পালাতেন। কোন দেশে এই প্রথা চালু ছিল ?

৫০। সবচেয়ে বুদ্ধিমান পাখী হল কাক। এরা যে কোনও নতুন পরিবারের সঙ্গে মানিয়ে নিতে পারে খুব তাড়াতাড়ি যেখানে মানুষের বসতি আছে, সেখানে কাক থাকবেই। কিন্তু পৃথিবীতে এমন দেশও আছে, যেখানে মানুষের স্থায়ী বস-বাস থাকলেও কাক নেই। কোথায় ?

৫১। আমাদের দেশে পার্বত্য অঞ্চলে অ্যাকোনিটাম নামের একটি উদ্ভিদের কয়েকটি প্রজাতি পাওয়া যায়. যার প্রতেকটি অংশই সাংঘাতিক বিষাক্ত। বহু বিষাক্ত গাছের অ্যালক্যালয়েড হতে বেশ কিছু মুল্যবান ওষুধও তৈরী হয়। যেমন ফক্সগ্লোভ গাছ হতে পাওয়া হৃদরোগের ওষুধ ডিজিট্যালিস কিন্তু পৃথিবীর সব-চেয়ে বিষাক্ত গাছ কি ?

৫২। মারপিয়াল প্রাণীরা স্তন্যপায়ী হলেও এদের বেশ কিছু বিশেষত্ব আছে। যেমন ক্যাঙারুর বাচ্চা বইবার থলি। এরা সাধারণতঃ অস্ট্রেলিয়া, নিউজীল্যাণ্ড এবং নিউ গিণিতেই বর্তমান। এদের মধ্যে একটি গোষ্ঠী আছে. স্তন্যপায়ী প্রাণী হলেও ডিম পাড়ে। কারা ?

৪৩। প্রাণীজগত প্রোটিনের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পূর্ণ নির্ভরশীল উদ্ভিদ জগতের উপর। কোন উদ্ভিদ বাতাসের মুক্ত নাইট্রোজেন গ্রহণ করে প্রোটিন তৈরী করতে পারে ; যেমন অর্কিড। কিন্তু বাকিরা মাটি হতে নাইট্রেট লবণ করে প্রোটিন তৈরী করে। এছাড়াও কিছু জাতের উদ্ভিদ আছে, যারা প্রোটিনের জন্য প্রাণীদের উপর নির্ভরশীল। যাদের পতঙ্গভূক উদ্ভিদ বলা হয়। এরা পতঙ্গ তো খায়ই, কেউ কেউ ছোটখাটো পাখী বা অন্য প্রাণীকেও পেলে ছেড়ে দেয়না। যেমন কলসপত্রী উদ্ভিদ বা নেপেনথিস। এই রকম একটি পতঙ্গভুক উদ্ভিদ পতঙ্গ ধরার কাজে এমন একটি আঠা ব্যবহার করে, যা প্রকৃতির সবচেয়ে

জোরালো আঠার একটি। এটিকে তারা পাতায় মাখিয়ে রাখে। এটি পৃথিবীর বহু অঞ্চলেই পাওয়া যায়, পশ্চিমবঙ্গেও। কি নাম এটির ?

৫৪। ক্যাকটাস এবং ইউফর্বিয়া শ্রেণীর বেশ কিছু গাছ, মরু বা শুষ্ক অঞ্চলে জন্মায়। সেখানে বাষ্পমোচন রোধ করবার জন্য এদের পাতাগুলি কাঁটায় রূপান্তরিত হয়েছে, ফলে সালোক সংশ্লেষকারী অংশ হয়ে দাঁড়িয়েছে এদের কাণ্ড, যার রঙ সবুজ। এ জাতীয় রূপান্তরের নাম কি ?

৫৫। প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখবার জন্য প্রকৃতির কতরকম ব্যবস্থা আছে তা ভাবলে অবাক হতে হয়। যেমন পৃথিবীর উত্তর অঞ্চলের দেশগুলিতে নরওয়ে, সুইডেন এবং ফিনল্যাণ্ডের উত্তর অঞ্চলে ইঁদুর জাতীয় একরকম প্রাণী দেখা যায়। এদের বিশেষত্ব হলো—স্বভাবে এরা নিশাচর এবং যখন খাবার কোন অভাব থাকে না, তখন এরা নির্বিচারে বাড়তে থাকে। এভাবে একটা সময় কয়েক বছর অন্তর আসে, সাধারণতঃ এই সময়টা আসে চার বছর অন্তর, যখন এরা যথেষ্ট খাবার পায়না। তখন এরা দল বেঁধে দিন-রাত বিচার না করে, কোথাও না থেমে উত্তর দিকে চলতে শুরু করে কোন কাল্পনিক অঞ্চলের উদ্দেশ্যে, এবং অবশেষে সমুদ্রে বা অন্য জলে সবাই ডুবে মরে। কোন জীব ?

৫৬। যদিও বিজ্ঞানীদের ধারণা এপ-ম্যান (শিম্পাঞ্জী, ওরাং উটাং, গীবন এবং গরিলা) জাতীয় জীব থেকেই মানুষের উৎপত্তি, কিন্তু আজ পর্যন্ত এপ-ম্যান এবং মানুষের মধ্যবর্তী কোন প্রাণীর অস্তিত্ব আবিষ্কৃত হয়নি। প্রথম দু-পায়ে চলা মানুষের পূর্ব-পুরুষ কোন প্রাগৈতিহাসিক প্রাণীকে বলা হয় ?

৫৭। কোন উদ্ভিদ সবচেয়ে দ্রুত বৃদ্ধি পায় ?

৫৮। পৃথিবীর সবচেয়ে প্রাচীন গাছ কোনটি ? এটিকে ১৯৬০ সালে কেটে ফেলা হয়।

৫৯। প্রাণীদের মধ্যে উচ্চ লম্ফন এবং দীর্ঘ লম্ফনে চ্যাম্পিয়ন কোন কোন প্রাণী ?

৬০। সবচেয়ে অলশ প্রাণী কারা ? এরা এতই অলশ, যে এদের গায়ে

শ্যাওলা জন্মায় সহজেই। স্বভাবে নিশাচর এবং গাছের পাতা, ছাল, ফল ইত্যাদি খেয়ে বাঁচে।

৬১। গণ্ডারের শিং কি দিয়ে তৈরী ?

৬২। কোন স্তন্যপায়ী প্রাণীর পাখির মতো ডানা আছে ?

৬৩। প্রাণীজগতে একমাত্র উত্তর অ্যামেরিকার এক শ্রেণীর মাছেদের দেখা পাওয়া যায় যাদের পুরুষরা বাসা বানায় এবং বাচ্ছা ফুটে ব্যর না হওয়া পর্যন্ত বাসায় সেই ডিম পাহারা দেয়। কারা ?

৬৪। এক জাতের পাখির ডাক আসলে তার ডানার কম্পনের শব্দ। এদের ডানা সেকেণ্ডে ৯০ বার কাঁপে। কোন পাখী ?

৬৫। গাছের গর্তে বাসা বাঁধে অনেক পাখিই। কিন্তু আফ্রিকা এবং দক্ষিণ এশিয়ার এক জাতীয় পাখী ডিম পাড়বার পর পুরুষ পাখিটি ডিম এবং মা পাখীকে ভিতরে রেখে মাটি দিয়ে গর্তের মুখ বন্ধ করে দেয়। একটি ছোট ছিদ্রের মাধ্যমে পুরুষ পাখী স্ত্রী-পাখিকে খাওয়ায়। আক্রমনকারীর হাত থেকে ডিম বাঁচাতে ওরা এই পথ বার করেছে এবং ডিম না ফোটা পর্য্যন্ত গর্তের মুখ ওরা খোলেনা। কোন পাখি ?

৬৬। কলাগাছ আদৌ গাছ নয়, অর্থাৎ যেটা কাণ্ড মনে হয়, তা আদৌ কাণ্ড নয়। এটি কি ?

৬৭। দ্রুততম প্রাণী কি ?

৬৮। একটি প্রাণী, যার আবির্ভাব সম্পর্কে মুসলিম উপকথা বলে যে, সিংহের হাঁচি থেকে এর উৎপত্তি ; আবার চীনা উপকথা বলে সিংহিনী এবং বানরের মিলনের ফলে এর উৎপত্তি। কোন প্রাণী ?

৬৯। বিড়ালপরিবারের অর্থাৎ বিড়াল, বাঘ, সিংহ, চিতা, লেপার্ড, জাগুয়ার, পুমা ইত্যাদির চরিত্র প্রায় এক। কিন্তু এই পরিবারের একটি প্রাণী কিন্তু থাবায় নখ লুকিয়ে রাখতে পারেনা। কোন প্রাণী ?

৭০। ভারতে যেটিকে সচরাচর বাইসন বলা হয়, তা কিন্তু আদৌ বাইসন নয়। এটির আসল নাম কি ?

৭১। পৃথিবীতে দুটি জাতের প্রাণী আছে, যা শুধু বর্তমানে অস্ট্রেলিয়ার তাসমানিয়া দ্বীপেই পাওয়া যায়। কোন কোন প্রাণী ?

৭২। সাধারণতঃ মেরুদণ্ডী প্রাণীর পাকস্থলী একটি, কিন্তু তৃণভোজী প্রাণীরা এর ব্যতিক্রম। এদের কয়টি পাকস্থলী থাকে ?

৭৩। বাদুরদের মধ্যে একজাতের বাদুর শুধু মাছ ধরে খায়। আরো বিশেষত্ব এদের, অন্য বাদুরদের ক্ষেত্রে ডানা পায়ের গোড়ালী পর্যন্ত জোড়া, কিন্তু এদের থাকে হাঁটু পর্যন্ত। কোন বাদুর ?

৭৪। বৃহত্তম স্তন্যপায়ী প্রাণী তিমি। কিন্তু ক্ষুদ্রতম স্তন্যপায়ী কি ?

৭৫। বানরের লেজ সাধারণতঃ ভারসাম্য বজায় রাখার কাজ করে। কিন্তু এক জাতের বানর তার লেজকে হাতের মতো কাজে লাগায়, এমনকি হাত-পা ছেড়ে শুধু লেজে ডাল আঁকড়ে দোল খেতে পারে। কোন জাতের বানর ?

৭৬। আমাদের দুধের প্রয়োজন মেটাবার জন্য গরু, মোষ, ছাগল ইত্যাদি পালন করা হয়। পিঁপড়েরাও এই রকম 'গরু' পোষে, যাদের কাছ থেকে ওরা প্রয়োজনে মধুর মতো 'দুধ' সংগ্রহ করে নেয়। কোন প্রাণী পিঁপড়েদের 'গরু' ?

৭৭। কোকো (Cocoa) কথাটা ভুল উচ্চারণের ফলে Cacao শব্দের থেকে উৎপন্ন হয়েছে। পানীয় হিসাবে চা এবং কফির মতোই কোকোকেও ব্যবহার করা হয়। এই কোকো অ্যাজটেক এবং মায়া সভ্যতার মানুষরা আরো এক কাজে ব্যবহার করত। কোন কাজে ?

৭৯। ক্রান্তীয় অঞ্চলের কোন গাছ 'ট্রপিক্যাল জুয়েল' নামে পরিচিত ?

৮০। ফুলের বৈচিত্রের জন্য পুষ্পানুরাগীদের মধ্যে এবং পরাগমিলনে বিশেষত্বের জন্য উদ্ভিদ বিজ্ঞানীদের কাছে অর্কিড একটি দারুন আকর্ষণীয় গাছ। এরা মেরু অঞ্চলের আলাস্কা থেকে ক্রান্তীয় এবং নিরক্ষীয় অঞ্চল পর্যন্ত বিভিন্ন প্রজাতিতে ছড়িয়ে আছে. যাদের কেউ জন্মায় মাটিতে, কেউ গাছের ডালের উপর, কেউ বা মৃত প্রবালের উপর। অর্কিডের এ পর্যন্ত জানা প্রজাতির সংখ্যা কত ?

৮১। মেক্সিকোয় এক ধরনের গুল্ম পাওয়া যায়, যাদের বীজ শুঁটির মধ্যে

হয় বীনের মতোই। এদের নাম 'জাম্পিং' বীন। সত্যিই রোদে রাখলে বা হাতে চেপে ধরে কিছুটা শরীরের উষ্ণতা দিলে বীজগুলি লাফিয়ে যায়। কেন ?

৮২। বাইবেলের জেনেসিসে উল্লেখ করা 'স্কারলেট' বা রক্ত লাল রং তৈরী হতো একজাতীয় গাছের পাতার রসের সঙ্গে ফটকিরি মিশিয়ে। এই রং কাপড় রাঙাতে ব্যবহৃত হতো এবং বেশ স্থায়ীও ছিল। কোন গাছ থেকে এই রং তৈরী হতো ?

৮৩। একজাতের পিঁপড়ে দক্ষিণ আমেরিকায় দেখা যায়, যারা সত্যিই কম্পোষ্ট সার তৈরী করে ছত্রাক জন্মানোর জন্য। এই ছত্রাক এদের খাদ্য। কোন পিঁপড়ে ?

৮৪। হাতি হল স্থলে বাস করা স্তন্যপায়ী প্রাণীদের মধ্যে বৃহত্তম। এদের শুধু মাত্র আফ্রিকা এবং এশিয়া মহাদেশেই দেখা যায়। অন্য কোথাও দেখা যায় না। এই দুই মহাদেশের হাতি কি একই প্রজাতির ?

৮৫। আল্পস এবং হিমালয়ে এক জাতের প্রাণী পাওয়া যায়, চরিত্রে যারা হরিণ এবং ছাগলের কাছাকাছি, মাথায় শিং আছে। প্রাণীজগতে এরাই সবচেয়ে ভালো পর্বতারোহী এবং বাস করে তুষার অঞ্চলে, যে জন্য এদের তুষার-ছাগও বলা হয়। এরা দীর্ঘ লম্ফনে আফ্রিকার ইম্পালাকেও সময়ে এবং প্রয়োজনে হার মানাতে পারে, প্রচণ্ড উচ্চতাতেও ১২ মিটার পর্য্যন্ত দূরে লাফাতে পারে। কোন প্রাণী এরা ?

৮৬। যে কোন ভাল ইংরাজী অভিধান বা শব্দকোষে প্রথম শব্দ যেটি থাকে তা হল 'Aard-vark'। এটি একটি আফ্রিকান শব্দ, যার অর্থ মাটির শুকর। এরা পিপীলিকাভুক। এদের মুখের সামনের অংশ শুয়োরের মতো, মাটি খুঁড়ে কীট-পতঙ্গ বার করবার জন্য, কান গাধার কানের মতো, শক্তিশালী লেজ আছে এবং ধারাল নখ যুক্ত থাবা আছে। এরা কোন শ্রেণীর প্রাণী ?

৮৭। কোন নির্দিষ্ট কাপড়ের কোটকে বলা হয় আলপাকার কোট। এই আলপাকা আসলে কি ?

৮৮। বানরের মাংস খেতে যে কোন মাংশাসী জীবই পছন্দ করে। কিন্তু একজাতের বাঁদর ক্রুদ্ধ হলে সিংহও তাকে এড়িয়ে চলে। কোন জাতীয় বানর ?

৮৯। কোন জাতের পতঙ্গ সবচেয়ে মূল্যবান ?

৯০। পাখীদের চোখ মাথার দু পাশে থাকে, কিন্তু এক জাতীয় পাখীর চোখ মানুষের মতো মাথার সামনের দিকে এবং পাশাপাশি অবস্থিত, ফলে কোন বস্তুকে তার ত্রিমাত্রিক আকারেই দেখতে পায়। কোন পাখী ?

৯১। ডিঙ্গো কি ?

৯২। পৃথিবীর বৃহত্তম জীবিত পাখি কি ?

৯৩। ইনসেক্ট বা পতঙ্গদের সংখ্যা প্রায় ত্রিশ লক্ষ, যদিও মাত্র পাঁচলক্ষের পূর্ণ পরিচয় আজ পর্য্যন্ত জানা গেছে। পতঙ্গদের শ্রেণী বিভাগ, অভিব্যক্তি ইত্যাদি নিয়ে সম্পূর্ণ পৃথক একটি বিভাগই এজন্য গড়ে তোলা হয়েছে। বিভাগটির নাম কি ?

৯৪। চার জাতের মধ্যে এপ বা নরবানর গোষ্ঠীর একটি প্রজাতি আকারে সবচেয়ে ছোট হলেও এরাই একমাত্র প্রায় মানুষের মতোই সম্পূর্ণ সোজা হয়ে দু পায়ে চলাফেরা করতে পারে। কোন প্রজাতি ?

৯৫। পূর্ব এবং দক্ষিণ আফ্রিকার এক জাতীয় অ্যাণ্টিলোপ আকারে অন্যদের চেয়ে একেবারে আলাদা। এদের মাথা এবং শিং সম্পূর্ণ মহিষের মতো। কোন অ্যাণ্টিলোপ ?

৯৬। 'ক্রিকেট' বলতে খেলা ছাড়াও এক ধরণের প্রাণীকে বোঝায়। কোন প্রাণী ?

৯৭। শীতঘুম সাধারণতঃ শীতল রক্তের প্রাণীদের মধ্যেই দেখা যায়। কিন্তু উন্নততম শ্রেণীর স্তন্যপায়ীদেরও একটি বিশেষ গোষ্ঠী শীত ঘুম দেয়। কারা ?

৯৮। কিছু গোষ্ঠীর স্তন্যপায়ী প্রাণীর বাচ্চা জন্মায় অপরিণত অবস্থায়। এই বাচ্চাকে পরিণত হওয়া পর্য্যন্ত সব সময়ে সঙ্গে বহণ করবার জন্য এদের দেহে পেটের কাছে বিশেষ থলি থাকে। এই গোষ্ঠীগুলির প্রাণীদের কি বলা হয় ?

৯৯। 'জায়াণ্ট পাণ্ডা' এখন শুধুমাত্র চীনদেশেই পাওয়া যায়। ভালুকের মতো দেখতে এই প্রাণীটি সহজে অন্য প্রাণীর মুখোমুখি হয়না। বাস করে গভীর বাঁশ বনে, খায় বাঁশের পাতা এবং কচি বাঁশ। এদের দেহের সাদাকালোয়

মেশানো ঘন ফারের লোভে মানুষ এদের প্রায় শেষ করে এনেছে। এরা কোন শ্রেণীর প্রাণী ?

১০০। উচ্চ রক্তচাপের চিকিৎসায় ব্যবহৃত দুটি অ্যালক্যালয়েড (নাইট্রোজেন ঘটিত উদ্ভিদ থেকে পাওয়া যৌগ) রাওলফিন এবং রেসারপিন একই উদ্ভিদ থেকে পাওয়া যায়। উদ্ভিদটির নাম কি ?

১০১। উটের কুঁজের প্রয়োজনীয়তা নিয়ে বহু বিতর্কের সূত্রপাত হয়েছে অতীতে। কেউ বলেছেন উট কুঁজে জল সঞ্চয় করে ; কেউ বলেছেন উট জল সঞ্চয় করে তার পাকস্থলীতে, কুঁজে চর্বি সঞ্চয় করে। দেখা যায় উট পঁয়তাল্লিশ দিন পর্য্যন্ত জল না খেয়ে বাঁচে। এবং উষ্ণ মরুভূমিতে দেহ যাতে গরম না হয়, তাই সারা দেহে ত্বকের নীচে চর্বি না জমিয়ে পিঠে আলগা কুঁজ হিসাবে চর্বি সঞ্চিত রাখে। কিন্তু উঠ জল পায় কোথায়, তার দীর্ঘ মরুযাত্রায় ?

১০২। ভারতের জাতীয় পাখি কি ?

১০৩। পৃথিবী জুড়ে **AIDS** রোগ নিয়ে হৈ চৈ চলছে। এই রোগটি ক্যান্সারের মতোই মারাত্মক। যার কোন চিকিৎসা নেই এবং এই রোগে মৃত্যু অবশ্যম্ভাবী। রোগটির পুরো নাম কি ? কি জাতীয় জীবাণু এর জন্য দায়ী ?

১০৪। কোন পাখি পিছন দিকে উড়তে পারে ?

১০৫। গ্রেট ব্রিটেনে মাত্র এক জাতীয় বিষধর সাপ পাওয়া যায়। কোন সাপ ?

১০৬। সরীসৃপদের মধ্যে একমাত্র বিষধর সরীসৃপটির দেখা পাওয়া যায় মেক্সিকোতে। কোন সরীসৃপ ?

১০৭। কাঁকড়া গোষ্ঠীর বৃহত্তম সভ্যটি কে ?

১০৮। জেট প্রপালশন পদ্ধতিতে কোন প্রাণী চলাফেরা করে ?

১০৯। কাজু বাদাম গাছ ভারতে কারা আমদানী করেছিল ?

১১০। কুমীর এবং ঘড়িয়ালের মধ্যে পার্থক্য কিভাবে সহজে বোঝা যায় ?

বিজ্ঞান-বিজ্ঞানী-আবিষ্কার

১। প্রথম যুদ্ধক্ষেত্রে ট্যাংকের ব্যবহার কখন কাদের দ্বারা হয়েছিল ?

২। অক্টোবর ১৮৬১ সালে প্রথম যোগাযোগ ব্যবস্থার জন্য টেলিগ্রাম ব্যবস্থা প্রচলিত হয় আমেরিকায়। তার আগে ১৮৬০ এপ্রিল থেকে এই দেড় বছর দ্রুততম ডাক ব্যবস্থা আমেরিকায় কি ছিল ?

৩। প্রথম সী-প্লেন সমুদ্র থেকে আকাশে ওড়ে ১৯১০ সালের ২৮ মার্চ ফ্রান্সের মার্সাই তে। কে এর আবিষ্কর্তা ?

৪। পরীক্ষাগারে বুনসেন গ্যাস বার্ণার ব্যবহৃত হয় যা জার্মান বৈজ্ঞানিক রবার্ট বুনসেনের আবিষ্কার। উনবিংশ শতাব্দীর (১৮১১-৯৯) এই বৈজ্ঞানিক কিন্তু দুটি মৌলের আবিষ্কারক হিসাবেই বেশী বিখ্যাত। কি কি মৌল ?

৫। লেসার (LASER) শব্দটির উৎপত্তি কোথা থেকে ?

৬। অতিরিক্ত নীচু তাপমাত্রায় -১৫° থেকে চরম শূন্য বা—২৭৩·১৫°) বস্তুর ধর্ম ইত্যাদি নিয়ে বিজ্ঞানের যে শাখা গড়ে উঠেছে, সেটির নাম কি ?

৭। মাদাম মেরী স্কোলদোওস্কা কুরী এবং তাঁর স্বামী পিয়েরে কুরী বিখ্যাত রেডিয়াম নামের তেজস্ক্রিয় মৌল আবিষ্কারের জন্য। কিন্তু রেডিয়ামের আগে অন্য একটি মৌল তাঁরা পিচব্লেণ্ড থেকে আবিষ্কার করেন। কোন মৌল ?

৮। যদিও আধুনিক কালে ক্যাথোড-রে টিউব আবিষ্কার হওয়ার পর টেলিভিশনের অনেক উন্নতি হয়েছে, কিন্তু মূল টেলিভিশন আবিষ্কৃত হয় ১৯২৮ খ্রীষ্টাব্দে। কে এর আবিষ্কর্তা ?

৯। যদিও চলচ্চিত্র বা মোশান পিকচার কোন একক চেষ্টায় গড়ে ওঠেনি, তবু এ জাতীয় প্রচেষ্টায় প্রথম সাফল্য আসে ১৮৮৯ খ্রীষ্টাব্দে। ছবিটি ছিল লণ্ডনের কর্মব্যস্ত জনপথের চলমান মানুষ এবং যানবাহনের। কে এর নির্মাতা ?

১০। মানুষ এবং যন্ত্রের যোগযোগ এবং নিয়ন্ত্রণকে কেন্দ্র করে গড়ে উঠেছে বিজ্ঞানের নতুন একটি শাখা। এর ফলে মস্তিষ্কের প্রতিবর্ত ক্রিয়া ভারসাম্য বজায়

রাখা, ইত্যাদি কাজের বাস্তব প্রয়োগ সম্ভব হচ্ছে ইলেকট্রনিক কাম্পিউটার বা রোবটের মধ্যে। এই শাখার নাম কি ?

১১। মাইকেল ফ্যারাডে প্রথম পরীক্ষামূলক ভাবে প্রমাণিত করেন যে তড়িৎ এবং চুম্বকের মধ্যে পারস্পরিক সম্পর্ক আছে। এর উপর গড়ে উঠেছে ইলেকট্রোম্যাগনেটিক থিওরী। এর দ্বারা বোঝানো হয়েছে এই তড়িৎচুম্বকীয় তরঙ্গ ধর্মে আলোর সমগোত্রীয় এবং এর গতিও আলোর সমান, যার উপর ভিত্তি করে পরে আইনষ্টাইনের আপেক্ষিক তত্ত্ব গড়ে ওঠে। এই ইলেকট্রোম্যাগনেটিক ওয়েভ তত্ত্বের আবিষ্কর্তা কে ?

১২। পরমাণুর বিভিন্ন কণিকার (ইলেকট্রন, প্রোটন, নিউট্রন, পজিট্রন জেটা, আপসিলন ইত্যাদির মধ্যে একটির নাম একজন ভারতীর বিজ্ঞানীর নামে, বোসন। কে এই পদার্থবিদ ?

১৩। ভারতীয় হিসাবে আমাদের জানা যে ১৯৬৮ সালে শরীরতত্ত্ব এবং চিকিৎসা বিজ্ঞানের নোবেল পুরস্কার পেয়েছিলেন হরগোবিন্দ খোরানা। তাঁর আবিষ্কারের বিষয় ছিল জেনেটিক কোড অর্থাৎ অ্যামিনো অ্যাসিডের চার রকম নাইট্রোজেন ঘটিত ক্ষারকের যে কোন সজ্জায় প্রতি তিনটি কোন অ্যামিনো অ্যাসিড তৈরী করে, যা ট্রিপলেট কোডন নামে বিখ্যাত হয়েছে। কিন্তু এই পুরস্কার ডঃ খোরানা একা পাননি, পেয়েছিলেন আরো দুই বৈজ্ঞানিকের সঙ্গে যুগ্ম ভাবে। কে তাঁরা ?

১৪। 'কাল ছিল ডাল খালি। আজ ফুল যায় ভরে। বল দেখি তুই মালী, হয় সে কেমন করে ?' রবীন্দ্রনাথের সহজ পাঠে শিশুর এ জিজ্ঞাসা আজও বিজ্ঞানীদের কাছেও রহস্য-কিভাবে গাছে ফুল ফোটে। উদ্ভিদ শরীর-তত্ত্ববিদরা ফ্লোরিজেন নামে কাল্পনিক একটা হরমোনকে এজন্য দায়ী করেন। কিন্তু এমন কোন পদার্থের অস্তিত্ব উদ্ভিদে পাওয়া যায় না। তবে একটি জৈব রাসায়নিক পদার্থ জানা আছে, যেটি সাধারণ আলো এবং অবলোহিত আলোয় চরিত্র পরিবর্তন করে এবং গাছে ফুল ফোটার সঙ্গে এই পদার্থটির অতি ঘনিষ্ঠ যোগ আছে। পদার্থটি কি ?

১৫। বিজ্ঞান ভাগ্যকে স্বীকার না করলেও অনেক বিজ্ঞানীই ভাগ্যকে উড়িয়ে দিতে পারবেন না। বিজ্ঞানের বহু আবিষ্কার এসেছে হঠাৎ, হয় দুর্ঘটনা-ক্রমে, যেমন পেনিসিলিন, স্যাকারিন, বেকালাইট; এক পদার্থ খুঁজতে গিয়ে অন্য কিছু পেয়ে যাওয়া। অথবা কখনো স্বপ্নে, যেমন কার্বন পরমাণুর গঠন। এই রকম একটি যুগান্তকারী আবিষ্কার সম্বন্ধে বলা হয় জে. ডি. ওয়াটসন এটি স্বপ্নে পেয়েছিলেন। ওয়াটসনের সঙ্গে এফ. এইচ. সি. ক্রিক এবং উইলিয়ামস এই আবিষ্কারের জন্য চিকিৎসা বিজ্ঞানে ১৯৬২ সালে নোবেল পুরস্কার পান। কি ছিল তাঁদের আবিষ্কার, যাকে ভিত্তি করে মলিক্যুলার জেনেটিক্স গড়ে উঠেছে এবং পরিব্যাপ্তি, অভিব্যক্তি, বংশগতি ইত্যাদির সুষ্ঠু ব্যাখ্যা যার ফলে সম্ভব হয়েছে?

১৬। সাধারণতঃ দুটি সমসংস্থ জীন দুটি সমসংস্থ ক্রোমোজোমের একই লোকাস বা অঞ্চলে থাকবেই এবং এদের স্থান সব সময়ে নির্দিষ্ট। কিন্তু কখনো জীনগুলি স্থান পরিবর্তনও করে, যার উপর ভিত্তি করে গড়ে উঠেছে জাম্পিং জীন তত্ত্ব। এর আবিষ্কর্তা কে?

১৭। এখন পরমানুর বহু আদি কণার সন্ধান পাওয়া গেছে ইলেকট্রন, প্রোটন, নিউট্রন ছাড়াও। কিন্তু পরমানু যে বিভিন্ন আদি কণা দিয়ে তৈরী, তার গঠন আমাদের সৌর জগতের মতোই এবং এর আয়তনের বেশীর ভাগ অংশই শূণ্য —পরমানুর এই গঠন কার আবিস্কার?

১৮। বিখ্যাত এক পরমানুবিদের নামে ভারতের পরমাণু গবেষণা কেন্দ্র তৈরী হয়েছে ট্রম্বেতে। কে এই বিজ্ঞানী?

১৯। পাস্তুরাইজেশন কি?

২০। মেঘে যে বিদ্যুৎ সৃষ্টি হয়, তা আবিস্কৃত হয় মেঘলা দিনে এক বৈজ্ঞানিকের ঘুড়ি ওড়ানোর ফলে। কে ইনি?

২১। ফোটোগ্রাফির জনক হিসাবে তিনজনের নাম করা হয়। কোন তিনজনের?

২২। সালোক সংশ্লেষের ফলে উদ্ভিদ থেকে অক্সিজেন নির্গত হয়। এই অক্সিজেনের উৎস কি?

২৩। শরীরে উপযুক্ত পরিমাণ ইনসুলিন তৈরী না হলে যকৃতে সঞ্চিত গ্লাইকোজেন ভেঙে গিয়ে গ্লুকোজ বার হয়ে আসে এবং অতিরিক্ত গ্লুকোজ প্রস্রাবের সঙ্গে বার হয়ে যায়, যাকে বলা হয় ডায়াবেটিস মেলাইটাস। এছাড়া আরেক রকম বহুমূত্র রোগ দেখা যায়—ডায়াবেটিস ইনসিপিডিয়াস। এটি কোন হরমোনের অভাবে ঘটে ?

২৪। প্রাণীদের 'তৃতীয় নয়ন' কোনটিকে বলা হয় ?

২৫। পিতা এবং মাতার মধ্যে বর্ণান্ধতা থাকলে তাঁদের ছেলে এবং মেয়েরা কি বর্ণান্ধ হবে ?

২৬। পারমানবিক পদার্থবিদ্যা বা অ্যাটমিক ফিজিক্স গড়ে উঠেছে কোয়ান্টাম থিওরীকে কেন্দ্র করে, যে তত্ত্বের বহু উন্নতি সাধন করেছেন আইনস্টাইন, নীলস বোর ইত্যাদি বিজ্ঞাণীরা। কিন্তু তত্ত্বটি কার আবিস্কার ?

২৭। মহাবিশ্বে পাড়ি দেবার উদ্দেশ্যে মানুষ ক্রমাগত চেষ্টা করে চলেছে দ্রুততর বেগের রকেট উদ্ভাবন করতে। কিন্তু কখনো তত্বগত ভাবেও রকেটের গতি কি আলোর চেয়ে বেশী হতে পারে ?

২৮। র‍্যাডার (RADAR) শব্দটি কি থেকে এসেছে ?

২৯। সিরোসিস অফ লিভার মদ্য পানের ফলে হয়। কিন্তু বাঙালী আচারনিষ্ঠ হিন্দু বিধবাদেরও এ রোগ হতে দেখা যায়। কেন ?

৩০। বাণিজ্যিক প্রথায় সস্তায় ইস্পাত তৈরী করবার পদ্ধতি কে আবিস্কার করেছিলেন ?

৩১। মস্তিস্কের কোন অংশ শরীরের ভারসাম্য রক্ষা করে ?

৩২। সংকর ধাতু পিতল কোন কোন ধাতুর মিশ্রণে তৈরী হয় ?

৩৩। প্রথম ক্যালকুলেটর কে আবিস্কার করেন ?

৩৪। ক্যালকুলাস—গণিতের এই শাখাটি কে উদ্ভাবন করেন ?

৩৫। ৩৬৫ দিনে বছর পূর্ণ হয়, এ আবিস্কার কোন সভ্যতার ?

৩৬। ইহুদিরা তাদের পুরাণে উল্লিখিত পৃথিবীর সৃষ্টির (?) দিন থেকে বর্ষ গণনা করে আসছে। কোন সময় থেকে তারা এর (সৃষ্টির) সুচনা ধরে থাকে ?

৩৭। ৪৬ খ্রীষ্টপূর্বাব্দে জুলিয়াস সীজার ইংল্যাণ্ড জয় করবার পর রোমান ক্যালেণ্ডারের সংশোধন করেন। তিনি প্রথম দেখেন ৩৬৫¼ দিনে বর্ষপূর্তি হয়। এই সংশোধনের জন্য তিনি পাঁচটি ৩০ দিনের এবং ছয়টি একত্রিশ দিনের মাস ঠিক করেন এবং ফেব্রুয়ারী মাস ২৮ দিনের পরিবর্তে ২৯ দিনে করেন। এছাড়া চার বছর অন্তর লীপ-ইয়ারও তিনি প্রচলত করেন। এই বাড়তি দিনটি ফেব্রুয়ারীর সঙ্গে যুক্ত হতো। ক্যালেণ্ডারকে নিয়মিত করার জন্য ৪৬ খ্রীষ্টপূর্বাব্দকে তিনি ৪৪৫ দিনের ঘোষণা করেন এবং তার পর থেকে ৩৬৫ দিনে বর্ষ গণনা শুরু হয়। এর আগে রোমানরা কত দিনে বর্ষ গণনা করত ?

৩৮। জুলিয়ান ক্যালেণ্ডারের প্রচলনের ফলে প্রতি বছরে ১১ মিনিট বাড়তি গণনা হয়ে আসছিল কারণ, মূল বর্ষ সময় ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৬ সেকেণ্ড। ১৫৮২ সালে দেখা যায় বছর ১১ দিনে এগিয়ে এসেছে। এর সংশোধনের জন্য এগারো দিন বাদ দেওয়া হয় এবং শতাব্দী বছর ৪০০ দ্বারা বিভাজ্য না হলে লীপইয়ার হিসাবে গণ্য করা বন্ধ হয়। একই সময় হতে ১ জানুয়ারী নিউ ইয়ার্স ডে হিসাবে সূচিত হয়। এই পরিবর্তন কে করেন ?

৩৯। রোমান ক্যাথলিক দেশগুলি গ্রেগরীয়ান ক্যালেণ্ডার মেনে নিলেও প্রোটেষ্ট্যাণ্ট দেশগুলি যেমন ব্রিটেন, বুলগেরিয়া সোভিয়েত দেশ এবং গ্রীক অর্থোডক্স চার্চ এ ক্যালেণ্ডার এই সময়ে গ্রহণ করেনি। কে কখন এই ক্যালেণ্ডার গ্রহণ করে ?

৪০। সিনে ক্যামেরায় সেকেণ্ডে কতগুলি ছবি তোলা হয় ?

৪১। কানাডায় প্রথম ১ জুলাই ১৮৬৭ সালে কনফেডারেশন গঠিত হবার পর প্রথম প্রধানমন্ত্রী কে হয়েছিলেন ?

৪২। স্যার হার্মফ্রি ডেভি খনি শ্রমিকদের জন্য সেফটি ল্যাম্পের আবিষ্কারের জন্য বিখ্যাত। কিন্তু ইলেকট্রো-কেমিষ্ট্রিতে তাঁর অসামান্য অবদান আছে এবং তড়িৎ-বিশ্লেষণ প্রক্রিয়ায় দুটি মৌলিক পদার্থও তিনি আবিস্কার করেন। কোন কোন মৌল ?

৪৩। ইনসুলিন হর্মোনের অভাবে ডায়াবেটিস মেলাইটাস রোগ দেখা দেয়

এবং বাহ্যিক ইনসুলিন প্রয়োগে এই রোগ নিয়ন্ত্রিত থাকতে পারে, এ আবিস্কার কে করেন ?

৪৪। পেনিসিলিন আবিস্কারের জন্য বিখ্যাত হয়ে আছেন স্যার আলেকজাণ্ডার ফ্লেমিং। তিনি এর উৎস পেলিসিলিয়াম নোটাটাম ছত্রাক আবিস্কার করলেও পেনিসিলিনকে আলাদা করতে পারেন নি ; যে কাজটি ১৯৩৮ সালে অন্য দু'জন বৈজ্ঞানিক করেন। এবং এজন্য ১৯৪৫ সালে তিনজন একসাথে নোবেল পুরস্কারে সম্মানিত হন। এই অন্য দু'জন বৈজ্ঞানিক কে কে ?

৪৫। চৌম্বক কম্পাস ভৌগলিক উত্তর মেরু দেখায় না, দেখায় চৌম্বক উত্তর মেরু, যা ভৌগলিক উত্তর মেরু থেকে ১৬০০ কিলোমিটার দূরে অবস্থিত এবং এটি সময়ের সঙ্গে স্থান পরিবর্তন করে। এই অসুবিধা দূর করতে আবিস্কৃত হয় গাইরো কম্পাস, যা ভৌগলিক উত্তর মেরু দেখায় নির্ভুল ভাবে। কে এর আবিস্কার ?

৪৬। শল্য চিকিৎসার জনক কাকে বলা হয় ?

৪৭। ডারউইনের অভিব্যক্তিবাদের গোঁড়া সমর্থক এবং ডারউইনের বুলডগ' নামে অভিহিত হতেন যিনি, তিনি ব্যক্তিগত জীবনে ছিলেন চিকিৎসক এবং শখের জীববিজ্ঞানী। ডারউইনের সমসাময়িক এই বিজ্ঞানী কে ?

৪৮। ডিজেল চালিত ইঞ্জিন আবিস্কৃত হয় ১৮৯৪ সালে জার্মানীতে। কে এর আবিস্কারক ?

৪৯। চিকিৎসা বিজ্ঞানে 'আয়রন লাঙ' বা রেসপিরেটার কে আবিস্কার করেন ?

৫০। ব্যাকটেরিয়া আবিস্কারের জন্য স্মরণীয় হয়ে আছেন বিজ্ঞানী লিউয়েহুক। কিন্তু অনুবীক্ষণযন্ত্র আবিস্কার না হলে এই ক্ষুদ্র প্রাচীন এককোষী জীবের অস্তিত্ব জানা যেত না। কে মাইক্রোস্কোপের আবিস্কারক ?

৫১। মুদ্রণ শিল্পে লিথোগ্রাফির প্রবর্তক কে ?

৫২। মুদ্রণে লাইনো টাইপ কে আবিস্কার করেন ?

৫৩। ডাঃ এডোয়ার্ড জেনার ১৭৭৩ সালে প্রথম আবিস্কার করেন যে কোন মানুষের দেহে গরুর বসন্তের ভাইরাস প্রবেশ করিয়ে দিলে তার দেহে বসন্তের

প্রতিরোধ ব্যবস্থা গড়ে ওঠে। এটি তিনি একজন গোয়ালিনীর ক্ষেত্রে প্রথম লক্ষ্য করেন। বসন্তের মতো বিপজ্জনক রোগের টীকা আবিষ্কারের জন্য বিখ্যাত হয়ে আছেন এডোয়ার্ড জেনার। কিন্তু তাঁর আগে একজন অষ্টাদশ শতকের মাঝামাঝি পূর্ব দেশ থেকে ইউরোপে ইনঅকুলেশন বা, তাপ প্রয়োগে মৃত কিংবা কম ক্ষমতা সম্পন্ন কোন রোগের জীবানু দেহে প্রবেশ করিয়ে মূল রোগ প্রতিরোধের পদ্ধতি আমদানী করেন। ইনি কে?

৫৪। গ্যাসের আয়তন বাড়তে দিলে তার তাপমাত্রা কমে যায়—এই তত্ত্বের উপর ভিত্তি করে গড়ে উঠেছে রেফ্রিজারেটর। এটি যৌথভাবে আবিস্কার করেন বিজ্ঞানী জুল এবং অপর এক প্রবাদ-প্রতিম বৈজ্ঞানিক। ইনিই প্রথম নৌ কম্পাস ডিজাইন করেন, প্রথম শব্দের প্রতিফলনকে কাজে লাগিয়ে জাহাজ হতে সমুদ্রের গভীরতা মাপবার শব্দযন্ত্র তৈরী করেন, নায়াগ্রা জলপ্রপাতের ধারাকে কাজে লাগিয়ে জলবিদ্যুৎ তৈরী করার পথ দেখান, যার আগে জলবিদ্যুৎ সম্পর্কে কোন ধারনা মানুষের ছিল না; এবং ইনি কম বিদ্যুৎ ব্যবহার করে উন্নত মানের টেলিগ্রাফ ব্যবস্থার প্রচলন করেন, যার ফলে ইউরোপ এবং আমেরিকার মধ্যে টেলিফোন যোগাযোগ সম্ভব হয়। কে এই বৈজ্ঞানিক?

৫৫। জল যে অক্সিজেন এবং হাইড্রোজেন যুক্ত হয়ে গঠিত হয়, এ তত্ত্ব কে আবিস্কার করেন। ফরাসী বিপ্লবে এই বৈজ্ঞানিকের গিলোটিনে শিরোচ্ছেদ করা হয়।

৫৬। এনোফিলস মশা ম্যালেরিয়ার জন্য দায়ী, এ পর্যবেক্ষণ রোনাও রস করলেও তার আগেই ম্যালেরিয়ার জীবনু আবিস্কার হয় ১৮৮০ সালে। কে এর আবিস্কর্তা?

৫৭। সেফটি ম্যাচ বা আধুনিক দেশলাইয়ের বারুদ কি দিয়ে তৈরী?

৫৮। আলো এক প্রকার বিকিরণ এবং এটি তরঙ্গ আকারে প্রবাহিত হয়। আলো ছাড়াও অন্য জাতের তরঙ্গ বর্তমান থাকতে পারে, যার তরঙ্গ দৈর্ঘ্য দীর্ঘতম তরঙ্গদৈর্ঘ্য সম্পন্ন আলোর চেয়ে বেশী এবং যার তরঙ্গদৈর্ঘ্য হ্রস্বতম তরঙ্গদৈর্ঘ্য হ্রস্বতম তরঙ্গ দৈর্ঘ্যের আলোর চেয়েও কম এবং সেই জাতীয় তরঙ্গগুলি প্রতিফলন ইত্যাদি

আলোর ধর্ম মেনে চলে এবং গতিবেগ আলোর সমান—এই তত্ত্ব কে আবিষ্কার করেন।

৫৯। ভারী জল কি ?

৬০। ১৯১২ সালে বিশ্বে তখনকার বৃহত্তম জাহাজ 'অলিম্পিক' গভীর সমুদ্রে যাবার সময় তার পিছন থেকে 'হক' নামের একটি ছোট জাহাজ এসে যায়। যদিও দুটির মধ্যে ১০০ মিটারেরও বেশী দূরত্ব ছিল তাদের সমান্তরাল গতিপথে, তবু কোন অদৃশ্য শক্তি বলে হক জাহাজটি তীব্র গতিতে অলিম্পিকের দিকে আকর্ষিত হয় এবং বিশ্রী দুর্ঘটনা ঘটে। যদিও অলিম্পিক তার গতিপথ কিছু মাত্রও পরিবর্তন করেনি তবু পরবর্তী তদন্তে অলিম্পিকের ক্যাপ্টেনকেই দোষী করা হয়। এই রকমই দুটি জাহাজ সমান্তরাল ভাবে একই দিকে যাত্রা করলে তারা পরস্পরের দিকে তীব্রভাবে আকর্ষিত হয়। কেন ?

৬১। পাটিগণিতে চৌবাচ্চায় জল ঢোকা এবং বেড়িয়ে যাওয়ার অঙ্ক প্রায় সবাইকেই করতে হয়েছে এবং হয়। একটি চৌবাচ্চায় একটি পাইপ দিয়ে যে হারে জল ঢোকে তাতে চার ঘণ্টায় চৌবাচ্চাটি ভর্তি হয়। কিন্তু অপর একটি পাইপ, জল বেরিয়ে যায়, তা আট ঘণ্টায় ভর্তি চৌবাচ্চাটিকে খালি করে দিতে পারে। সেক্ষেত্রে যদি দুটি পাইপ একসাথে খুলে রাখা হয় চৌবাচ্চাটি কি প্রতি ঘণ্টায় $\frac{১}{৪}-\frac{১}{৮}=\frac{১}{৮}$ ভাগ ভর্ত্তি হবে ?

৬২। কোন গাড়ি বা ট্রেন আসবার সময়ে যত তীব্র আওয়াজ শোনা যায়, দূরে চলে যাবার সময় তার তীব্রতা কমে যায়। কারণ কাছে আসবার সময়ে শব্দের কম্পাঙ্ক দূরে যাবার সময়ের কম্পাঙ্কের চেয়ে বেশী। এর ফলে রাস্তায় শ্রোতা দাঁড়ানো অবস্থায় কোন গাড়ি হর্ন বাজালে সেটা কাছে আসবার সময়ে যত জোর মনে হবে, চলে যাবার সময়ে তত জোর মনে হবে না। শব্দের এই ধর্মকে কি বলা হয় ?

৬৩। দূর পাল্লার ক্ষেপনাস্ত্র জার্মানদের দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্যবহার করা ভি-২ রকেট থেকে রাশিয়া এবং আমেরিকা মহাকাশ গবেষণার পথ খুঁজে পেয়েছে। বাস্তবেও জার্মানীর বৈজ্ঞানিকরা মহাকাশ গবেষণার জন্য তরল জ্বালানীর রকেটই

তৈরী করতে চেয়েছিলেন ১৯৭২ সালে একটি সংস্থা গঠন করে, যাতে ছিলেন ওব্যর্থ, ওয়ার-৮ নার, ভন ব্রন ইত্যাদিরা। সংস্থাটির নাম কি ছিল ?

৬৪। প্রথম সাবমেরিন বা ডুবোজাহাজের নির্মাতা কে ?

৬৫। অ্যার্সাপিরিন বা অ্যাসিটাইল স্যালিসাইলিক অ্যাসিড কি থেকে তৈরী হয় ?

৬৬। টেলিস্কোপের আবিস্কর্তা কে ?

৬৭। প্রথম থার্মোমিটার কে তৈরি করেছিলেন ?

৬৮। কম বায়ুচাপে আবদ্ধ কাঁচ নলের মধ্যে বিদ্যুৎ চালনা করলে একরকম আলো নির্গত হয়, বা চৌম্বক বা বৈদ্যুতিক ক্ষেত্র দ্বারা প্রভাবিত হয়। সেই রশ্মি ইলেকট্রন প্রবাহের ফলে উদ্ভুত এবং এটি ক্যাথোড রশ্মি। মূল আবিষ্কারক কে এটির ?

৬৯। প্রবাহিত বিদ্যুতের ভোল্টেজ বাড়ানো বা কমানোর জন্য ট্রান্সফরমার ব্যবহৃত হয়। ট্রান্সফরমারের তত্ব কে আবিস্কার করেছেন ?

৭০। টাইপ রাইটার মেশিনের আবিস্কর্তা যদিও হেনরী মিল. ইংল্যাণ্ডের এই ভদ্রলোক ১৭১৪ সালে এজন্য পেটেণ্ট নেন, কিন্তু কোন কার্যকরী মেশিন ইনি তৈরী করেন নি। ১৮২৯ সালে আমেরিকায় উইলিয়াম বার্ট, ১৮৩৩ সালে ফ্রান্সে জেভিয়ার প্রগাঁ, ১৮৪৩ সালে আমেরিকায় চার্ল'স হার্বার ইত্যাদিরা বিভিন্ন মেশিন তৈরী করলেও সেগুলি খুব সুবিধাজনক কিছু না। আধুনিক টাইপ রাইটার আসে ১৮৮৪ সালে। কে এর প্রস্তুত কারক ?

৭১। নিউম্যাটিক টায়ার বা, বায়ু পূর্ণ টায়ারের আবিস্কর্তা স্কটিশ পশু চিকিৎসক জন বয়েড ডানলপকে বলা হলেও রবারের নিউম্যাটিক টায়ার তার ৪৫ বছর আগে ১৮৪৫ সালে তৈরী হয়েছিল। কে এর আবিস্কর্তা ?

৭২। ইউরোনিয়ামের ব্যবহার যদিও চল্লিশের দশকের আগে শুরু হয়নি, এটির আবিস্কার কিন্তু অনেক আগে ১৭৮৯ সালেই হয়েছিল জার্মানীতে। পিচব্লেণ্ড জাতীয় পাথর থেকে পাওয়া এই মৌলিক পদার্থটির নামকরণ হয় উইলিয়াম হার্শেলের ইউরেনাস গ্রহ আবিস্কারের সম্মানে। কে এর আবিস্কারক ?

৭৩। ভ্যাকুয়াম ফার্মোফ্লাস্ক আবিস্কৃত হয় ১৮৯২ সালে। কে এর আবিস্কর্তা ?

৭৪। যদি কোন সংখ্যা শ্রেণীর যে কোন পর পর দুটি সংখ্যার যোগফল যদি পরবর্তী স.খ্যার সমান হয় (যেমন ০, ১, ১, ২, ৩, ৫, ৮, ১৩,……ইত্যাদি), সেক্ষেত্রে সংখ্যাগুলির ক্রমকে কি ক্রম বলা হয় ?

৭৫। সময় জানতে ঘড়ির ব্যবহার মানুষ কখন শুরু করেছিল, বর্তমানে তা নির্ণয় করা প্রায় অসাধ্য। স্প্রিং চালিত ঘড়ি প্রথম তৈরী হয় ১৪৩০ সালে কিন্তু তারও বহু আগে থেকেই যন্ত্র চালিত ঘড়ি তৈরী হরে এসেছে। প্রথম ১২৮৩ সালে তৈরী হয়েছিল যান্ত্রিক ঘড়ি। কে এর নির্মাতা ?

৭৬। শব্দ বিজ্ঞানে ডপলার এফেক্টের মতোই আলোর ক্ষেত্রেও একই ধর্ম দেখা যায়। ১৮৪২ সালে আবিস্কৃত হয় যে. আলোর উৎস দ্রুতবেগে কাছে এলে কম্পাঙ্ক কমে ; ফলে বর্ণালীর রঙ বদলে গিয়ে নীল রং প্রকট হয়ে উঠে কারণ, নীল রংয়ের কম্পাঙ্ক বেশী। উৎস দূরে যেতে থাকলে তরঙ্গ দৈর্ঘ্য বৃদ্ধি পায় ফলে বর্ণালীর রঙ লালের দিকে যেতে থাকে। এর দ্বারা নক্ষত্রের দূরত্ব, গতিপথ ইত্যাদি পরিমাপ করা জ্যোর্তিবিজ্ঞানীদের কাছে সহজ হয়ে পড়ে। এই তত্বের আবিস্কারক কে ?

৭৭। বর্ণালী বীক্ষণের আবিস্কারের ফলে শুধু জ্যোর্তিবিজ্ঞানীরাই লাভবান হননি। প্রাথমিক লাভ হয়েছিল পদার্থবিদদের, পরে জ্যোর্তিপদার্থবিদ বা অ্যাষ্টে্রাফিজিসিষ্টদের এই প্রক্রিয়াতেই ১৮৬০ এবং ১৮৬১ সালে আবিস্কৃত হয় দুটি নতুন মৌলিক পদার্থ যথাক্রমে সীজিয়াম এবং রুবিডিয়াম। দু'জন পদার্থবিজ্ঞানী এই মৌলদুটি আবিস্কার করেছিলেন। কে কে ?

৭৮। বন্যপ্রাণী সংরক্ষণ বা পক্ষিবিদ হওয়া নিয়ে এই শতকের প্রথম দিকেও কেউই ভাবত না। অথচ একটি অদ্ভুত চড়ুই পাখি শিকার করার পরে একটি বাচ্ছা ছেলের জীবনের মোড় ঘুরে গেল। অখণ্ড ভারত এবং বার্মার পক্ষী বিষয়ে একজন বিশেষজ্ঞ হয়েও ১৯২৪ সালে জুলজিক্যাল সার্ভে ইণ্ডিয়ায় পক্ষিবিদের চাকরীতে ইনি মনোনীত হননি উপযুক্ত ডিগ্রীর অভাবে। উল্লেখযোগ্য ডিগ্রী

ছাড়াই ইনি কিন্তু স্তন্য পায়ী প্রাণী এবং পক্ষি বিষয়ে সারা পৃথিবীতেই একজন বিশেষজ্ঞ বলে স্বীকৃত। পাখিদের ব্যবহার, যাযাবর, যাযাবর পাখিদের যাত্রাপথ এবং ব্যবহার, ভারতের বন্যপ্রাণী সংরক্ষণের প্রয়োজনীয়তা-ইত্যাদি বহুবিষয়ে ইনিই পথপ্রদর্শক। কে ইনি?

৭৯। কিছু প্রাণীর ক্ষেত্রে শুক্রাশয়ের উপরে 'বিডারস অরগ্যান' নামে একটি করে দুটি অঙ্গ দেখা যায়। অপরিণত অবস্থায় শুক্রাশয় কেটে বাদ দিলে অনেক ক্ষেত্রে এই অঙ্গটি ডিম্বাশয়ে রূপান্তরিত হয়। অর্থাৎ পুরুষ প্রাণী স্ত্রী-প্রাণীতে রূপান্তরিত হয়। কোন প্রাণীদের এই অঙ্গ দেখা যায়?

৮০। ভারতে পক্ষিতত্ত্বের আদি পুরুষ কাকে বলা হয়?

৮১। যক্ষা বা কুষ্ঠ রোগের জীবাণুর নাম যথাক্রমে মাইকোব্যাকটেরিয়াম টিউবারকুলোসিস এবং মাইকোব্যকটেরিয়াম লেপ্রি। এরা ব্যাকটেরিয়া এবং ছত্রাকের মাঝামাঝি। এদের কোন শ্রেণীতে ফেলা হয়?

৮২। সমুদ্র জলে প্রচুর পরিমান ভারী জল বা ডয়টেরিয়াম অক্সাইড আছে যাকে কাজে লাগিয়ে অফুরন্ত শক্তি পাওয়া সম্ভব। কোন যন্ত্রের সাহায্যে এই শক্তি উৎপাদন করা হয়?

৮৩। ভারতে প্রথম টোকাম্যাক কোথায় বসানো হয়েছে?

৮৪। আকাশে বিদ্যুৎ চমকালে রেডিও গ্রাহক যন্ত্রে কড় কড় আওয়াজ হয়। কিন্তু এই আওয়াজ মিডিয়াম ওয়েভে হলেও রেডিও শর্ট ওয়েভে বাজলে হয় না। কেন?

৮৫। বস্তুর ত্বরণ বা মন্দন বোঝাতে যে একক দেওয়া হয়, তাতে প্রতিসেকেণ্ডে কথাটি দুবার ব্যবহার করা হয় কেন?

৮৬। ১৯২২ সালে কোয়াণ্টাম এফেক্ট প্রকাশের ফলে আলোয় কণাধর্ম প্রতিষ্ঠিত হয়। কিন্তু এই পদার্থবিদদের মধ্যে আলোর ধর্ম-কণা অথবা তরঙ্গ— এই নিয়ে সংশয় দেখা দেয়। ১৯২৩ খ্রীষ্টাব্দে এক বৈজ্ঞানিক দেখান যে আলোর দুটি ধর্মই বর্তমান, এবং এও বলেন যে, বস্তুকণার মধ্যে তরঙ্গ-ধর্ম বর্তমান। এর

উপর ভিত্তি করে গড়ে ওঠে পদার্থবিদ্যার নতুন অধ্যায় ওয়েভ মেকানিকস, বা কোয়াণ্টাম মেকানিকস। কে এর স্রষ্টা ?

৮৭। অস্ত্রোপচারের সময় বা আহত অবস্থায় অতিরিক্ত রক্তক্ষরণ প্রথম বিশ্বযুদ্ধের আগে পর্যন্ত, বহু মানুষের মৃত্যুর কারণ হয়েছে। প্রয়োজনে অন্য মানুষের রক্ত দিয়ে আহত মানুষকে বাঁচানো সম্ভব এবং সব রক্তই লাল হলেও সব মানুষের রক্ত এক শ্রেণীর নয়—এ সত্য কে আবিষ্কার করেন ?

৮৮। যন্ত্রচালিত তাঁত বা পাওয়ারলুম আবিষ্কৃত হয় ১৭৮৫ খ্রীষ্টাব্দে ইংল্যাণ্ডে। কে এর স্রষ্টা ?

৮৯। বিমানের জেট প্রপালশনে গ্যাস টারবাইন ব্যবহারের কথা কে প্রথম চিন্তা করেছিলেন।

৯০। সর্বপ্রথম যন্ত্রচালিত বিমানে উড়তে সক্ষম হয়েছিন কে বা, কারা ?

৯১। জেপেলিনের আবিস্কারক কে ?

৯২। কার্ল লীনিয়াস—এই নামটি বিজ্ঞানের কোন শাখার সঙ্গে জড়িত ?

৯৩। বিভিন্ন কারণে দেহে অ্যালার্জীর কারণ কে নির্ণয় করেছিলেন ?

৯৪। আই. জি. ই. বা, 'ইমিউনোগ্লোবিন-ই' কি ?

৯৫। মাধ্যাকর্ষণের বিরুদ্ধ বল বা অ্যাণ্টিগ্র্যাভিটি প্রকৃতিতে সম্ভবতঃ আছে—এই তত্ত্বের প্রবক্তা কে ?

৯৬। ইলেকট্রনিকস—বিজ্ঞানের এই গুরুত্বপূর্ণ শাখাটির জনক কে ?

৯৭। 'ইনিয়াক' কি ?

৯৮। ইলেকট্রনিকসের প্রাণ ট্রানজিষ্টার কে আবিষ্কার করেন ?

৯৯। টি. ভি. ক্যামেরার কি জাতীয় ফিল্ম ব্যবহার করা হয় ?

১০০। রঙিন টেলিভিশনে গ্রাহক এবং প্রেরক যন্ত্রে কয়টি রংকে ব্যবহার করা হয় ?

১০১। শব্দতরঙ্গের কম্পাঙ্ক কমপক্ষে কত হলে তা আলট্রাসোনিক বা শব্দোত্তর তরঙ্গের আওতায় ফেলা হয় ?

১০২। সাবান তৈরীর জন্য বিশেষ একটি ফ্যাটি অ্যাসিডের সঙ্গে কষ্টিক পটাশের বিক্রিয়া করা হয়। কোন ফ্যাটি অ্যাসিড ?

১০৩। মিক্সোম্যাটোসিস (Myxomatosis) কি ?

১০৪। 'কুরি পয়েন্ট' কি ?

১০৫। ভারত পরমাণু বিস্ফোরণ ঘটায় ১৯৭৪ সালে এবং ষষ্ঠ পরমাণু শক্তিধর দেশ হিসাবে নিজের স্থান করে নেয়। কোথায় এই বিস্ফোরণ ঘটানো হয়েছিল এবং এর সাফল্যের খবর কি ভাবে জানানো হয়েছিল ?

১০৬। মনস্তত্ত্বে 'লেডি গোডিভা সিনড্রোম' কাকে বলা হয় ?

১০৭। একটি নিরেট এবং একটি ফাঁপা, এরকম দুটি একই ধাতুর তৈরী একই মাপের বলকে ওজন না করে কিভাবে বলা সম্ভব যে কোনটি নিরেট ?

১০৮। সবুজ আলোর তরঙ্গ দৈর্ঘ কত ?

১০৯। নারী এবং পুরুষ রক্ত কি করে আলাদা ভাবে চেনা যায় ?

১১০। 'বার বডি' কি ?

১১১। 'পজিটিভ' রক্তের পুরুষের সঙ্গে নেগেটিভ রক্তের শ্রেণীর নারীর বিবাহ বিপদজনক কেন ?

১১২। ডেনড্রোফোবিয়া কি ?

১১৩। জলাতঙ্ক রোগের প্রতিষেধক কে আবিষ্কার করেন ?

১১৪। প্লেনে চাপা অবস্থায় উঁচু আকাশে অনেক সময় দেখা যায় ফাউন্টেন পেনের কালি লিক করে। কেন ?

১১৫। ফ্লুরেসেন্ট টিউব এবং টিভি পিকচার টিউবের মধ্যে মিল কোথায় ?

শিল্প-কলা-সাহিত্য-সঙ্গীত-চলচ্চিত্র

১। আমাদের রূপকথার পক্ষীরাজের মতো গ্রীক পুরাণেও উড়ন্ত ঘোড়ার উল্লেখ আছে। কি নাম এই ঘোড়ার ?

২। ১৯৪৫ সালে সাহিত্যে যে বইটি নোবেল পুরস্কার পায়, তার 'দি ওল্ড ম্যান এ্যাণ্ড দ্য সী'। বইটির রচয়িতা কে ?

৩। খ্রীস্টপূর্ব তৃতীয় শতকের শুরু থেকে খ্রীষ্টাব্দ পর্যন্ত বৌদ্ধ প্রভাবে আঁকা ভারতে অজন্তার গুহাচিত্রগুলি অঙ্কিত হয়েছিল। এই শেষ পর্য্যায়ে উত্তর ভারতে কোন সাম্রাজ্য রাজত্ব করছিল ?

৪। প্রস্তর যুগের আদিম মানুষের আঁকা বেশ কিছু গুহাচিত্রের সন্ধান পাওয়া গেছে, যাদের বয়স কমপক্ষে পাঁচ হাজার বছর। ইউরোপের কোথায় এই গুহা-চিত্রগুলি আবিষ্কৃত হয়েছে ?

৫। এই রকম আদিম গুহাচিত্রের সন্ধান পাওয়া গেছে ভারতেও। কোথায় ?

৬। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কোন উপন্যাস জ্ঞানপীঠ পুরস্কার অর্জন করে ?

৭। অষ্টাদশ—উনবিংশ শতকের কোন জার্মান সুরকার অতি অল্প বয়সেই সম্পূর্ণ শ্রুতিশক্তি হারিয়ে ফেলেন এবং তা সত্ত্বেও বহু বিস্ময়কর সুর রচনা করে গেছেন ?

৮। 'টুইডলডাম' এবং 'টুইডলি', চরিত্র দুটি কার সৃষ্টি ?

৯। "হয়, নিতি পারনা।"—কথাটি বাংলা সাহিত্যে বিখ্যাত। এর লেখক পরশুরামের হাস্যরস আজও বাংলা সাহিত্যের পাঠকের কাছে সমান আবেদন বজায় রেখেছে। পরশুরামের আসল নাম কি ছিল ?

১০। ১৯২৭ সালে প্রথম সবাক চলচ্চিত্র তৈরী হয় আমেরিকায়। কি নাম ছিল এই ছবির ?

১১। চিত্রশিল্পে নতুন দিগন্তের সন্ধান করতে গিয়ে বিংশ শতকের প্রথম দিকে কিউবিজমের সূত্রপাত। এই প্রথার সবচেয়ে বিখ্যাত শিল্পী কে ?

১২। ড্রাকুলাকে নিয়ে বহু গল্প, বহু সিনেমা তৈরী হয়েছে। একটি মাত্র বিষয় নিয়ে ড্রাকুলা ছাড়া আর কোন সিনেমা এত সংখ্যায় তৈরী হয়নি ! এই কাউন্ট ড্রাকুলার স্রষ্টা কে ?

১৩। ভারতীয় তন্ত্রকে শিল্পের মূল বিষয়বস্তু করে এযাবৎ একজন শিল্পীই সারা জীবন ছবি এঁকেছেন। কে ?

১৪। 'দ্য থিংকার' কোন ভাস্করের সৃষ্টি ?

১৫। টিনটিনের গল্প পড়েনি, এমন শিক্ষিত কিশোর বা কিশোরী সারা পৃথিবীতেই কম। এর স্রষ্টা হার্জ মারা গেলেও তাঁকে ভুলতে বহু দেরী আছে। হার্জের আসল নাম কি ?

১৬। সবচেয়ে বেশী বই লিখেছেন কোন সাহিত্যিক ?

১৭। এ পর্য্যন্ত অভিনীত দীর্ঘতম নাটকের নাম কি ?

১৮। সবচেয়ে বেশী চরিত্রে অভিনয় করেছেন কোন অভিনেতা ?

১৯। সব চেয়ে বেশী গান রেকর্ড করবার রেকর্ড কার ?

২০। সবচেয়ে বেশীবার অস্কার পেয়েছেন কে ?

২১। রিচার্ড অ্যাটেনবরো পরিচালিত 'গান্ধী' চলচ্চিত্রে গান্ধী চরিত্রে কে অভিনয় করেছিলেন ?

২২। ইউরোপীয় কাব্যছন্দ 'ব্লাঙ্ক ভার্স' বা অমিত্রাক্ষর ছন্দ প্রথম ব্যবহার করেন সেকসপীয়ার অভিনয়ের প্রয়োজনে। বাংলায় এই ছন্দ প্রথম সফলভাবে প্রয়োগ করেন কে ?

২৩। অষ্টদশ শতকে ইউরোপীয় রাইটারদের বাংলা শেখানোর প্রয়োজনে প্রথম বাংলা গদ্য রচনার সূত্রপাত রামরাম বসু, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার এঁদের হাতে এবং উইলিয়াম কেরীর চেষ্টায়। কিন্তু বাংলায় প্রথম সার্থক উপন্যাস জন্ম নেয় অনেক পরে উনবিংশ শতকে। টেকচাঁদ ঠাকুর লেখকের ছদ্মনাম। আসল নাম কি ?

২৪। প্রথম সাবমেরিনের কল্পনা কোন বৈজ্ঞানিকের নর, একজন সাহিত্যিক্যের। জুল ভের্নের 'টোয়েণ্টি থাইজেণ্ড ,লীগস আণ্ডার দ্য সী'তে এর বর্ণনা আছে। যে ডুবোজাহাজের ক্যাপ্টেনের নাম 'ক্যাপ্টেন নিমো'—একজন ভারতীয়। জাহাজটির নাম কি ?

২৫। কোন কবি সম্পর্কে বলতে গেলে 'ছন্দের জাদুকর' বিশেষণটি দেওয়া হয় ?

২৬। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর রাশিয়ার নাগরিকদের ওপর যে অত্যাচার হয়েছে তা নিয়ে লেখা একটি উপন্যাস নোবেল পুরস্কার লাভ করে। উপন্যাসিকের নাম আলেকজাণ্ডার সলঝেনিৎসিন। উপন্যাসটির নাম কি ?

২৭। কালীঘাটের পট পশ্চিমবঙ্গের লৌকিক শিল্পের একটি পুরোণো ধারায় কোন আধুনিক চিত্রশিল্পী ছবি এঁকে বিখ্যাত হয়েছেন ?

২৮। শার্ল'ক হোমস কে মেরে দেবার পর, পাঠকদের তাগিদে নতুন করে ফিরিয়ে আনার আগে পর্য্যন্ত শার্ল'ক হোমসের স্রষ্টা স্যার আর্থার কোনাল ডয়েল একটি বদমেজাজী বিজ্ঞানীর চরিত্র সৃষ্টি করেন। যার অভিযান এবং কাণ্ডকারখানা নিয়ে বেশ কিছু গল্প এবং উপন্যাস আছে। কি নাম এই চরিত্রটির ?

২৯। মিস মার্পল একজন গ্রাম্য মহিলা ডিটেকটিভ, যিনি অকুস্থলে না গিয়ে, কিছু পরীক্ষা না করে শুধু সবকিছু শুনে আপন বৈঠকখানায় ফায়ার প্লেসের ধারে বসে উল বুনতে বুনতে যে কোন জটিল সমস্যার সমাধান করে দিতে পারেন। কে এই চরিত্রের স্রষ্টা ?

৩০। কোন বিখ্যাত শিল্পী পরিহাসের উত্তরে নিজের কান কেটে তাঁর প্রেমিকাকে উপহার দিয়েছিলেন ?

৩১। কোন শিল্পী হেলিকপ্টারের বাস্তব নক্সা এঁকেছিলেন প্রথম ?

৩২। রোমের ভাটিকান লাইব্রেরীতে আঁকা 'দ্য স্কুল অফ এথেন্স' নামে অতি বিখ্যাত ফ্রেস্কোটি কার আঁকা ?

৩৩। কোন চলচ্চিত্র শ্রেষ্ঠ হিসাবে প্রথম ফিল্ম-ফেয়ার অ্যাওয়ার্ড পেয়েছিল ?

৩৪। যদিও এঁর নাম ছিল মূল শংকর, কিন্তু অন্য নামে তিনি বিখ্যাত হয়েছেন। কে ইনি ?

৩৫। কোন বিখ্যাত ঔপন্যাসিকের ছদ্মনাম ছিল ক্যুইজ ?

৩৬। রবীন্দ্রনাথের তাশের দেশ তৎকালীন এক জননেতাকে উৎসর্গ করা। কে এই জননায়ক ?

৩৭। রামায়নে রামেরা চার ভাই—রাম, ভরত, লক্ষণ, শত্রুঘ্ন—এ সবাই জানে। কিন্তু রামের কোন বোন ছিল কি ? থাকলে তার নাম কি ?

৩৮। প্রথম অ্যাসিমেশন ফিল্ম কে তৈরী করেন ? এটির নাম ছিল "স্নো হোয়াইট এণ্ড দি সেভেন ডোয়ার্ফ'স" ! কোন সালে এটি প্রথম প্রদর্শিত হয় ?

৩৯। 'লাষ্ট সাপার' নামের বিখ্যাত ছবিটির শিল্পী কে ?

৪০। গ্রীক পুরাণের মতে সৃষ্টির আদি দেবতা কে ?

৪১। গ্রীকদের দেবতাদের রাজা জিউস। জিউসের পিতা-মাতা কে ?

৪২। মঙ্গল গ্রহের দুই উপগ্রহের নাম দেওয়া হয়েছে ফোবোস এবং ডিমোস। এই নামদুটি কোথা থেকে নেওয়া ?

৪৩। আধুনিক ভারতীয় চিত্রকলার জনক কাকে বলা হয় ?

৪৪। চিত্র শিল্পীর জীবন এবং তার নানা সমস্যা, ঘাত প্রতিঘাত নিয়ে এ পর্য্যন্ত বাংলায় একটিই সার্থক উপন্যাস রচিত হয়েছে। লেখক মিলন মুখোপাধ্যায়, যিনি নিজেও শিল্পী। উপন্যাসটির নাম কি ?

৪৫। বাঙালী মহিলা ঔপন্যাসিক হিসাবে প্রথম জ্ঞানপীঠ পুরস্কার প্রাপিকার বইটির নাম ছিল "প্রথম প্রতিশ্রুতি"। লেখিকা কে ?

৪৬। স্পেনের গৃহযুদ্ধের পটভূমিকায় লেখা আর্ণেষ্ট হেমিংওয়ের বিখ্যাত উপন্যাসটির নাম কি ?

৪৭। "গীতাঞ্জলী" কাব্যগ্রন্থের জন্য ১৯১৩ সালের সাহিত্যের নোবেল পুরস্কার পেয়েছিলেন রবীন্দ্রনাথ। বাংলায় যে গীতাঞ্জলী বইটি তা কি ইংরাজী গীতাঞ্জলীর বাংলা রূপ ?

৪৮। হিটলারের আত্মজীবনীর নাম কি ?

৪৯। কুরুক্ষেত্র যুদ্ধে ভীস্মকে অর্জ্জুণ শরবিদ্ধ করেছিলেন শিখণ্ডীকে সামনে রেখে। শিখণ্ডীকে দেখে ভীস্ম অস্ত্র ত্যাগ করেন। কেন ?

৫০। কোন বিখ্যাত বাঙালী কবি ট্রাম দুর্ঘটনায় নিহত হন ?

৫১। বর্তমান মুদ্রণ প্রথায় অর্থাৎ লেটার কম্পোজিং প্রথায় মুদ্রিত প্রথম বই কি ? কোন সালে এটি প্রকাশিত হয় ?

৫২। এ পর্যান্ত প্রকাশিত ক্ষুদ্রতম বই কি ?

৫৩। বৃহত্তম অভিধান কোনটি ?

৫৪। 'মিস বিপুলা মল্লিক'—পরশুরামের কোন গল্পের চরিত্র ?

৫৫। 'রবিনসন ক্রুশো'—ড্যানিয়েল ডিফো লিখিত এই উপন্যাসে রবিনশন ক্রুশোর সহচরের নাম কি ?

৫৬। ভারতের কোন মহিলা চিত্রশিল্পী আন্তর্জাতিক খ্যাতি অর্জন করতে পেরেছেন ?

৫৭। আশ্চর্য্য হলেও সত্যি যে, রবীন্দ্রনাথ বর্ণান্ধ ছিলেন। অথচ বিস্ময়কর সংখ্যায় শেষ বয়সে উনি ছবি এঁকে গেছেন, যার বিষয়বস্তু এবং বর্ণ বিন্যাস যে কোন শিল্প রসিক মানুষকে চমকে দেয়। কোন বর্ণ উনি দেখতে পেতেন না ?

৫৮। কোন ইউরোপীয় চিত্র শিল্পী তাঁর শেষ জীবন পলিনেশীয় দ্বীপপুঞ্জে কাটান ? এঁর শেষ জীবনে সেখানে অঙ্কিত ছবিগুলিই পরবর্তী যুগে সবচেয়ে খ্যাতি পায় যদিও জীবিত কালে এঁর ছবি প্রায় নামমাত্র মূল্যে বিক্রী হয়েছে।

৫৯। কোন নোবেল পুরস্কার পাওয়া ইংরেজ সাহিত্যিক জন্মসূত্রে আসলে ভারতীয় ? এঁর বহু লেখায় ভারতের অরণ্য এবং জনজীবন ফুটে উঠেছে।

৬০। ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওয়াহর লাল নেহেরুর আত্মজীবনীর নাম কি ?

৬১। ভারতের স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে লেখা "স্প্রিঙ্গিং টাইগার" কার লেখা ?

৬২। ভারতের স্বাধীনতা সংগ্রামী এবং পরবর্তীকালে বিখ্যাত সাধকের লেখা অতি বিখ্যাত একটি দার্শণিক কাব্যের নাম 'সাবিত্রী'। কার লেখা এটি।

৬৩। রবীন্দ্রনাথকে তাঁর জীবনে বহু প্রতিকূলতা এবং কুৎসিত গালাগালি সহ্য করতে হয়েছে। এমনই একটি নাটকের বই—এককালে তার অন্তরঙ্গ সুহৃৎ, পরবর্তীকালে প্রায় শত্রুর মতো দ্বিজেন্দ্রলাল রায় দ্বারা লিখিত হয় শুধুমাত্র রবীন্দ্রনাথকে কুৎসিত ভাবে আক্রমনের উদ্দেশ্যে। কি নাম নাটকটির ?

৬৪। ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর শুধুমাত্র সমাজ সংস্কারক এবং শিক্ষাব্রতীই ছিলেন না, সাহিত্য রচনাও ইনি করেছেন। শেকস পীয়ারের 'কমেডি অফ এররস' অবলম্বনে লেখা তাঁর উপন্যাস আছে। কি উপন্যাস ?

৬৫। কোন কবিকে রবীন্দ্রনাথের কাব্যগুরু বলা হয় ? পরবর্তীকালে এই কবির ছেলের সঙ্গে রবীন্দ্রনাথের বড়ো মেয়ে মাধুরীলতার বিয়ে হয়।

৬৬। পলাশীর যুদ্ধ—১৭৫৭ সালের এই কলঙ্কিত অধ্যায়টি নিয়ে লেখা বিখ্যাত কাব্য কার রচনা ?

৬৭। চলচ্চিত্র শিল্পের বাংলার দুই দিকপাল—পরিচালক সত্যজিত রায় এবং অভিনেতা উত্তমকুমার দুটি মাত্র ছবিতেই এক সাথে কাজ করেছেন। প্রথম কোন ছবিতে ?

৬৮। বাংলা দেশে দুর্ভিক্ষের পটভূমিকায় লিখিত "অশনি সংকেত" সত্যজিৎ রায়ের উল্লেখযোগ্য ছবিগুলির একটি। উপন্যাসটির লেখক কে ? কে এই চিত্রে 'ছুটকি'র চরিত্রে অভিনয় করেন ?

৬৯। প্রায় বিনা যুদ্ধে অযোধ্যার শেষ নবাব ওয়াজিদ আলী শার রাজত্ব ইংরেজ কেড়ে নেয়। এই ঘটনা নিয়ে লেখা মুন্সী প্রেমচাঁদের ছোট গল্প অবলম্বন করে সত্যজিৎ রায়ের বিখ্যাত একটি চলচিত্র নির্মিত হয়েছে। কি নাম গল্পটির বা ছবিটির ?

৭০। "সারে জাঁহাসে আচ্ছা হিন্দুস্তাঁ হামারা"—মহম্মদ ইকবাল লিখিত বিখ্যাত এই কবিতায় কে সুরারোপ করেছেন ?

৭১। 'বন্দেমাতরম' ভারতের এই অন্যতম জাতীয় সঙ্গীতটি যে রূপে আমরা শুনতে পাই, সেই সুর কার দেওয়া ?

৭২। 'যদি কুমড়োর মত চালে ধরে র'ত পান্তয়া শত শত"—বিখ্যাত এই হাসির গানটি কার রচনা ?

৭৩। আধুনিক নাট্য আন্দোলনের জনক কাকে বলা হয় ?

৭৪। বর্তমান যুগে রবীন্দ্রনাথের 'রক্তকরবী' নাটকটিকে সার্থক ভাবে মঞ্চে উপস্থিত করেন 'বহুরূপী' নাট্য সংস্থা। নাটকটির পরিচালক কে ছিলেন ?

৭৫। নিজের সঙ্গীতজীবন নিয়ে লেখা বই "ব্রাত্যজনের রুদ্ধসঙ্গীত"। কার আত্মজীবনী এটি ?

৭৬। এ যাবৎ প্রকাশিত সব চেয়ে বড়ো জীবনী কাহিনী কার জীবন নিয়ে লেখা ? বইটির লেখক রোণাল্ড চার্চিল এবং মার্টিন গিলবার্ট। বইটির শব্দ সংখ্যা, ৭, ৬২০, ০০০টি।

৭৭। এ পর্য্যন্ত প্রকাশিত দীর্ঘতম উপন্যাস কোনটি ?

৭৮। সবচেয়ে কম বয়সে লেখা বই প্রকাশিত হয়েছে আমেরিকার ওয়াশিংটন ডি. সি. র বাসিন্দা ডরোথী স্ট্রেটের। তখন তাঁর বয়স ছিল মাত্র চার। কি নাম ছিল বইটির ?

৭৯। পৃথিবীর সবচেয়ে পুরানো প্রকাশনা সংস্থা কোনটি ?

৮০। সবচেয়ে বেশী ভাষায় অনূদিত বই কোন্‌টি ? কতগুলি ভাষায় এটি প্রকাশিত হয়েছে ?

৮১। সবচেয়ে বেশী ভাষায় প্রকাশিত হয়েছে, এরকম কবিতার নাম 'If'। ১৯১০ সালে লিখিত এই কবিতাটি মোট ২৭টি ভাষায় প্রকাশিত হয়েছে। কে এর রচয়িতা ?

৮২। আমেরিকার গৃহযুদ্ধের পটভূমিতে লেখা 'গন উইথ দ্য উইণ্ড' বইটি সেই সময়কার একটি বিখ্যাত দলিল হিসাবেও চিহ্নিত। উপন্যাসটি কার লেখা ?

৮৩। 'দিনের শেষে ঘুমের দেশে'—রবীন্দ্রনাথের এই কবিতাটি পরে সুরারোপিত হয়ে গানে পরিণত হয়। সুরকার পঙ্কজ কুমার মল্লিক। গানটি একটি বাংলা চলচ্চিত্রেও ব্যবহৃত হয়েছে। কোন ছবিতে ?

৮৪। তিনটি কলাবিদ্যাকে নিয়ে গড়ে উঠেছে সঙ্গীত বিদ্যা। কোন কোন কলা ?

৮৫। সত্যজিৎ রায়ের লেখা বিজ্ঞান নির্ভর গল্পগুলির মূল চরিত্র এক অত্যাশর্য্য আবিষ্কারক প্রোফেসর শঙ্কু। শঙ্কুর পুরো নাম কি ?

৮৬। ১৯৮৬ সালের আকাদেমী পুরস্কার পেয়েছেন কবি শক্তি চট্টোপাধ্যায়। কোন বইয়ের জন্য ?

৮৭। প্রোফেসর হেঁসোরাম হুঁশিয়ারের ডায়েরী বাংলায় বৈজ্ঞানিক অভিযান নিয়ে ডায়েরীর আকারে লেখা হাসির গল্পটির লেখক কে ?

৮৮। রবীন্দ্রনাথের গানের ভাণ্ডারী কাকে বলা হত ?

৮৯। পিতৃস্মৃতি নামের বিখ্যাত স্মারক গ্রন্থটির লেখক কে ?

৯০। মহাভারতের উপাখ্যানে সর্পমেধ যজ্ঞ কে করেছিলেন ?

৯১। কোন সাহিত্যিকের ছদ্ম নাম ছিল হাতুরি ?

৯২। রামায়ণে 'তারা' কে ?

৯৩। রামায়ণে হনুমান চিরকুমার ছিলেন এবং সীতার বরে ইনি অমরত্ব লাভ করেন। হনুমানের অমরত্বলাভ নিয়ে বাংলায় একটি বিখ্যাত সরস গল্প লিখিত হয়েছে 'হনুমানের স্বপ্ন' নামে। এটির লেখক কে ?

৯৪। কয়েক বছর আগে লেখা বাংলা শিশু সাহিত্যে 'ডোডো' এবং 'তাতাই' দুটি পরিচিত চরিত্র। চরিত্র দুটি কার সৃষ্টি ?

৯৫। বন্য মানুষ টারজানকে নিয়ে বহু গল্প, সিনেমা, কমিক ষ্ট্রিপ ইত্যাদি রচিত হয়েছে। টারজান চরিত্রের স্রষ্টা কে ?

৯৬। টারজানের আসল নাম কি ?

৯৭। সবচেয়ে দীর্ঘদিন চালু কমিক ষ্ট্রিপ কোনটি ?

৯৮। বাংলায় রচিত পত্রসাহিত্যের সংখ্যা খুব বেশী নয়। তার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য রবীন্দ্রনাথের লেখা চিঠির সংকলন—'ছিন্ন পত্রাবলী'। এর চিঠিগুলি কাকে উদ্দেশ্য করে লেখা ?

৯৯। ইসলাম ধর্ম প্রবর্তক হজরৎ মহম্মদের উপদেশাবলীর সংকলন গ্রন্থটির নাম কি ?

১০০। রোমিও জুলিয়েট, লায়লা-মজনুর মতো ইয়োরোপে লোক মুখে প্রচারিত প্রেমের কাহিনী জ'া ত্রিস্তফ। বাংলায় এই কাহিনীটির সুনীল গঙ্গোপাধ্যায় বর্ণনা করেছেন। কি নাম বইটার ?

১০১। সত্যজিৎ রায় পরিচালিত' চারুলতা' চলচ্চিত্রটি রবীন্দ্রনাথের একটি ছোটগল্পের চিত্র রূপায়ণ। গল্পটির নাম কি ?

১০২। জার্নাল বা রম্যরচনা হিসাবে বিখ্যাত এক সময় 'দেশ' পত্রিকায় প্রকাশিত 'সুনন্দর জার্নাল'। কে এর লেখক ?

১০৩। এক সময়ের অত্যন্ত মঞ্চসফল নাটক ছিল 'প্রফুল্ল'। কে এর নাট্যকার ?

১০৪। রামকৃষ্ণ পরমহংসের নানা উপদেশ এবং কথার সংকলন 'শ্রীম' লিখিত 'শ্রী শ্রীরামকৃষ্ণ কথামৃত'। 'শ্রীম'র আসল নাম কি ?

১০৫। ভারত চন্দ্র রায় গুণাকরের লেখা মঙ্গল কাব্য অন্নদামঙ্গল। ভারতচন্দ্র কোন রাজার সভাকবি ছিলেন ?

১০৬। 'Enchanted Soul' বা, 'বিমুগ্ধ আত্মা'—উপন্যাসটি কার লেখা ?

১০৭। ভগিনী নিবেদিতা ভারতবর্ষে আসার আগেও সাহিত্য রচনা করেছেন। ভারতবর্ষে আসবার আগে এবং পরে স্বামী বিবেকানন্দের সান্নিধ্যে কাটানো দিনগুলোর বর্ণনা রেখে গেছেন অনবদ্য এক সাহিত্য সৃষ্টির মাধ্যমে। বইটির নাম কি ?

১০৮। 'ভারতে সশস্ত্র বিপ্লব'-ভারতের সশস্ত্র স্বাধীনতা আন্দোলনের এক মূল্যবান দলিল। বইটির লেখক কে ?

১০৯। সবচেয়ে প্রামাণ্য পূর্ব ভারতের, প্রধানতঃ অবিভক্ত বঙ্গের (অধুনা বাংলাদেশ, পশ্চিম বঙ্গ, বিহারের কিছু অংশ এবং উড়িষ্যার কিছু অংশ) ইতিহাস-"বাংলা দেশের ইতিহাস"। গ্রন্থটি কার লেখা ?

১১০। বাংলায় প্রথম মূলানুগ মহাভারতের বাংলা অনুবাদ কোনটি ?

১১১। জীবনকে যাঁরা উপভোগ করতে ভালোবাসেন, তাঁদের একটি বিশেষণ দেওয়া হয়—'Rabelaisian'। শব্দটি এক ফরাসী সাহিত্যিকের নাম থেকে এসেছে। কোন সাহিত্যিক ?

১১২। ইহুদিদের ঈশ্বর প্রেরিত প্রথম পুরুষ আব্রহাম। ইনি ঈশ্বরের কাছ হতে নির্দেশ পান তাঁদের তৎকালীন বাসভূমি উর থেকে কানান (বর্তমান ইজরায়েল) অঞ্চলে চলে যাবার। আব্রাহামের স্ত্রীর নাম কি ছিল ?

১১৩। আবসালোম কে ছিলেন ?

১১৪। যে কবিতার প্রতি লাইনের প্রথম অক্ষরগুলি নিয়ে একটি শব্দ তৈরী করে, যা অনেক ক্ষেত্রে সমগ্র কবিতাটির মর্মার্থ, সেই জাতীয় কবিতাকে কি বলে ?

১১৫। স্বাভাবিক অভিনয়ের জনক কে ?

১১৬। গ্রীকদের সৌন্দর্য্যদেবতা কে ?

১১৭। হিন্দু পুরাণে ইন্দ্রের সহস্র লোচনের মতোই গ্রীক পুরাণে এক দৈত্যের উল্লেখ পাওয়া যায়, যার দেহের সর্বত্র অসংখ্য চোখ ছিল। ঘুমের সময় মাত্র একজোড়া চোখ সে পালাক্রমে বন্ধ বাকি সব খোলা রাখত। কে এই দৈত্য ?

১১৮। ব্রিটেনের কিংবদন্তীর রাজা কিং আর্থরের গল্প লোকমুখে সারা ইউরোপে প্রচলিত ছিল। কে প্রথম আর্থারের গল্পগুলিকে সুসংবদ্ধভাবে লিপিবদ্ধ করেন ?

১১৯। কিং আর্থারের বিখ্যাত তরবারিটির নাম কি ছিল ?

১২০। ব্যালের নৃত্য অংশটি যিনি দেখাশোনা এবং পরিচালনা করেন, তাঁকে কি বলা হয় ?

১২১। রন্ধন প্রণালী এবং গৃহসজ্জার উপরে ১৮৬০ সালের কাছাকাছি 'হাউসহোল্ড ম্যানেজমেণ্ট' নামে প্রথম একটি বই প্রকাশিত হয় ইংল্যাণ্ড থেকে। বইটি আজও রন্ধন শিক্ষার্থীদের কাছে আদর্শ। এটি কার লেখা ?

১২২। কোন দার্শনিক এবং তাঁর সমর্থকরা ইউটিলিটারিয়ান নামে পরিচিত ?

১২৩। কয়লা খনির সামান্য শ্রমিক হিসাবে যাঁর জীবন শুরু, তিনি যে একদিন বিশ্ববরেণ্য চিত্রশিল্পী হয়ে উঠবেন, এত বড়ো কল্পনা ভিনসেণ্ট ভ্যান

গগ মোটেই করতে পারেন নি। বরং দারিদ্র এবং অবহেলা তাঁর উন্মাদ হয়ে যাবার অন্যতম কারণ। অতি অল্প বয়সে আত্মহণনের পথ বেছে নেওয়া বিস্ময়কর এই শিল্পীর জীবন যে কোন উপন্যাসের চেয়েও অদ্ভুত। বাস্তবিক তাঁর জীবন নিয়ে বহু উপন্যাস, জীবনী, গল্প লেখা হয়েছে যার মধ্যে 'লাস্ট ফর লাইফ' সম্ভবতঃ সর্বোত্তম, এটির লেখক কে?

১২৪। আমেরিকার কালো মানুষদের মধ্যে প্রচলিত উপকথা গল্প ইত্যাদির সংকলন কে প্রথম সংগ্রহ করে প্রকাশ করেন?

১২৫। 'দ্য পিলগ্রিমস প্রোগ্রেস' কার লেখা?

১২৬। অ-মুসলিমদের পক্ষে এক সময় আরব দেশগুলি ভ্রমণ করা এক রকম অসম্ভব ছিল। ফলে বাইরের পৃথিবীতে এই দেশগুলি ছিল নিতান্ত অপরিচিত, বিশেষ করে ইউরোপে। উনবিংশ শতকে এক ইংরেজ প্রথম আরবদেশ ভ্রমণ করেন এবং ফিরে এসে ইনিই প্রথম 'সহস্র এক আরব্য রজনীর' ইংরেজী অনুবাদ করেন। কে ইনি?

১২৭। সারা পৃথিবীতে বিখ্যাত ষোড়শ শতকের, স্পেনীয় প্রহসণ 'ডন কুইক্সোট'। এটির লেখক কে ছিলেন।

১২৮। প্রথম জীবনে জলদস্যু এবং পরে ইংল্যাণ্ডের রয়েল নেভীর কমাণ্ডার, সপ্তদশ শতকের এইরকম একটি বাস্তব চরিত্রকে কেন্দ্র করে ড্যানিয়েল ডিফো তাঁর বিখ্যাত উপন্যাস রবিনসহ ক্রুশো লেখেন। কে ইনি?

১২৯। ত্রয়োদশ শতকে লিখিত ইটলীয় মহাকাব্য 'ডিভাইন কমেডি' কার লেখা?

১৩০। থমাস গেইনস বরো—অষ্টাদশ শতকের এই ইংরেজ মানুষটি কিজন্য বিখ্যাত?

১৩১। 'গ্রিম ভাইদের রূপকথা' শৈশবে পড়েননি, এমন শিক্ষিত মানুষ বিরল। এ'দের দুই ভাইয়ের নাম কি ছিল?

১৩২। 'হেলেন অব ট্রয়'—গ্রীক উপকথার এই নারীর পিতামাতা কে?

১৩৩। 'ছোটগল্পের জনক' মঁপাসাঁর সাহিত্যিক শিক্ষাগুরু কাকে বলা হয়?

১৩৪। আমেরিকায় দাসপ্রথা অবলোপের পিছনে 'আঙ্কল টমস কেবিন' নামের মানবিক উপন্যাসটির ভূমিকা উল্লেখযোগ্য। বইটি কার লেখা ?

১৩৫। 'মোনালিসা'—লিওনার্দো দ্য ভিঞ্চির আঁকা অতি বিখ্যাত এই ছবিটির আসল নাম কি ?

১৩৬। ফ্রান্সের ল্যুভর মিউজিয়ামে রক্ষিত 'মোনালিসা' ছবিটি একবার চুরি যায়। এর দু' বছর চার মাস চৌদ্দ দিন পর ছবিটি ফিরে আসে ইতালী থেকে ছবিটি উদ্ধার হবার পর। কখন এটি চুরি যায় ?

১৩৭। ১৭১২ সালে স্কট সাহিত্যিক জন আরবুথনট কয়েকটি প্রহসন রচনা করেছিলেন। এগুলির একটির চরিত্র ইংল্যাণ্ডের মানুষের সাধারণ চরিত্রকে নির্দেশ করে। ক্রমে এই চরিত্রটি ইংল্যাণ্ডের জাতীয় চরিত্রে পরিণত হয়। চরিত্রটির নাম কি ?

১৩৮। একুশ বছর বয়সে কবিতা রচনার সূত্রপাত এবং মারা যান ছাব্বিশ বছর বয়সে—মাত্র পাঁচ বছরেই ইংরেজী ভাষার বিখ্যাত কবিদের একজন হিসাবে স্বীকৃতি পান উনবিংশ শতকের এক ইংরেজ কবি। কে ?

১৩৯। বিশ্ববরেণ্য এক ইংরেজ সাহিত্যিক বেঁচেছিলেন মাত্র বিয়াল্লিশ বছর। কিন্তু এই সময়েই উপন্যাস, ভ্রমণকাহিনী, কবিতা, ছোটগল্প—সবেতেই দক্ষতার সাক্ষর রেখে গেছেন। অশ্লীল আখ্যা দিয়ে এঁর একটি উপন্যাস নিষিদ্ধ হয়ে যায়, যা তাঁর মৃত্যুর বহু পরে ১৯৬২ সালে নিষেধাজ্ঞ হতে মুক্ত হয়। এঁরই নিজের জীবনের অভিজ্ঞতা নিয়ে লেখা উপন্যাস 'সনস এণ্ড লাভার্স'। কে এই সাহিত্যিক ?

১৪০। প্রথম সায়েন্স ফিকশন লেখক কে ?

১৪১। আর্থার কন্যান ডয়েল শার্লক হোমস চরিত্রটি সৃষ্টি করেছিলেন বাস্তবের একজন মানুষকে দেখে, যাঁর বিশ্লেষণী ক্ষমতা এবং পর্যবেক্ষণ শক্তি ছিল অসাধারণ। কে এই মানুষটি ?

১৪২। প্রথম মহাকাশ ভ্রমণ নিয়ে কল্পনা করেন এবং গল্প লেখেন জুল ভের্ন ১৮৭০ সালে। কোন উপন্যাসে ?

১৪৩। প্রথম বিশ্বযুদ্ধের পর প্রথম ফ্রান্সে এবং সেখানে হতে পরে সারা ইউরোপে কাব্য এবং চিত্রকলার সুররিয়ালিজমের প্রভাব ছড়িয়ে পড়ে। কোন কোন মতে সুররিয়ালিজমের উৎপত্তি দাদাইজম থেকে। এই মতের প্রবক্তাদের মধ্যে বিখ্যাত কবি ফ্রান্সের আঁদ্রে রেতোঁ, যিনি ফ্রয়েড দ্বারা বিশেষভাবে প্রভাবিত। এই ধারার শিল্পীদের মধ্যে হায়ারনিমাস বস্ক, গোয়া, ম্যাক্স আর্ণট, পল ক্লী, রেনে মাগ্রিতে, সালভাদোর দালি, জর্জিও দ্য চিরিকো বিখ্যাত। এঁদের মত কি ছিল বা কোন চিন্তা দ্বারা এঁরা প্রভাবিত ছিলেন ?

১৪৪। কোন বিশ্ববিশ্রুত ফরাসী সাহিত্যিক সম্বন্ধে প্রবাদ আছে যে, তিনি তাঁর লেখার ভাষা এবং যতিচিহ্ন নিয়ে এতই বেশী ভাবতেন যে, সারা সকাল চিন্তা করে তিনি হয়ত তাঁর লেখার কোথাও একটি কমা চিহ্ন বসালেন, কিন্তু তারপর সারা বিকালটা ভাবতেন সেই কমা চিহ্ন রাখবেন নাকি তুলে দেবেন ?

১৪৫। 'দ্য টাইম মেশিন'—কল্প বিজ্ঞানের এই বিখ্যাত উপন্যাসটির লেখক কে ?

১৪৬। বিশ্ব সাহিত্যের দরবারে 'লিভস অব গ্র্যাস' কাব্য গ্রন্থটি খুবই বিখ্যাত। কে এই গ্রন্থের কবি ?

১৪৭। গ্রীক পুরাণের অ্যাকিলিস ছিলেন প্রায় অবধ্য। কিন্তু তাঁর দেহেও দুর্বল স্থান ছিল। কোন স্থান ?

১৪৩। বর্তমানে কম্পিউটার শিক্ষক ব্যবহৃত হয় বিভিন্ন বিষয় শেখাবার কাজে। আজ থেকে ত্রিশ বছরের বেশী আগে বিজ্ঞান লেখক আইজ্যাক অ্যাসিমভ তাঁর একটি গল্পে কম্পিউটার শিক্ষকের কথা বলে গেছেন। কোন গল্পে ?

১৪৯। 'ফেলুদা'র আসল নাম কি ?

১৫০। এক ফুটবলারের আত্ম প্রতিষ্ঠার সংগ্রাম নিয়ে লেখা একটি বাংলা উপন্যাসের নাম 'স্ট্রাইকার'। কে এর লেখক ?

১৫১। আলফ্রেড হিচককের বিখ্যাত সিনেমা 'সাইকো'-র লেখক কে ?

১৫২। কোন ভারতীয় সিনেমা সর্বাধিক ফিলম ফেয়ার পুরস্কারে ভূষিত হয়েছে ?

১৫৩। ১৯৮৭ সালে উচ্চাঙ্গ সঙ্গীতে কে 'বেগম আখতার পুরস্কার' পেয়েছেন ?

১৫৪। সুনীল গঙ্গোপাধ্যায়ের কোন উপন্যাস বঙ্কিম পুরস্কার অর্জন করেছেন ?

১৫৫। 'দৃষ্টিহীন' কোন লেখকের ছদ্মনাম ?

১৫৬। '২১ নম্বর বনমালী নস্কর লেন' ঠিকানাটি কার জন্য বিখ্যাত ?

১৫৭। ঈশ্বর পৃথিবী ভালোবাসা কার আত্মজীবনী ?

১৫৮। বিংশ শতাব্দীর চরিত্রদের মধ্যে 'সবচেয়ে ঘৃণ্য মানুষ' হিসাবে কে পৃথিবী ব্যাপী নির্বাচনে মনোনীত হয়েছেন এবং একাধিক বার ?

১৫৯। 'দ্য মিস্ট্রি অব পিকাসো' এই তথ্যচিত্রটি কেন অতি মাত্রায় স্বতন্ত্র হিসাবে চিহ্নিত ?

১৬০। ১৫৯১ সালে হায়দ্রাবাদে প্লেগ মহামারীর প্রকোপকে স্মরণীয় করে রাখতে নির্মিত হয় বিখ্যাত চারমিনার। কে এর নির্মাতা ?

১৬১। "নিউটন বিজ্ঞানের ক্ষেত্রে যা, চলচ্চিত্র জগতে সত্যজিৎ রায়ও তাই"। কে একথা বলেছিলেন ?

১৪২। "বছরের বাকি ৩৬৪ দিন আমরা যা করি, ১লা এপ্রিল দিনটিতে সেটাই আমরা স্মরণ করি"। কার উক্তি ?

১৬৩। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর রাশিয়া ও জার্মানীর মধ্যে কোন চুক্তি সম্পাদিত হয়েছে ?

১৬৪। রজার মুর বর্তমানে জেমস বণ্ড চরিত্র চলচ্চিত্রে রূপায়িত করেন। কিন্তু প্রথম দিকে এই চরিত্রের অভিনেতা কে ছিলেন ?

১৬৫। রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম' ওমর খৈয়ামের একটি বিখ্যাত রুবাইয়ের সংকলন, যার ইংরেজী অনুবাদ আছে এডোয়ার্ড ফিটজেরাল্ডের, হিন্দিতে মৈথিলি শরণ গুপ্তের। বাংলায়ও কিছু অনুবাদ আছে সৈয়দ মুজতবা আলীর এবং শক্তি চট্টোপাধ্যায়ের। ওমর খৈয়াম কিন্তু মূলতঃ কবি ছিলেন না, তাঁর খ্যাতি অন্য কারণে। কি কারণে ?

১৬৪। প্রয়াত গায়ক মুকেশের সম্পূর্ণ নাম কি ছিল ?

১৬৭। সত্যপীর ছদ্মনামে বাংলায় কে লিখতেন ?

১৬৮। বিখ্যাত এক পাশ্চাত্য সঙ্গীতের গায়িকার মূল নাম ম্যাডোনা লুইজি দ্য সিকোন। ইনি কোন নামে পরিচিত ?

১৬৯। কালো মানুষদের মুক্তির গান 'উই শ্যাল ওভার কাম সাম ডে' কার লেখা ?

১৭০। কর্ণেল নীলাদ্রি সরকার—বাংলা সাহিত্যে প্রকৃতি প্রেমিক এই গোয়েন্দা চরিত্রটি কার সৃষ্টি ?

১৭১। 'স্বপনবুড়ো'—কে এই ছদ্মনামে শিশু সাহিত্য রচনা করেছেন ?

১৭২। বর্ধমান রাজবংশের নিরুদ্দেশ রাজপুত্র প্রতাপচাঁদ সংক্রান্ত মামলার বিষয়বস্তু নিয়ে এক সময় রচিত হয় একটি উপন্যাস 'জাল প্রতাপচাঁদ' নামে। কে এটি লেখেন ?

১৭৩। বঙ্কিম চন্দ্রের দুর্গেশ নন্দিনী উপন্যাসটি সম্ভবতঃ একটি ইংরেজী উপন্যাসের ছায়ায় রচিত—এমন সন্দেহ ছিল তৎকালীন বহু সাহিত্য সমালোচকের। কোন উপন্যাস ?

১৭৪। 'কতকাল রবে বল ভারত রে, শুধু ডাল-ভাত-জল পথ্য করে' এই রবীন্দ্র সঙ্গীতটি রচিত হয় বিখ্যাত এক উর্দু গজল 'যব ছোড় চলে লখনৌ নগরীর' সুরে। কে এই গজলের রচয়িতা এবং সুরকার ?

খেলাধুলা

১। পি. টি. ঊষা – ভারতীয় এই অ্যাথলীটের পুরো নাম কি ?

২। বিশ্বকাপ ফুটবলে প্রথম গোলদাতা কে ?

৩। টেস্ট ক্রিকেটে প্রথম হ্যাটট্রিক করার গৌরব কে অর্জন করেন ?

৪। ভারতের জাতীয় খেলা কি ?

৫। উইম্বলডনের পরেই টেনিসের সবচেয়ে সম্মানিত প্রতিযোগিতা ইউ. এসঃ ওপেন টেনিস চ্যাম্পিয়নশিপ। ১৯৮৭ সালে মহিলা বিভাগে কে এই প্রতিযোগিতায় বিজয়ী হয়েছেন ?

৬। আমেরিকায় ফুটবল খেলাকে কি বলা হয় ?

৭। ক্রিকেট টেস্ট ম্যাচে উইকেট কীপার ছাড়া বাকী দশজনেরই বল করার নজির দুটি এবং দুটিই ভারতীয়দের। একটি ইংল্যাণ্ড ও অপরটি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। কোন কোন সালে এই ঘটনা ঘটেছিল ?

৮। পৃথিবীর সর্বকালের অন্যতম সেরা ব্যাটসম্যান সুনীল গাভাসকারের একটি টেস্ট উইকেটও আছে। কার উইকেট ?

৯। টেনিসে ডেভিস কাপ প্রতিযোগিতা কোন বছর শুরু হয় ?

১০। তাসের ব্রীজ খেলায় দুই পার্টনারের হাত মিলিয়ে কমপক্ষে কত পয়েণ্ট থাকলে গ্রাণ্ড স্ল্যাম হতে পারে ?

১১। 'উড়ন্ত মানুষ' কাকে বলা হয়।

১২। ১৮৬৫ সালের কোনো সময় ব্যাটমিণ্টন খেলার সুচনা হয় ইংল্যাণ্ডের গ্লশেষ্টারশায়ারে ডিউক অফ বুফোর্টের ব্যাডমিণ্টন হাউসে যা থেকে খেলাটির নামকরণ হয়। কিন্তু নিয়ম তৈরী করে সুসংবদ্ধ ভাবে খেলাটি প্রথম কোথায় চালু হয় ?

১৩। একদিনের সীমিত ওভার ক্রিকেট সর্বাধিক ব্যক্তিগত রানের রেকর্ড আইজাক ভিভিয়ান রিচার্ডসের, ১৯৮৭ রিলায়েন্স কাপে ১৮২ রান। কোন দেশের বিরুদ্ধে ?

১৪। ক্রিকেটের বিশ্বকাপে এমনকি অন্য একদিনের ক্রিকেটের আন্তর্দেশীয় প্রতিযোগিতায় সবচেয়ে কম রান দেবার রেকর্ড কোন বোলারের ?

১৫। ১৮৮৬-৮৭ সালে প্রথম টেস্ট ক্রিকেটের সূচনা হয় ইংল্যাণ্ড এবং অষ্ট্রেলিয়ার মধ্যে প্রতিযোগিতা দিয়ে। এই দুই দলের প্রথম অধিনায়ক কে কে ছিলেন ?

১৬। বিলিয়ার্ডসে বর্তমানে বিশ্ব চ্যাম্পিয়ান ভারতের গীতি শেঠী। তাঁর আগে কোন ভারতীয় পর পর তিনবার বিশ্ব চ্যাম্পিয়ান হবার গৌরব অর্জন করেছেন ?

১৭। সার্কাসে দড়ির উপর হাঁটার খেলায় বিখ্যাততম ছিলেন ব্রনডিন। এঁর সবচেয়ে বিস্ময়কর কাজ ৩৩৫ মিটার চওড়া নায়াগ্রা জলপ্রপাত দড়ির উপর দিয়ে হেঁটে পার হওয়া। ফরাসী এই ভদ্রলোকের আসল নাম কি ছিল ?

১৮। বক্সিংয়ে বক্সারদের ওজন হিসাবে লাইট ফ্লাইওয়েট, ব্যাণ্টামওয়েট, হেভী ওয়েট ইত্যাদি বিভিন্ন শ্রেণীতে ভাগ করা হয়। বক্সিং প্রতিযোগিতায় এরকম বিভাগ কয়টি ?

১৯। মহম্মদ আলীর পূর্ব নাম কি ছিল ?

২০। কোন বিখ্যাত ইংরেজ কবি ক্রিকেটে ইংল্যাণ্ডের অধিনায়ক হিসাবে প্রতিনিধিত্ব করেছেন ?

২১। কোন খেলোয়াড় ক্রিকেট এবং ফুটবল—এই দুই খেলাতেই দেশের হয়ে প্রতিনিধিত্ব করেছেন ?

২২। ১৯৬৫ সালে ক্রিকেটের প্রথম টাই টেস্টের অংশীদার ছিল অষ্ট্রেলিয়া এবং ওয়েষ্ট ইণ্ডিজ। ওই টেস্টের চতুর্থ ইনিংসে ব্যাট করেছিল অষ্ট্রেলিয়া। শেষ ওভারটিতে বোলার কে ছিলেন ?

২৩। সাইকেলে তোলা দ্রুততম গতি কত ?

২৪? ঘোড়দৌড়ের মধ্যে সবচেয়ে বিখ্যাত ইংল্যাণ্ডের ডার্বি রেস। এখানে তিন বছরের বেশী বয়েসের ঘোড়া অংশ নিতে পারে না। কখন থেকে এই রেস শুরু হয় ?

২৫। আধুনিক জনপ্রিয় স্পোর্টসের মধ্যে এরোব্যাটিক্স অন্যতম আকর্ষণীয়। ১৯১৩ সালের ২১ সেপ্টেম্বর ফরাসী বৈমানিক সেলেস্তিন অ্যাডলফ পিগোদ একটি ব্লেরিওট বিমানে উল্টোভাবে দীর্ঘক্ষণ ওড়েন। এটাকে প্রথম এরোব্যাটিক মনে করা হলেও তার প্রায় একমাস আগে একটি নিউপোর্ট টাইপ IV মনোপ্লেনে প্রথম লুপিংই প্রথম এরোব্যাটিক। এটি ঘটে ২৭ আগষ্ট ১৯১৩ সালে। কে এই বৈমানিক ?

২৬। ক্রিকেটের ইতিহাসে 'দি ওল্ড ম্যান' নামে কে পরিচিত ?

২৭। অন্নপূর্ণা—I পর্বতশৃঙ্গ প্রথম জয়ের নায়ক কে ?

২৮। এক দিনের আন্তর্জাতিক ক্রিকেট সর্বাধিক ব্যক্তিগত রান কার ?

২৯। মোহনবাগান প্রথম ভারতীয় দল, যারা আই. এফ. এ. শীল্ড জয় করেছিল কোন সালে ?

৩০। ইউরোপীয়ান ফুটবলার অব দ্য ইয়ার—এ সম্মান এ পর্য্যন্ত মাত্র একজন খেলোয়াড়ই পর পর তিনবার অর্জন করেছেন। কোন খেলোয়াড় ?

৩১। আন্তর্জাতিক স্তরে ক্রিকেটে টেষ্ট খেলার অধিকার সাতটি দেশের—ইংল্যাণ্ড, অষ্ট্রেলিয়া, ওয়েষ্ট ইণ্ডিজ, নিউজীল্যাণ্ড, ভারত, পাকিস্তান এবং বর্তমানে শ্রীলঙ্কা। কিন্তু এক দিনের ক্রিকেটের অধিকার কতগুলি দেশের আছে ?

৩২। সবচেয়ে বিপজ্জনক পর্বতশৃঙ্গ কারাকোরাম হিমালয়ের নাঙ্গা পর্বত। কে প্রথম এই শৃঙ্গ আরোহন করেন ?

৩৩। একাধিক খেলায় প্রতিষ্ঠা পেয়েছে, এমন খেলোয়াড় অনেকেই আছেন। সর্বাধিক খেলায় অংশ নিয়ে প্রতিভার সাক্ষর রেখেছেন কোন খেলোয়াড় ?

৩৪। এডসন আরান্তেস দো ন্যাসকিমেন্তো—এই মানুষটি কোন নামে খেলার জগতে পরিচিত ?

৩৫। ক্রীড়া জীবনে প্রথম শ্রেণীর ফুটবলে সর্বাধিক গোল করার কৃতিত্ব পেলের। কতগুলি ?

৩৬। আন্তর্জাতিক ফুটবলে একটি খেলায় সর্বাধিক গোল করার কৃতিত্ব কার ?

৩৭। 'সর্বকালের সর্বশ্রেষ্ঠ অ্যাথলীট' কাকে বলা হয় ?

৩৮। সাঁতারে এক অলিম্পিকের আসরে সর্বাধিক স্বর্ণপদক জয়ের কৃতিত্ব কার ?

৩৯। হাইজাম্পে বিশ্বরেকর্ড ৭ ফুট ১০ ইঞ্চি। কার ?

৪০। টেনিসের উইম্বলডনের পরেই সবচেয়ে নামী প্রতিযোগিতা 'ইউ, এস-ওপন'। এই প্রতিযোগিতায় পুরুষ এবং মহিলা বিভাগ মিলিয়ে সর্বাধিক বার চ্যাম্পিয়ান কে হয়েছেন ?

৪১। টেনিসে কোন প্রতিযোগী উইম্বলডন, ইউ. এস. ওপন, অস্ট্রেলিয় এবং ফরাসী—মোট চারটি প্রতিযোগিতায় কোনো বছর বিজয়ী হলে 'গ্র্যাণ্ড স্ল্যাম' বিজয়ীর সম্মান পান। সর্বশেষ পুরুষদের এই প্রতিযোগিতায় কে জিততে সক্ষম হয়েছেন ?

৪২। টেনিস সিঙ্গলসে সর্বশেষ গ্র্যাণ্ড স্ল্যাম কে পেয়েছেন ?

৪৩। ইংলিশ চ্যানেলে দ্রুততম পারাপার কে করেছেন ?

৪৪। কে প্রথম ইংলিশ চ্যানেল অতিক্রম করেছেন ?

৪৫। কোন ভারতীয় মহিলা প্রথম ইংলিশ চ্যানেল অতিক্রম করেন ?

৪৬। দীর্ঘতম সাঁতারের রেকর্ডটি অদ্ভুত। যিনি এই রেকর্ডের অধিকারী তিনি ১৯৫৮ সালে ইংলিশ চ্যানেল অতিক্রম করেন। ১৯৬৬ সালে ভারত ও শ্রীলঙ্কার মধ্যে পক প্রণালী, ইউরোপ এবং আফ্রিকার মধ্যে জিব্রাল্টার প্রণালী, এশিয়া মাইনর এবং ইউরোপের মধ্যে ডারডানেলস, বস্ফোরাস প্রণালী এবং পানামা খালের পূর্ণ দৈর্ঘ্য ইনি সাঁতারে অতিক্রম করেন। কে এই সাঁতারু ?

৪৭। দীর্ঘতম সাঁতারের রেকর্ড কোনটি ?

৪৮। বিশ্বকাপ ফুটবলের সূচনা কখন ?

৪৯। এ পর্যন্ত বিশ্বকাপ ফুটবলের তেরোটি প্রতিযোগিতার সব কটিতেই অংশগ্রহণ করেছে একটিমাত্র দেশ। কোন দেশ ?

৫০। বিশ্বকাপের নাম ছিল জুলে রিমে কাপ। আগে নিয়ম ছিল কোন দেশ তিনবার প্রতিযোগিতায় বিজয়ী হলে এই কাপ একেবারে রাখবার অধিকারী

হবে। ১৯৭০ সালে তৃতীয় বারের জন্য বিজয়ী হয়ে কোন দেশ এই কাপ অর্জন করে ?

৫১। ব্রাজিল ছাড়া আর কোন দেশ বিশ্বকাপে তিনবার চ্যাম্পিয়ান হয়েছে ?

৫২। এ পর্য্যন্ত একজন ফুটবল খেলোয়াররই পাঁচটি বিশ্বকাপে খেলবার সম্মান অর্জন করেছিলেন। কে ?

৫৩। মোটর সাইকেল রেসিংয়ে বিশ্ব প্রতিযোগিতায় পরপর পাঁচবার ৩৫০ সি. সি. এবং ৫০০ সি. সি. এই দুটি বিভাগেই কে চ্যাম্পিয়ান হয়েছিলেন ?

৫৪। অলিম্পিকে জিমন্যাসটিকসে সম্পূর্ণ ১০ স্কোর প্রথম কে করতে পেরেছেন।

৫৫। দাবার বিশ্ব প্রতিযোগিতা কখন শুরু হয় ?

৫৬। দাবায় সবচেয়ে বেশীদিন বিশ্ব চ্যাম্পিয়ান কে ছিলেন ?

৫৭। বক্সিংয়ের হেভীওয়েট বিভাগে সবচেয়ে বেশীবার কে বিশ্ব চ্যাম্পিয়ান খেতাব অর্জন করেছেন ?

৫৮। উইম্বলডন টেনিস সিঙ্গলসে পাঁচবার বা বেশীবার চ্যাম্পিয়ান কে কে হয়েছেন ?

৫৯। ১৯৩৮ ফুটবলের বিশ্বকাপে ব্রাজিল এবং ফ্রান্সের মধ্যে খেলায় ব্রাজিলের একজন খেলোয়াড় খালি পায়ে কিছুক্ষণ খেলেছিলেন। কে এই খেলোয়াড় ?

৬০। টেষ্ট ক্রিকেটের ইতিহাসে প্রথম সেঞ্চুরি যাঁর দখলে, তিনিই টেষ্ট ক্রিকেটের প্রথম বলটি খেলার গৌরব অর্জন করেন। কে ?

৬১। চন্দ্রপৃষ্ঠে মানুষ পদচারনা করে, নুড়ি কুড়িয়েই সন্তুষ্ট থাকেনি, খেলাও করেছে। ঘরে বসে খেলা নয়, রীতিমতো গলফ ! কে এই 'লুনাটিক গলফার' ?

৬২। হেভীওয়েট বক্সিংয়ে 'ব্রাউন বম্বার' নামে কে পরিচিত ? ইনি ১৯৩৭ থেকে চ্যাম্পিয়ান ছিলেন তাঁর অবসর গ্রহণ পর্য্যন্ত অর্থাৎ, ১৯৪৯ পর্যন্ত। খেতাব বজায় রাখতে তাঁকে ২৫ বার লড়তে হয় এবং প্রতিবারই তিনি বিজয়ী হন।

৬৩। আন্তর্জাতিক ক্রিকেটের ১৯৬৯ সাল পর্য্যন্ত নিয়ামক সংস্থা ছিল

মেরিলিবোন ক্রিকেট ক্লাব, সংক্ষেপে এম. সি. সি.। ১৭৮৮ সালে লর্ডস ক্রিকেট গ্রাউণ্ডে এটি স্থানান্তরিত হবার পর এই নাম গ্রহণ করে। তার আগে সংস্থাটির নাম কি ছিল ?

৬৪। 'ম্যাটারহর্ণ'—আল্পসের কঠিনতম এই পর্বতশৃঙ্গ প্রথম বিজিত হয় ১৮৬৫ সালের ১৪ জুলাই। কে জয় করেন ?

৬৫। 'ইণ্ডিয়ান ম্যাটারহর্ণ,।কোন পর্বতকে বলা হয় ?

৬৬। রোলার স্কেট প্রথম ১৭৬০ সালে যোসেফ মলিন নামের এক বেলজিয়ান সংগীতজ্ঞ চালু করেন। কিন্তু আধুনিক চার চাকার ইস্পাত এবং রাবারের রোলিং স্কেট প্রথম তৈরী হয় আমেরিকায় ১৮৬৩ সালে এবং তখন থেকেই এটি জনপ্রিয় খেলা হিসাবে গৃহীত হয়। আধুনিক রোলার স্কেটের নির্মাতা কে ?

৬৭। একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে একশ'র বেশী উইকেট এবং দু'হাজারের বেশী রান দু'জন এ পর্যন্ত করেছেন। কে কে ?

৬৮। কোন খেলোয়াড় ভারতের হয়ে হকিতে আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন, ক্রিকেট খেলেছেন টেস্ট স্তরে ভারত এবং পাকিস্তানের হয়ে ?

৬৯। প্রথম টেস্ট আর্বিভাবে শতরান করার সৌভাগ্য অনেক খেলোয়াড়ের হয়েছে কিন্তু প্রথম তিনটি টেস্টেই শতরান করা—এ গৌরব একজনই অর্জন করেছেন। কে ?

৭০। পরপর পাঁচটি টেস্টে শতরান করা খুব সহজসাধ্য নয়। কিন্তু এই দুরুহ বিশ্ব রেকর্ডও একজন করেছেন। এছাড়াও কনট্র্যাকট ব্রীজে তিনি নিজের দেশের হয়ে আন্তর্জাতিক স্তরে খেলেছেন। কে ইনি ?

৭১। ভারতীয় ফুটবলের অস্তিত্ব ভারতের বাইরে বর্তমানে নেই বললে তা অন্ততঃ নিন্দা হবে না। কিন্তু ভারতীয় ফুটবল দল এক সময় অলিম্পিক খেলেছে। কোন অলিম্পিকে ?

৭২। ভারতে কাশ্মীরের গুলমার্গে স্কি শেখবার স্কুল থাকলেও ভারতে কোন স্কি প্রতিযোগিতা হয় না। কোনো ভারতীয় বিশ্বের কোনো স্কি প্রতিযোগিতায়

যোগও দেন না। কিন্তু একজন ভারতীয় তার ব্যতিক্রম। ফ্রান্সের ইউরোপীয়ান স্কি প্রতিযোগিতায় শুধু যোগ দেওয়া নয়, প্রথম হয়েছিলেন ইনি। কে ?

৭৩। তিনবার এভারেস্ট আরোহন করেছেন, এমন পর্বতারোহী এখন একাধিক। কিন্তু বহুদিন পর্যন্ত একজন ভারতীয়ের দু'বার এভারেস্ট আরোহণই ছিল রেকর্ড। কে তিনি ?

৭৪। কুস্তিতে ভারতীয়দের ভূমিকা আদৌ নেই। কিন্তু একজন ভারতীয় বাঙালী কুস্তিতে বিশ্ব চ্যাম্পিয়ান হয়েছিলেন। প্রথমে ১৯১২ সালে ব্রিটিশ এম্পায়ার চ্যাম্পিয়ান, পরে ১৯২০ সালে লাইট হেভীওয়েট বিভাগে বিশ্ব চ্যাম্পিয়ান। কে ?

৭৫। 'হিউম্যান লোকোমোটিভ' কাকে বলা হয় ?

৭৬। ১৮৯৬ এ প্রথম অলিম্পিক থেকেই ম্যারাথন দৌড় শুরু হয়। সেবারে দূরত্ব ছিল ম্যারাথন থেকে এথেন্স পর্যন্ত ২৪ মাইল বা ৩৮ কিলোমিটার, যা ফাইডিপিডিস দৌড়েছিলেন। কিন্তু পরে এটি দাঁড়ায় ২৬ মাইলে। ১৯০৮ সালের লণ্ডন অলিম্পিক এই দূরত্ব ছিল ২৬ মাইল ৩৮৫ গজ, যা এখনকার দূরত্ব। এই বাড়তি ৩৮৫ গজ কেন যোগ হয়েছিল ?

৭৭। জন্ম থেকেই প্রতিবন্ধী এই মানুষটির হাত এবং পায়ের পাতা নেই। তবু অ্যাথলীট হবার সংকল্প নিয়ে ইনি পায়ের নীচে প্যাড লাগিয়ে দৌড় অভ্যাস করতেন। প্রতিযোগীতাতেও অংশ নিয়েছেন। দক্ষিণ ক্যালিফার্নিয়ার ম্যারাথন দৌড়ে ১৯৭১ সালে সুস্থ প্রতিযোগীদের সঙ্গে প্রতিযোগিতায় প্রথম হয়েছিলেন ইনি। কে এই বিস্ময় মানুষ ?

৭৮। ১৯৮২ এশিয়ান গেমসের প্রতীক কি ছিল ?

৭৯। অলিম্পিক হকিতে ভারত শেষ স্বর্ণপদক কোন বারে পেয়েছে ?

৮০। পর্বতারোহণ প্রয়োজনে বা খেয়ালে বহু দূর—অতীত থেকেই মানুষ করে আসছে। কিন্তু আনুষ্ঠানিক ভাবে পর্বতারোহণের সূত্রপাত কখন থেকে ?

৮১। কোন মহিলা পর্বতারোহী প্রথম এভারেস্ট আরোহন করেছেন ?

৮২। বয়স্কতম এভারেস্ট বিজয়ী কে ?

৮৩। অক্সিজেন ছাড়া সম্পূর্ণ একক প্রচেষ্টায় একাধিকবার এভারেস্ট জয় কোন পর্বতারোহী করেছেন ?

৮৪। কোন কোন ইভেণ্ট 'ডেকাথেলনের' অন্তর্ভুক্ত ?

৮৫। প্রথম সাইকেল রেস প্রতিযোগিতা হয় প্যারিসে ৩১ মে ১৯৩৬ সালে। কে এই প্রতিযোগিতায় বিজয়ী হয়েছিলেন ?

৮৬। যানবাহন চলে—এমন পথে মোটর সাইকেল রেস একটি দেশ বাদে পৃথিবীতে কোথাও হয় না। কোন দেশে সাধারণ জনপথে মোটর সাইকেল রেস হয় ?

৮৭। অলিম্পিকের প্রতীক পাঁচটি পরস্পর সংলগ্ন বলয়। এই বলয়গুলি কি নির্দেশ করে ?

৮৮। আমাদের দেশে "বাহাত্তুরে ধরা" একটা প্রবাদ। কিন্তু বাহাত্তরের বেশী বয়সেও অলিম্পিক ক্রীড়ায় অংশ নেবার ঘটনা আছে। কে এই প্রতিযোগী ?

৮৯। পরবর্তী এশিয়াড ১৯৯০ সালে। এটি কোথায় অনুষ্ঠিত হবে ?

৯০। এ পর্যন্ত একজনই ভারতীয় রেফারী বিশ্বকাপ ফুটবল খেলা পরিচালনা করেছেন। কে ?

৯১। ক্রিকেটে 'আণ্ডার আর্ম' বোলিং বে-আইনী না হলেও অপ্রচলিত। কিন্তু এ জাতীয় ঘটনা নিকট অতীতেই ঘটেছে। কোন খেলায় ?

৯২। একজনই ভারতীয় উইকেট কীপার টেষ্ট স্তরে ১০০ জন ব্যাটসম্যানকে ষ্টাম্পড অথবা কট বিহাইণ্ড আউট করেছেন। কে ?

৯৩। ক্রিকেট টেষ্টে কোন দেশের করা সর্বনিম্ন এক ইনিংসের স্কোর ৩৫। কোন দেশের স্কোর ?

৯৪। আন্তর্জাতিক হকিতে দেশের হয়ে সবচেয়ে বেশীবার প্রতিনিধিত্ব করেছেন কে ?

৯৫। বিশ্বে প্রথম আন্তর্জাতিক শুটিং প্রতিযোগিতা কখন অনুষ্ঠিত হয়েছিল ?

৯৬। বিশ্বকাপ ক্রিকেট এক ইনিংসে কোন উইকেট কীপারের সবচেয়ে বেশী ক্যাচ নেবার রেকর্ড কার ?

৯৭। সর্বকালের অন্যতম শ্রেষ্ঠ অলরাউণ্ডার গ্যারিফল্ড সোবার্স জীবনে একটিই একদিনের আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন, ৫ সেপ্টেম্বর ১৯৭০ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে। কত রান করেছিলেন এবং কয়টি উইকেট পেয়েছিলেন সোবার্স সেই খেলায়।

৯৮। 'ব্ল্যাক ব্র্যাডম্যান' কাকে বলা হয় ?

৯৯। বিশ্বকাপ ক্রিকেটে কোন দলের সর্বোচ্চ রানের রেকর্ড ৩৩৪ রান। কোন দেশের ?

১০০। বিশ্বকাপে কোন বোলারের সর্বাধিক রান দেওয়ার রেকর্ড কার ?

১০১। বিশ্বকাপ ক্রিকেটে দশ উইকেটে জেতার ঘটনা মাত্র দুটি। একটি ১৯৭৩ বিশ্বকাপে ওয়েষ্ট ইণ্ডিজের, জিম্বাওয়ের বিরুদ্ধে। অপরটি কোন দেশের ?

১০২। বিশ্বকাপে সবচেয়ে কম রানের ব্যবধানে কোন দল জিতেছে ?

১০৩। মোটর সাইকেলের ডার্ট ট্রাক রেসিং কোথায় এবং কখন প্রথম চালু হয় ?

১০৪। বর্তমানে বিশ্বে জনপ্রিয় খেলার মধ্যে ওয়াটার স্কিইং একটি। এটির সূত্রপাত হয় ১৯২২ সালে। কে এর আবিস্কর্তা ?

১০৫। বিশ্বে ঘোড়দৌড়ের মধ্যে ইংল্যাণ্ডের ডার্বি রেস বিখ্যাত। এই ঘোড়া-দৌড় কোথায় অনুষ্ঠিত হয় ?

১০৬। ১৯৮৫ সালে অস্ট্রেলিয়ায় বেনসন এণ্ড হেজেস ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশীপ অব ক্রিকেটে 'চ্যাম্পিয়ান অব চ্যাম্পিয়নস' পুরস্কার পান রবিশঙ্কর জয়দিথ শাস্ত্রী। পাঁচটি খেলায় মোট রান, উইকেট এবং ক্যাচের সংগ্রহ তাঁর কত ছিল ?

১০৭। ওই প্রতিযোগীতায় ভারত পাঁচটি খেলার (ফাইনাল সমেত) পাঁচটিতেই জেতে। সেই সময় ভারতীয় দলের অধিনায়ক কে ছিলেন ?

১০৮। টেবিল টেনিস খেলার সূচনা কখন এবং কোথায় হয়েছিল ?

১০৯। ক্রিকেট, বেসবল, টেনিস—ইত্যাদি খেলার বিচারকদের বলা হয় আম্পায়ার। শব্দটি কোথা থেকে এসেছে ?

১১০। ভলিবল খেলার উৎপত্তি হয়েছিল ১৮৫৯ সালে বাস্কেট বলের

সরলতর রূপদানের কথা ভেবে। তখন খেলোয়াড়ের সংখ্যা নির্দিষ্ট থাকত না। কোন দেশে এই খেলার সূচনা হয় ?

১১১। হকিতে এক সময়ে ভারতের দীর্ঘ একাধিপত্য থাকলেও গত প্রায় কুড়ি বছর ধরে দু একটি ঘটনা বাদ দিলে ভারতের স্থান অনেক নেমে এসেছে। বিশ্ব হকিতে ভারত শেষ কোন বছর চ্যাম্পিয়ান হয়েছে ?

১১২। ওয়াটার পোলোকে প্রথম বলা হতো জল ফুটবল বা ফুটবল ইন দ্য ওয়াটার। খেলাটি প্রথম কোথায় এবং কখন শুরু হয় ?

১১৩। নারী এবং পুরুষ বিভাগ মিলিয়ে টেনিসে এ পর্য্যন্ত একজনই সাতবার উইম্বলডন প্রতিযোগিতায় বিজয়ী হয়ে রেকর্ড করেছেন। কে ?

১১৪। ১৯৮৭ বিশ্বকাপ ক্রিকেটে ভারতের নবজ্যোৎ সিধু পরপর চারটি বিশ্বকাপ ইনিংসে অর্ধশতাধিক রাণ করেছেন। এটি করে তিনি পূর্ব রেকর্ডকে স্পর্শ করেছেন। কার রেকর্ড ?

১১৫। 'ক্যারি দ্য ব্যাট' অর্থাৎ ইনিংসের সূচনা করে শেষ পর্য্যন্ত নট আউট থেকে যাওয়া ক্রিকেটে এ জাতীয় ঘটনা খুব বেশী ঘটে না। একদিনের ক্রিকেটে এ সম্ভাবনা আরও কম। বিশ্বকাপে এ জাতীয় ঘটনা মাত্র দুটি। কে কে এই কাজটি করতে পেরেছেন ?

১১৬। বিশ্বকাপে এক ইনিংসে সর্বোচ্চ উইকেট কোন বোলার পেয়েছেন সাতটি। কে ?

১১৭। বিশ্বকাপে সবচেয়ে কম রাণ দিয়ে বেশী উইকেট পাবার গড় ছিল ৬.১৪। কে এই কৃতিত্বের অধিকারী ?

১১৮। 'সর্বকালের সর্বশ্রেষ্ঠ আম্পায়ার'-ক্রিকেটে এই বিশেষণ কাকে দেওয়া হয়েছে ?

১১৯। কিংবদন্তীর নায়ক ওয়েষ্ট ইণ্ডিজের তিন সমকালীন ক্রিকেটার পরিচিত ছিলেন 'থ্রি ডব্লিউ ইন ক্রিকেট' নামে। কে এঁরা ?

১২০। পর্বতারোহণের সূচনা খুঁজতে যাওয়া বাতুলতা। তবে অ্যাডভেঞ্চারের জন্য পর্বতারোহণ সম্ভবতঃ অষ্টাদশ শতকের কোন সময়ে শুরু হয়। কিন্তু জনপ্রিয়

স্পোর্ট্‌স হিসাবে পর্বতারোহণ স্থান পায় আরো অনেক পরে মূলতঃ একটি মানুষের আন্তরিক চেষ্টায়। ইনি পর্বতারোহণের জনক বলেই আজ স্বীকৃত। ১৮৭০ সালে লেখা দুটি বইও প্রকাশিত হয়—'ক্র্যাম্বলস অ্যামং দি আল্পস এবং 'অ্যাসেন্ট অফ দ্যা ম্যাটারহণ'। প্রথম ম্যাটারহর্ন ইনিই আরোহন করেন। কে ইনি?

১২১। 'উইজডেন, দ্য ক্রিকেটারস অ্যালমানার্ক' বইটি ক্রিকেটারদের বাইবেল নামে পরিচিত। প্রতি বছর এতে পাঁচজন সর্বশ্রেষ্ঠ ক্রিকেটার 'ফাইভ ক্রিকেটার অব দ্য ইয়ার' নির্বাচিত হন, যা যে কোন ক্রিকেটারের কাছে বিরাট সম্মানের। এই অ্যালমানাক কে প্রথম প্রকাশ করেছিলেন?

১২২। 'বুলস আই' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?

১২৩। কোন ভারতীয় বোলার বিশ্বকাপ ক্রিকেটে হ্যাটট্রিক করেছেন? এটি বিশ্বকাপে একমাত্র হ্যাটট্রিক।

১২৪। ব্যাডমিণ্টন খেলার জন্ম ভারতে হলেও এই খেলার সবচেয়ে বড়ো প্রতিযোগিতা অল ইংল্যাণ্ড ব্যাডমিণ্টন চ্যাম্পিয়নশীপে এ পর্য্যন্ত একজন মাত্র ভারতীয় একবারই জয়লাভ করেছেন। কে এবং কোন বছর?

১২৫। কভার পয়েণ্ট, থার্ডম্যান ইত্যাদি স্থানগুলি ক্রিকেট ছাড়াও কোন খেলায় ব্যবহৃত হয়?

১২৬। সবচেয়ে বড়ো মাঠের প্রয়োজন হয় পোলো খেলায়। মাঠের মাপ কি থাকে এই খেলায়?

১২৭। ১৮৫৯ সালে বিশ্বে প্রথম পোলো খেলার মাঠ তৈরী হয়। সেই মাঠ এখনো বাবহৃত হয়। কোথায় এই মাঠ?

১২৮। আমদের ডাণ্ডাগুলি খেলা ইংরেজরাও খেলে। কি নামে?

১২৯। সর্বকালের সর্বশ্রেষ্ঠ ব্যাটসম্যান যাঁকে বলা হয়, সেই ডোনাল্ড ব্র্যাডম্যাণ ছোটদের ক্রিকেট শেখাবার জন্য সুন্দর একটি বই লিখেছেন। কি নাম বইটির?

১৩০। ২৯ মিনিটের কম সময়ে যিনি প্রথম ১০০০০ মিটার দৌড়ে রেকর্ড করেন তিনি ১৯৪৮ থেকে ১৯৫৪ পর্যন্ত ৫০০০ থেকে ৩০০০০ মিটার রেসের

সব কয়টি ইভেণ্টে বিশ্বরেকর্ডের অধিকারী ছিলেন এবং একবারও ১০০০ মিটার রেসে এর মধ্যে প্রথম ছাড়া দ্বিতীয় হননি। কে এই অ্যাথলীট ?

১৩১। ১৯৭০ থেকে '৮৬ পর্যন্ত টানা পাঁচটি এশিয়াডের প্রতিটিতেই জাপানের মুরোফুসি তাঁর ইভেণ্টে সোনা জিতেছেন। এটি একটি রেকর্ড। কোন ইভেণ্টে সোনা জিতেছেন ?

১৩২। এশিয়ান গেমসের শ্রেষ্ঠ ক্রীড়াবিদকে কি পুরস্কার দেওয়া হয় ?

১৩৩। ১৯৮৭ সালের 'লাতিন আমেরিকান ফুটবলার অব দ্য ইয়ার' কে নির্বাচিত হয়েছেন ?

১৩৪। ১৯৮৫ সালের ফুটবলের বিশ্বকাপ প্রতিযোগিতায় একটি খেলায় গোল করা প্রসঙ্গে মারাদোনা বলেছিলেন এই গোলটিতে 'ঈশ্বরের হাত' ছিল। গোলটি আসলে মারাদোনার হাতে লেগে গোল হয়। কোন খেলায় ?

১৩৫। ৪.৯০ মিটার লংজাম্পের বিশ্ব রেকর্ড বব বীমন কোন অলিম্পিকে করেছিলেন ?

১৩৬। টেষ্ট ক্রিকেটে একদিনে তিনশ রান যিনি করেছেন, তাঁর রান তোলার গতিটিও অদ্ভুত ছিল—লাঞ্চের আগে প্রথম সেঞ্চুরি, চা পানের বিরতির আগে দ্বিতীয় এবং খেলা শেষের আগে তৃতীয় সেঞ্চুরী। কার এ রেকর্ড ?

১৩৭। ডন ব্র্যাডম্যানের টেষ্ট পিছু রানের গড় কত ?

১৩৮। এ পর্যন্ত প্রতিটি ক্রিকেটের বিশ্বকাপ ফাইনালে (১৯৮৭ পর্যন্ত চারটিতে) অদ্ভূত একটি ঘটনা ঘটেছে। কোন ঘটনা ?

১৩৯। বিশ্ব কাপ ক্রিকেটে হিট উইকেটের ঘটনা একটিই। কার ?

১৪০। একদিনের আন্তর্জাতিক ক্রিকেট 'হ্যাণ্ডলড দ্য বল' নিয়মে এ পর্যন্ত একজন ব্যাটসম্যানই আউট হয়েছেন। কে ?

১৪১। 'অবস্ট্রাকটিং দ্য ফিল্ড' নিয়মে একজন মাত্র ব্যাটসম্যান ক্রিকেটের ইতিহাসে আউট হয়েছেন। কে ?

১৪২। প্রথম শ্রেণীর ক্রিকেটে দ্রুততম ডাবল সেঞ্চুরীর রেকর্ড কার ?

১৪৩। ফুটবল 'ওয়াল পাস' কাকে বলে ?

১৪৪। ফুটবল গোলকীপার ছাড়া অন্য খেলোয়ার কি আইনসঙ্গত ভাবে হাত দিয়ে বল ধরতে পারে ?

১৪৫। ঘোড়দৌড়ে যে ঘোড়া কখনো কোনো বাজী জেতেনি, সেই ঘোড়াকে কি বলা হয় ?

১৪৬। উইকেটকীপার হিসাবে সবচেয়ে কম বয়সে টেস্ট অভিষেক হয়েছে কার ?

১৪৭। জিওফ আর্নণ্ড, ম্যালকম মার্শাল, মাইকেল হোল্ডিং এবং ইমরান খান এঁদের নাম কি সূত্রে একসাথে উচ্চারিত হয় ?

১৪৮। 'অ্যালান বর্ডার' এই জীবনী গ্রন্থের লেখক কে ?

১৪৯। ডন ব্র্যাডমানকে কোন ভারতীয় উইকেটকীপার স্টাম্প আউট করেছিলেন ?

১৫০। অলিম্পিকে একবারই ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয়েছে। সে বছর দুটি মাত্র দেশ প্রতিযোগিতা করে—ইংল্যাণ্ড এবং অস্ট্রেলিয়া, কোন বছর এই ঘটনা ঘটেছিল ?

১৫১। প্রথম আন্তর্জাতিক ক্রিকেট খেলা কোথায় অনুষ্ঠিত হয়েছিল ?

১৫২। ক্রিকেটে টেস্ট পর্য্যায়ে নিরপেক্ষ আম্পায়ার নিয়োগ কোথায় প্রথম প্রবর্তিত হয় ?

১৫৩। পৃথিবীর উচ্চতম গলফ খেলার মাঠ কোথায় অবস্থিত ?

১৫৪। ১৯৮৬ সালের সিওল এশিয়ান গেমসে ৪০০ মিটার দৌড় প্রতিযোগিতায় কোন মহিলা প্রতিযোগী প্রথম হওয়া সত্ত্বেও ডিসকোয়ালিফায়েড হন ?

১৫৫। কোন পাকিস্তানী প্রেসিডেন্ট ভারতে ক্রিকেটের রঞ্জি ট্রফিতে খেলেছেন ?

১৫৬। কোন রাষ্ট্রপ্রধান টানা দশ বছর তাঁর নিজের দেশের হেভী ওয়েট বক্সিংয়ে চ্যাম্পিয়ান ছিলেন ?

১৫৭। ক্রিকেট খেলায়, কখনো হকিতেও, দুটি দেশের মধ্যে সরকারী স্তরে খেলাকে টেস্ট বলা হয় কেন ?

বিবিধ

১। ১৮৬৬ খ্রীষ্টাব্দে স্বাধীনতার উপলক্ষে প্রীতি স্মারক হিসাবে ফ্রান্স আমেরিকাকে ষ্ট্যাচু অফ লিবার্টি নামের মূর্তিটি দেয় এবং ওই বছরে এটির আবরণ উন্মোচন হয়। ফরাসী বিপ্লবের পর অন্য একটি দেশ রাজতন্ত্র হতে মুক্তি পাওয়ায় ফ্রান্স এটিকে দেওয়ার কথা ভাবে অষ্টাদশ শতাব্দীতেই এবং এর যাবতীয় খরচও ফ্রান্স বহন করে। নিউইয়র্কের লিবার্টি আইল্যাণ্ডে আজও এটি একটি অন্যতম দ্রষ্টব্য। কে এই মূর্তির পরিকল্পনা করেন ?

২। ১৮৬১-১৮৬৫ আমেরিকার গৃহযুদ্ধের পর উত্তর হতে বহু লোক ক্ষমতা পাবার লোভে দলে দলে দক্ষিণে আসে স্থানীয় রাজনীতি এবং ভোটে অংশ নিতে। সম্বল বলতে এদের অধিকাংশেরই সঙ্গে শুধু একটি মাত্র স্যুটকেস বা কার্পেটের তৈরী ব্যাগ ছিল। দক্ষিণের লোকেরা এদের ব্যঙ্গ করে কি নাম দিয়েছিল ?

৩। জন্মসূত্রে জার্মান কার্ল মার্কস প্রথম জীবন জার্মানী এবং ফ্রান্সে কাটিয়েছেন কিন্তু, মধ্যজীবনে তাঁর মতাদর্শের জন্য জার্মানী এবং ফ্রান্স হতে বহিস্কৃত হন। এর আগে তিনি প্যারিসে বাস করতেন। শেষজীবন তিনি কোথায় কাটান ? কোন দেশে তাঁর মৃত্যু এবং সমাধি হয় ?

৪। একক প্রচেষ্টায় কে প্রথম উত্তর মেরুতে পৌঁছেছেন ?

৫। অষ্টাদশ শতাব্দীতে মুদ্রা হিসাবে আমেরিকা প্রথম 'ডলার' শব্দটি চালু করে। ডলার শব্দের উৎপত্তি কোন শব্দ হতে ?

৬। ১৩৭০ সালে ফ্রান্সের কুখ্যাত কারাগার বাস্তিল তৈরী হয় ইংরেজদের আক্রমন হতে প্যারিসকে রক্ষা করতে। পরে এটি কারাগারে পরিণত হয় এবং ১৭৮৯ সালে ফরাসী বিপ্লবের সময় এটিকে ধ্বংস করা হয়। যখন বাস্তিলের পতন হয়, তখন কারাগারে বন্দীর সংখ্যা কত ছিল ?

৭। ১৯৪০ সালে হিটলার নরওয়ে দখল করেন। কিন্তু হিটলারের নরওয়ে দখল একজন নরওয়ের নাগরিকের প্ররোচনাতেই হয়েছিল, যিনি পরে জার্মান অধিকৃত নরওয়ের রাষ্ট্রপতি হয়েছিলেন। কে ?

৮। প্রবাদ আছে শ্রীলঙ্কার একটি ২২৪৫ মিটার উচু পর্বতচূড়ার আদমের ১৬০×৭৫ সে মি পদচিহ্ন বর্তমান। কেউ বলেন এই পদচিহ্ন বুদ্ধের, কেউ বা বলেন এটি সেণ্ট থমাসের পদচিহ্ন। বিভিন্ন ধর্মমতের মানুষ বিভিন্ন মত পোষণ করেন। কোন পর্বতে এটি দেখা যায় ?

৯। বল পয়েণ্ট পেনের আবিস্কর্তা বলা হয় একজন হাঙ্গেরীয় কে। ব্যক্তিগত জীবনে ইনি পেশায় ছিলেন প্রুপরীডার। জার্মান আক্রমনে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইনি প্রথমে আর্জেণ্টিনা এবং পরে ইংল্যাণ্ডে আশ্রয় নেন। এই সময়ে ১৯৪০ সালে রয়াল এয়ার ফোর্সের বৈমানিকদের জন্য ইনি লিক না করা 'রাইটিং ষ্টিক' আবিস্কার করেন। কে এই আবিস্কারক ?

১০। কোন দেশের ডাকটিকিটে দেশের নাম উল্লিখিত হয়না ?

১১। প্রথম প্রাইভেট ডিকেটটিভ বা বেসরকারী গোয়েন্দা প্রথম জীবনে ছিলেন একজন অভিনেতা এবং পরে চোর। ১৭৭৫ সালে ফ্রান্সের আরাস শহরে ইনি প্রথম এই ব্যবসা ধরেন। ১৭৯২ সালে ইনি একটি ডিটেকটিভ এজেন্সী চালু করেন কিন্তু প্রচণ্ড সফলতা সত্বেও পুলিশের বিরোধিতায় ১৮৩২ সালে এটি তিনি বন্ধ করে দিতে বাধ্য হন। কে এই প্রথম বেসরকারী গোয়েন্দ ?

১২। 'সার্কাস' শব্দটি কোথা থেকে এসেছে ?

১৩। সবচেয়ে বেশী কর্মচারী আছে, এরকম বড়ো সংস্থা পৃথিবীতে কোনটি ?

১৪। একটা সিদ্ধ ডিম এবং একটা কাঁচা ডিমকে না ভেঙেও চেনা যায়। দুটিকে আলাদা ভাবে কোন মসৃণ তলের উপর ঘুরিয়ে দিলে সিদ্ধ ডিম অনেকক্ষণ এবং মসৃণভাবে ঘুরবে একট উপবৃত্তাকার পথে কিন্তু, কাঁচা ডিম অল্পক্ষণ এবং এলোমেলোভাবে ঘুরে থেমে যাবে। কেন ?

১৫। ভারতের অন্যতম জাতীয় সঙ্গীত বন্দোমাতরম ; যার রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। তাঁর কোন উপন্যাসে এই গানটি ব্যবহৃত হয়েছে ?

১৬। লণ্ডনের পার্লমেণ্ট হাউসের বিখ্যাত বড়ো ঘড়িটিকে অনেকেই 'বিগবেন' বলে জানেন। বিগ বেন কিন্তু আদৌ ঘড়িটির নাম নয়। কারনাম ?

১৭। মাদার টেরিজার আসল নাম কি ?

১৮। প্রথম মহাযুদ্ধের সময় থেকেই ব্যাপকভাবে রিষ্ট ওয়াচের ব্যবহার শুরু হয়। প্রথম রিষ্ট ওয়াচ কে ব্যবহার করেছিলেন।

১৯। 'QUIZ' শব্দের উৎপত্তি কোথা থেকে ?

২০। পিকাসোর পুরো নাম কি ?

২১। নোবেল পুরস্কার পাওয়া কোন মানুষ আততায়ীর হাতে প্রাণ দিয়েছেন, এ ঘটনা ইতিহাসে একটাই। কে এই মানুষ ?

২২। নির্ভীক সাংবাদিকতার জন্য কোন ভারতীয় প্রথম 'ম্যাগসেসে' পুরস্কার পান ?

২৩। পৃথিবীর সবচেয়ে বড়ো সাধারণ নির্বাচন কোনটি ? কোন দেশে এই নির্বাচন হয়েছে ?

২৪। কোন রাজনীতিবিদের নাম 'মিঃ ক্লীন' ?

২৫। বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে হয়েছিলেন ?

২৬। কোন রাষ্ট্রপ্রধানের উপর সবচেয়ে বেশীবার আততায়ীর আক্রমণ হওয়া সত্বেও তিনি প্রতিবারেই রক্ষা পেয়েছেন ?

২৭। রাশিয়ার শেষ জার কে ছিলেন, যিনি তাঁর পরিবারবর্গ সমেত রাষ্ট্রবিপ্লবে নিহত হন ?

২৮। কোন ব্রিটিশ অভিযাত্রী ইংল্যাণ্ডে এবং সভ্যজগতের কাছে তামাক এবং আলুকে পরিচিত করান ? ইতি প্রথম এলিজাবেথের শাসন কালে আমেরিকা গিয়ে তার 'তৈরী উপনিবেশের নামকরণ রাণীর সম্মানে করেন ভার্জিনিয়া। প্রথম জেমসের রাজত্বকালে প্রতারণার জন্য ইনি মৃত্যুদণ্ডে দণ্ডিত হন কিন্তু কাল্পণিক স্বর্ণ-শহর 'এল ডোরাডো' আবিস্কারের প্রতিশ্রুতি দিয়ে মুক্তি লাভ করেন কিন্তু ব্যর্থ হন এবং তাঁর শিরোচ্ছেদ করা হয়।

২৯। ইহুদিদের 'পাসওভার' কিসের উৎসব ?

৩০। ১৮২৫ সালে কেম্ব্রিজের ম্যাগডালেন কলেজে সপ্তদশ শতকের একটি ডায়েরী আবিস্কৃত হয় এবং এই ডায়েরীর দৌলতে ডায়েরীর লেখক রাতারাতি বিখ্যাত হয়ে পড়েন। কে এই লেখক ?

৩১। পিয়ানো আবিস্কৃত হয় অষ্টাদশ শতকের প্রথম দিকে ইতালীতে। কে এর নির্মাতা ?

৩২। বর্তমান শর্টহ্যাণ্ড পদ্ধতির উদ্ভাবক কে ?

৩৩। বর্তমান মুদ্রন শিল্পের জনক কে ?

৩৪। কোন বিপ্লবী 'মহারাজ' নামেই বেশী পরিচিত ছিলেন ?

৩৫। একাধিকবার নোবেল পুরস্কার পেয়েছেন এমন মানুষ কম হলেও বিরল দৃষ্টান্ত নয়। কিন্তু একই বিষয়ে কেউ কি একাধিকবার নোবেল পুরস্কার পেতে পারেন ?

৩৬। খ্রীশ্চানদের মেরীমাতার বন্দনা বা মাতৃস্তোত্রটির নাম কি ?

৩৭। শিখদের অবশ্য ধারনীয় পাঁচ 'ক' কি কি ?

৩৮। কার নির্দেশে শিখরা এই পাঁচ 'ক' ধারণ করেন ?

৩৯। মার্গারেট নোবেল—এই আইরিশ মহিলা কোন নামে বেশী পরিচিত ?

৪০। খ্রীশ্চানদের প্রোটেষ্টান ধর্মের সূত্রপাত ১৫১৭ খ্রীষ্টাব্দে জার্মানীতে। এর মুখ্য পৃষ্ঠপোষক ছিলেন তৎকালীন জার্মানীর রাজা ফ্রেডেরিক। কোন ধর্ম-যাজক এই ধর্মের প্রবক্তা ?

৪১। ফরাসী বিপ্লবের অন্যতম কারণ তৎকালীন রাজা এবং শাসক গোষ্ঠীর অত্যাচার। বিপ্লবের সময় ফ্রান্সে কোন রাজার রাজত্ব চলছিল ?

৪২। এল. এস. ডি (L S D) সম্পূর্ণ নামটি কি ?

৪৩। ভারতে হরিণ মারা কোথায় নিষিদ্ধ নয় ?

৪৪। মাদক দূরে থাক চা-কফি-সিগারেট ইত্যাদিও যাঁরা ছোঁন না, তাঁকে ইংরাজীতে কি বলে ?

৪৫। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় পশ্চিম জার্মানীর রূপকার কাকে বলা হয় ?

৪৬। মোগল সম্রাট আকবরের পুরো নাম কি ছিল ?

৪৭। লণ্ডনের রয়েল অ্যালবার্ট হল' কার স্মৃতি রক্ষার উদ্দেশে তৈরী হয় ?

৪৮। ১৭৬৫ খ্রীষ্টাব্দে জর্জ গ্রেনভিল যখন ব্রিটেনের প্রধানমন্ত্রী সেই সময় 'ষ্ট্যাম্প এ্যাক্ট ব্রিটিশ পার্লামেন্ট থেকে পাস করা হয় এবং এই থেকেই আমেরিকায়

অসন্তোষের শুরু। ১৭৭০ সালে আমেরিকান কংগ্রেস গঠিত হয় এবং তাঁরা ১৭৭৬ সালে স্বাধীনতা ঘোষণা করেন। এই সময়ে ব্রিটেনের প্রধানমন্ত্রী কে ছিলেন ?

৪৯। বর্তমান কাম্পুচিয়ার প্রাচীন আংকোর ভাটমন্দির কে প্রতিষ্ঠা করেছিলেন ?

৫০। ''হোম ফর হোমলেস'' এই শ্লোগান কে প্রথম তুলেছিলেন এবং প্রথম ১৮৭০ সালে লণ্ডনে অনাথ আশ্রম গড়ে তোলেন ?

৫১। পশ্চিম বাঙলার (অবিভক্ত বঙ্গেরও) প্রাচীণতম শহর কোনটি ?

৫২। ১৯৮৭ সালে ভারতের নয়টি কেন্দ্র শাসিত অঞ্চলের একটি রাজ্যের মর্য্যাদা লাভ করেছে। কোন রাজ্য ?

৫৩। ইংল্যাণ্ড এবং স্কটল্যাণ্ডের ইতিহাসে 'ব্ল্যাক ফর্টিসেভেন' কোন ঘটনাকে কেন্দ্র করে বলা হয় ?

৫৪। দক্ষিণ আমেরিকায় স্পেনীয় কলোনীগুলি, যেমন—বলিভিয়া, কলম্বিয়া, ইকুয়েড, পানামা, ভেনেজুয়েলা, ইত্যাদিরা স্পেনের শাসনের বিরুদ্ধে উনবিংশ শতকের শুরুতে বিদ্রোহ ঘোষণা করা স্বায়ত্ব শাসনের দাবীতে। এই বিদ্রোহের নায়ক কে ?

৫৫। জোব চার্ণক কলিকাতার প্রতিষ্ঠাতা হিসাবে পরিচিত। বম্বে (মুম্বাই) শহর কে প্রতিষ্ঠা করেছিলেন ?

৫৬। বুগেনভিলিয়া নামের সুদৃশ্য গাছটি একজন ফরাসী অভিযাত্রীর নামে নামকরন হয়েছে। কে ইনি ?

৫৭। কোন কিছুকে বর্জন করাকে ইংরেজরা বলে বয়কট করা। শব্দটি কোথা থেকে এসেছে ?

৫৮। এ পর্য্যন্ত একজন মাত্র ইংরেজ পোপ হয়েছেন। কে ?

৫৯। "অমনিবাস ' কথাটির অর্থ কি ?

৬০। ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে কখন স্থানান্তরিত হয় ?

৬১। ভাষা ইত্যাদি সংক্রান্ত পৃথিবীর প্রথম গবেষণা সংস্থা কলকাতার এশিয়াটিক সোসাইটি। এটির স্থাপনাকাল কখন ?

৬২। ভারতের প্রাচীনতম বিশ্ববিদ্যালয়—কলকাতা বিশ্ববিদ্যালয়। এটি কখন স্থাপিত হয় ?

৬৩। "Biscuit" শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ কি ?

৬৪। ল্যাটিন লেখক প্লিনীর 'ন্যাচারাল হিষ্ট্রি' প্রাচীণতম বিশ্বকোষ বা এনসাইক্লোপিডিয়া। এর ৩৭টি খণ্ড বর্তমানেও টিকে আছে। যতদূর জানা যায়, ১00 জন লেখকের মোট ২000 বই থেকে ২0,000 তথ্য সংকলন করে এই বিশ্বকোষ তৈরী হয়েছিল। বর্তমানে সবচেয়ে তথ্যবহুল বিশ্বকোষ' 'এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকা'। এটি কখন প্রথম প্রকাশিত হয় ?

৬৫। কোন ডাক্তার বিভিন্ন শব্দের উৎপত্তি এবং প্রথম ব্যবহার নির্ণয়ের জন্য যে বিষয় গড়ে উঠেছে, সেটি কি ?

৬৬। আধুনিক ইটালীর জনক কাকে বলা হয় ?

৬৭। এডোয়ার্ড গিবন—ঐতিহাসিক হিসাবে এঁর অবদান প্রায় অমূল্য। বিভিন্ন বিষয়ে কাজ করলেন সারা জীবন ধরে একটি বিরাট ঐতিহাসিক দলিল লিখে রেখে গেছেন ইনি, যার জন্য এঁর খ্যাতি। বইটি কি ?

৬৮। ইংল্যাণ্ডের ইতিহাসে 'দ্য গ্র্যাণ্ড ওল্ড ম্যান' কাকে বলা হয় ?

৬৯। ১৭৯২ সাল থেকে ফ্রান্সে মৃত্যুদণ্ড দেওয়া হয় গিলোটিনের মাধ্যমে শিরোশ্ছেদ করে। এটি কার আবিষ্কার ?

৭০। প্রাচীন মিশরীয় চিত্রলিপিকে কি বলা হয় ?

৭১। ১৮৩৭ সালে জার্মানীতে প্রথম কিডারগার্ডেন (শিশু উদ্যান) স্থাপিত হয়। কে এর প্রতিষ্ঠাতা ?

৭২। 'কমিউনিস্ট ম্যানিফেস্টো' কোন সালে প্রকাশিত হয় ?

৭৩। প্রথম পাতাল রেল চলে ১৮৬৩ সালে। কোথায় ?

৭৪। আমেরিকায় দাস প্রথা অবলুপ্ত হয় কোন সালে ?

৭৫। পৃথিবীর দীর্ঘতম রেলপথ—ট্রান্স সাইবেরিয়ান রেলওয়ে—কখন নির্মিত হয়েছে ?

৭৬। ১৮৯৪ সালে ইংল্যাণ্ড থেকে "হিষ্টরি অব ট্রেড ইউনিয়নিজম" নামের বিখ্যাত বইটি প্রকাশিত হয়। এটি কাদের লেখা ?

৭৭। ১৯১৮ সালে প্রথম যাত্রীবাহী বিমান চলাচল শুরু হয়। কোন দেশ বিমান পরিবহণে পথ প্রদর্শক ?

৭৮। সর্বকালের সর্বশ্রেষ্ঠ জাদুকর হ্যারি হুডিনি। এঁর আসল নাম কি ?

৭৯। উচ্চতার হিসাবে পৃথিবীর নিম্নতম শহর কোনটি ?

৮০। ১৯৩০ সালে প্রথম এক মহিলা বৈমানিক ইংল্যাণ্ডের ক্রয়ডন থেকে অষ্ট্রেলিয়ার ব্রিসবেন পর্যন্ত একা বিমান চালিয়ে যেতে সক্ষম হন। ১৯৩১ সালে ইংল্যাণ্ড হতে টোকিও যাতায়াতে এবং ১৯৩২ সালে ইংল্যাণ্ড হতে দক্ষিণ আফ্রিকার কেপ টাউন যাতায়াতে পূর্বতন রেকর্ড ভঙ্গ করেন। এছাড়া ১৯৩৩ সালে আটলাণ্টিক মহাসাগর পূর্ব হতে পশ্চিমে ৩৯ ঘণ্টায় অতিক্রম করেন। কে এই বৈমানিক।

৮১। জন এফ কেনেডির পর আমেরিকার ৩৬ তম প্রেসিডেন্ট কে হয়েছিলেন ?

৮২। ভারতে ১৯৮৭ সালে নবম রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয় কিন্তু এই নির্বাচনে নির্বাচিত ভেঙ্কটরমন ভারতের অষ্টম রাষ্ট্রপতি। কেন ?

৮৩। সুদানের রাজধানীর নাম কি ?

৮৪। সবচেয়ে দ্রুতগতি সম্পন্ন রকেটকার 'ব্লু ফ্লেম' ১৯৭৯ সালে আমেরিকার উটায় গতির সর্বোচ্চ রেকর্ড স্থাপন করে ঘণ্টায় ১০২১.২৪ কিলোমিটার। কে এর চালক ছিলেন ?

৮৫। জন্ম এবং শিক্ষা ইংল্যাণ্ডে কিন্তু জীবনের শ্রেষ্ঠ অংশটি ইনি আরব দেশগুলির বিশেষতঃ ইরাকের উন্নতির জন্য ব্যায় করেন। বেশ-ভূষায়, ব্যবহারে ইনি সম্পূর্ণ আরবের মানুষ হয়ে গিয়েছিলেন। ১৯১৯ সালে প্যারিস শান্তি চুক্তির সময় আরব দেশগুলি ইংরেজ এবং ফরাসীদের শাসনাধীনে আসায় ইনি

হতাশ হয়ে দেশে ফিরে আসেন এবং অন হিউম রস ছদ্মনাম নিয়ে বিমান বাহিনীতে যোগ দেন। আত্মপরিচয় গোপন করার অপরাধে চাকরী গেলে ১৯২৩ সালে আইনসিদ্ধ ভাবে নাম বদল করেন টি. ই. শ' এবং রয়াল ট্যাঙ্ক কর্প য়ে যোগ দেন। ১৯৩৫ সালে মোটর সাইকেল দুর্ঘটনায় ইনি প্রাণ হারান। এঁর লেখা ব্যক্তিগত অভিজ্ঞতার বিবরণ 'সেভেন পিলারস অব উইসডম' ১৯২৬ সালে প্রকাশিত হয়, যা একে দারুণ খ্যাতিমান করে তোলে। কে এই নায়ক?

৮৬। 'ভ্লাদিমির ইলিচ উলিয়ানভ' নামের পৃথিবী বিখ্যাত মানুষটি কোন নামে পরিচিত?

৮৭। পয়লা মে বা 'মে দিবস' বর্তমানে শ্রমিক দিবস হিসাবে পালিত হয়ে আসছে ১৮৮৬ সাল থেকে। কিন্তু তার আগেও দিনটি বহু জায়গায় উৎসবের দিন হিসাবে পালিত হতো এবং এখনো হয়। কিসের উৎসব দিবস হিসাবে?

৮৮। বর্তমান শারীর সংস্থান বা অ্যানাটমি বিদ্যার সূচনা হয়েছিল ষোড়শ শতকের মাঝামাঝি ইতালির পাদুয়া মেডিকেল স্কুলে। এই শিক্ষার জনক কে?

৮৯। ফুসফুস এবং হৃৎপিণ্ড পরীক্ষার অন্য প্রথম ষ্টেথোস্কোপ ছিল লম্বা কাঠের নল। ষ্টেথোস্কোপ আবিস্কার এবং ব্যবহারের প্রচলন কে করেন?

৯০। "মাংকি পাজল"—নামটা কিন্তু ধাঁধার নয়, কিংবা বানরও এর সাথে জড়িয়ে নেই। এটি দক্ষিণ আমেরিকার একটি উদ্ভিদের নাম। কি উদ্ভিদ?

৯১। রোরিং ফর্টিস কি (Rearing Forties)?

৯২। ইহুদিদের 'স্যাবাথ' কোন দিনটিতে পালিত হয়?

৯৩। অবসরপ্রাপ্তদের জন্য পেনসন প্রথম কে সরকারী ভাবে চালু করেন?

৯৪। প্রথম কুষ্ঠরোগীদের পুর্ণবাসনের ব্যবস্থা যিনি করতে এগিয়ে এসেছিলেন, তিনি ছিলেন বিখ্যাত দার্শনিক, সুরকার, ধর্মতাত্ত্বিক এবং ডাক্তার। সারা জীবন মিশনারী ডাক্তারের মতো আফ্রিকার অনুন্নত মানুষদের চিকিৎসা এবং অন্যান্য সাহায্যে নিজেকে উৎসর্গ করেছিলেন। ১৯৫২ সালে শান্তির জন্য নোবেল পুরস্কার পান ইনি। কে এই মানুষটি?

৯৫। প্রথম বাষ্পচালিত জাহাজ আমেরিকার 'ক্লেরমণ্ট'। ১৮০৭ সালে এটি তৈরী হয়। প্রথম বাষ্পচালিত কোন জাহাজ আটলাণ্টিক পাড়ি দিয়েছিল ?

৯৬। আধুনিক শর্টহ্যাণ্ডের জনক কে ?

৯৭। সোডা ওয়াটার বা কার্বনেটেড ওয়াটার কে প্রথম তৈরী করেন ?

৯৮। ১৯৭৩ সালে মহাকাশে দীর্ঘ সময় যাপনে মানবদেহে প্রতিক্রিয়া. মহাকাশ গবেষণা এবং পর্য্যবেক্ষণের জন্য ৮৫ টন ওজনের স্কাইল্যাব মহাকাশযান আমেরিকা পৃথিবীর কক্ষপথে স্থাপন করে। চার্লস কনরাড, অ্যালান বীন এবং জেরাও কারের নেতৃত্বে তিন দল মহাকাশচারী যথাক্রমে ২৮ দিন, ৫৯ দিন এবং ৮৪ দিন মহাকাশে কাটান। পরে যান্ত্রিক গোলযোগে স্কাইল্যাব ভেঙে পড়ে। কখন ?

৯৯। কথা বলতে গিয়ে অন্যমনস্কতায় :অনেক সময় অনেকের দুটি শব্দের প্রথম অক্ষর বদলাবদলি হয়ে যায়। যেমন 'খড়দার আড়পাড়, রিষড়ার বাঁশঝাঁর' দ্রুত বারবার বলতে গেলে এ ঘটনা ঘটতেই পারে। এরকম ভুলকে ইংরাজীতে বলা হয়। "স্পুনারিজম"। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের নিউ কলেজের এক ওয়ার্ডেন (১৯০৩ থেকে ১৯২৪ সাল পর্য্যন্ত ইনি অধ্যাপনা করেন) এ ব্যাপারে কিংবদন্তীতে পরিণত হয়েছেন। ভদ্রলোক কে ?

১০০। যতদিন রেল পরিবহন চালু থাকবে, ততদিন জর্জ ষ্টিফেনসন 'ফাদার অব দ্য রেলওয়ে' হিসাবে সম্মানিত হবেন। এঁর ছেলে রবার্ট ষ্টিভেনসনও বাবার মতোই বিখ্যাত। কোন ক্ষেত্রে ?

১০১। যুদ্ধজাহাজ ধ্বংসের জন্য সাবমেরিন প্রথম ব্যবহৃত হয় আমেরিকার স্বাধীনতা যুদ্ধের সময় ১৭৭৬ সালে আমেরিকানদের দ্বারা। সেই সাবমেরিন ছিল একজন মানুষ বহন করবার মতো এবং মনুষ্যচালিত। কে এটি তৈরী করেন ?

১০২। ভূমধ্যসাগর এবং লোহিত সাগরকে সংযুক্ত করেছে সুয়েজ ক্যানাল। এটি ইউরোপ এবং এশিয়ার মধ্যে জলপথের দূরত্ব ৭০০০ কিলোমিটার কমিয়েছে। বহুদিন ধরে মানুষের ধারণা ছিল লোহিত সাগর ভূমধ্য সাগরের চেয়ে ১০ মিটার বেশী উচ্চতায় আছে, তাই স্থির হয় ক্যানাল কাটবার সময়ে স্থানে স্থানে লকগেট

রাখা হবে। বাস্তবিক সুদূর অতীতে এই দুই সাগরের মধ্যে প্রাকৃতিক যোগাযোগ ছিল, যা কালক্রমে বুজে গিয়ে ছোট ছোট খাল আর মরা স্রোতের চিহ্ন বর্তমান ছিল মরুভূমির মধ্যে। পরে পর্যবেক্ষণে ধরা পড়ে দুটি সাগরের আপেক্ষিক উচ্চতায় কোন তফাৎ নেই এবং সৈয়দ পাশার অনুমতিক্রমে ১৮৫৯ সালে ফরাসীরা ফার্দিনান্দ দ্য লেসেপাস এর কারিগরী সহায়তায় এই ক্যানেলের কাজ শুরু করে। কখন এটি জাহাজ চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছিল ?

১০৩। যেহেতু সূর্য কঠিণ উপাদানে তৈরী নয়, তাই এর বিষুব অঞ্চলের আহ্নিক গতি এবং মেরু অঞ্চলের কাছাকাছি আহ্নিক গতি এক নয়। সূর্য্যের ৬০° অক্ষাংশে এই গতি ৩১ দিন। বিষুব অঞ্চলে কত ?

১০৪। কাউন্ট লুই হ্যামন—ইনি কোন নামে বিখ্যাত ছিলেন ?

১০৫। পৃথিবীর সর্বোচ্চ জলপ্রপাতগুলির একটি নিউজীল্যাণ্ডে অবস্থিত। কোন জলপ্রপাত ?

১০৬। সুইজারল্যাণ্ডের শাসন ব্যবস্থায় দুটি অদ্ভুত গণতান্ত্রিক নিয়ম আছে, যা পৃথিবীর কোন দেশে দেখা যায় না। কি কি নিয়ম ?

১০৭। তাজ মহল নির্মাণের সময় এক ফরাসী স্বর্ণকার অলংকরণের কাজ করেছিলেন বলে শোনা যায়। কি নাম এই স্বর্ণকারের ?

১০৮। চীনের তিন প্রধান ধর্মমত ছিল বৌদ্ধ, কনফুসিয়াসীয় এবং তাজইজম। এর মধ্যে তৃতীয়টি প্রাচীনতম। এই ধর্মমতের প্রবক্তা কে ছিলেন ?

১০৯। রকেটের সাহায্যে ১৯৩১ থেকে '৩৩ পর্য্যন্ত আষ্টিয়ার পাহাড়ী অঞ্চলে ডাক পরিবহণের পরীক্ষা চালানো হয় কিন্তু খরচ সাপেক্ষ হওয়ায় রকেট—ডাক চালু হয়নি। কে এই পরিবহণ ব্যবস্থায় পরিকল্পনা করেছিলেন ?

১১০। সুইজারল্যাণ্ড এবং ইতালীর মধ্যে আল্পস পর্বতের মধ্য দিয়ে মেন লাইন রেলওয়ে টানেল বৃহত্তম। এটি ১৯.৮ কিলোমিটার লম্বা। কিন্তু বিশ্বে যে কোনও বিচারে দীর্ঘতম টানেলটি ২৭.৮ কিলোমিটার লম্বা এবং এটিও রেলওয়ে টানেল। টানেলটি কোথায় অবস্থিত ?

১১১। শিল্প জগতে মাদাম তুসোর নাম অবিস্মরণীয় হয়ে থাকবে তাঁর করা পূর্ণ দৈর্ঘ্যের বিভিন্ন নামকরা মানুষের মোমের প্রতিকৃতির জন্য। লণ্ডনে মাদাম তুসোর-মিউজিয়াম অন্যতম দ্রষ্টব্য স্থানে পরিণত হয়েছে। অষ্টাদশ-উনবিংশ শতকের এই বিখ্যাত মহিলা জীবনের শেষ আটচল্লিশ বছর লণ্ডনে কাটালেও এঁর জন্ম, শিক্ষা, সবই প্যারিসে মূর্তি তৈরীর শিক্ষা তাঁর মামার কাছ থেকে পাওয়া। ইনি দেশত্যাগ করেছিলেন কেন ?

১১২। ১৯২২ সালে মিশর বিশেষজ্ঞ লর্ড কার্নাভোনের দলের এক সদস্য তুতেনখামেনের পিরামিড এবং মমি আবিস্কার করেন, যার ফলে চতুদর্শ খ্রীষ্টপূর্ব শতকের বহু কিছু জানা সম্ভব হয়। কে এই আবিস্কারক

১১৩। "দি অ্যাডভেঞ্চারস অব টম সইয়ার", "হাকল বেরি ফিন", "লাইফ ইন দ্য মিসিসিপি" ইত্যাদি অনবদ্য কালজয়ী রচনার জনক আমেরিকার মার্ক টোয়েন। এঁর আসল নাম কি ছিল ?

১১৪। গ্রীক পৌরাণিক নায়ক ইউলিসিসের অপর নাম কি ?

১১৫। ইংল্যাণ্ডের জাতীয় চরিত্র যেমন জন বুল, তেমনই আমেরিকার জাতীয় চরিত্র আংকল স্যাম। এই নামটি কিভাবে এসেছে ?

১১৬। ১৯২২ সালে প্রদেশগত বৈষম্য দূর করে একতা আনার উদ্দেশ্য রাশিয়া নাম পরিবর্তন করে 'দি ইউনিয়ন অব সোভিয়েত সোশালিষ্ট রিপাবলিক' নামকরন করা হয় এবং চারটি প্রদেশ নিয়ে এটি গঠিত হয়। পৃথিবীর বৃহত্তম এই দেশটি এখন কয়টি প্রদেশে বিভক্ত ?

১১৭। বিশ্বযুদ্ধের কারণে লীগ অব নেশনস অবলুপ্ত হয়ে যায়। কিন্তু বিশ্বশান্তির প্রয়োজনে পুনরায় এই রকম একটি সংস্থার প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় গড়ে ওঠে ইউনাইটেড নেশনস। কখন এটি স্থাপিত হয় ?

১১৮। 'ভ্যালি অব থাউজ্যাণ্ড হিলস' কোথায় ?

১১৯। জুল ভের্নের 'রাউণ্ড দি ওয়ার্ল্ড ইন এইটি ডেজ' এর নায়ক একজন ইংরেজ, যে বাজী জেতবার জন্য আশী দিনে পৃথিবী ভ্রমণ করতে বেড়িয়েছিল। চরিত্রটির নাম কি ?

১২০। ৭৯ খ্রীষ্টপূর্বাব্দে ভিসুভিয়াসের অগ্ন্যুৎপাতে রোমের তৎকালীন দুটি শহর সম্পূর্ণ লাভা এবং ছাই চাপা পড়ে যায়। এদের একটি শহর ছিল পম্পেই। অপর শহরটির কি নাম ছিল ?

১২১। প্রাচীন কাব্যগুলির মধ্যে খ্রীষ্টপূর্ব যুগের 'এনিড' বোধহয় সবচেয়ে উল্লেখযোগ্য। এনিডের নায়ক এনিয়াস ট্রয় নগরী দখলের পর সেখান হতে ইতালীতে পালিয়ে এসে রোমান সাম্রাজ্যের সূচনা করেছিলেন। কাব্যটি এনিয়াসের বীরত্ব এবং রোমের ইতিহাসের বর্ণনা। এর কবি কে ?

১২২। ট্রাইসকাডেকাফোবিয়া কি ?

১২৩। ভারতে বর্তমানে ব্যক্তিগত আঠারো হাজার টাকা বার্ষিক আয় পর্যান্ত আয়কর ছাড় দেওয়া হয়। যদি কারো তার উপরে আয় হয়, সেক্ষেত্রে প্রথম ধাপে ত্রিশ শতাংশ কর দিতে হয়। কারো বার্ষিক আয় আটত্রিশ হাজার টাকা হলে তাঁকে কত বার্ষিক আয়কর হিসাবে দিতে হবে ?

১২৪। ভারতে এক টাকা সমান একশ' পয়সা। ব্যাঙ্ক জাতীয়করণের আগে ষাটের দশকে কত পয়সায় এক টাকা হত ?

১২৫। আমেরিকায় নিগ্রোদের জাগরণের পিছনে ছিলেন একজন কালো মানুষই। নিজে কয়লাখনিতে শ্রমিকের কাজ করে লিখতে পড়তে শেখেন, এবং পরে কালো মানুষদের শিক্ষাদানের ব্রত নিয়ে ঝাঁপিয়ে পড়েন। ইনি চেয়েছিলেন সাদা এবং কালো মানুষদের সহাবস্থান এবং বুঝেছিলেন যে এজন্য প্রয়োজন 'কালো মানুষদের উপযুক্ত শিক্ষার। নিজের জীবন নিয়ে লেখা বই 'আপ ফ্রম স্লেভারি" এজন্য বিখ্যাত। কে এই মানুষটি ?

১২৬। বিজ্ঞান মানুষকে সৃষ্টির সঙ্গে ধ্বংসকেও চিনিয়েছে। নানা যুদ্ধাস্ত্র বিজ্ঞানের নব নব আবিস্কারকে কেন্দ্র করেই তৈরী হয়েছে। জাহাজ ধ্বংসকারী টর্পেডো আবিস্কার হয় ঊনবিংশ শতকের ষাটের দশকে। কে এর নির্মাতা ?

১২৭। আনবিক বোমার চেয়ে বহুগুণ বিপজ্জনক ক্ষেপণাস্ত্র বাহিত মারাত্মক রোগের ভাইরাস বা ব্যাকটেরিয়া। এই 'ব্যাকটেরিয়াল ওয়ারফেয়ার'-এ শত্রুদেশের

সম্পত্তি ধ্বংস না করেও যাবতীয় মানুষ এবং প্রাণীকে মেরে ফেলা সম্ভব। সর্ব প্রথম ব্যাকটেরিয়াল ওয়ারফেয়ারে কোন দেশ লিপ্ত হয়েছে ?

১২৮। 'ফল অফ এ স্প্যারো' কার আত্মজীবনী ?

১২৯। সারাজীবন ভারতে কাটিয়েও দেশ বিভাগের পর ইনি আফ্রিকায় চলে যান। এঁর লেখা একটি বই "মাই ইণ্ডিয়া"। কে ইনি ?

১৩০। ট্রাউজার্সের 'ডেনিম' কাপড় অনেকেই পছন্দ করেন। 'ডেনিম' কথাটি কোথা থেকে এসেছে ?

১৩১। ভারতে বহুল প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র যুগান্তর পঞ্চাশ বছর পার হয়েছে। কিন্তু এ নবপর্যায়ের যুগান্তর। পত্রিকাটি প্রথম কে প্রকাশ করেছিলেন ?

১৩২। হিন্দু মহাসভা দলের প্রতিষ্ঠাতা কে ?

১৩৩। নাথুরাম গডসে—এই নামটি ভারতের একটি উল্লেখযোগ্য ঘটনার সঙ্গে জড়িত। কোন ঘটনা ?

১৩৪। গ্রীকে 'ডেকা' শব্দের অর্থ হোল—দশ। যেমন ডেকামিটার = দশ মিটার, ডিকেট = দশক, ইত্যাদি। কিন্তু ডিসেম্বার মাসের নামের অর্থ হওয়া উচিত ছিল 'দশম মাস'। অথচ বাস্তবে এটি দ্বাদশ মাস। কেন ?

১৩৫। ১৯৪৫ সাল থেকে ১৫ অক্টোবর দিনটি সারা পৃথিবীতে 'হোয়াইট কেন' দিবস হিসাবে পালিত হয়ে আসছে। এই হোয়াইট কেন কি ?

১৩৬। ইংরাজী বর্ণমালার কোন বর্ণ শব্দের মধ্যে ব্যবহার করতে গেলে তারপর 'ইউ' (U) ব্যবহার অপরিহার্য্য ?

১৩৭। পৃথিবীর প্রথম ডাকটিকিট চালু হয় ইংল্যাণ্ডে। প্রথম প্রকাশিত ডাকটিকিটটি হল এক পেনী মূল্যের। কি নাম ছিল এই ডাকটিকিটের ?

১৩৮। ওয়েষ্ট মিনিষ্টার অ্যাবি—কমনওয়েলথের সবচেয়ে বিখ্যাত এই গীর্জাটির আসল নাম কি ?

১৩৯। আমেরিকার রাষ্ট্রপতির বাসভবনের নাম হোয়াইট হাউস। ১৭৯২

থেকে ১৮০০ সাল – এই আট বছর ধরে জেমস হোবান নামের এক স্থপতি এটি নির্মান করেন। প্রথম কোন আমেরিকান প্রেসিডেণ্ট এখানে বাস করেন ?

১৪০। ব্রিটেনে এবং ব্রিটিশ কলোনীগুলিতে দাস প্রথার বিলোপ ঘটে প্রধানতঃ একজন মানুষের চেষ্টায়। কে ইনি।

১৪১। আলেকজাণ্ডারের শিক্ষক কে ছিলেন ?

১৪২। কফি মস্তিস্কের পক্ষে মৃদু উত্তেজক। কোন পদার্থ এই স্নায়ুর উত্তেজনা সৃষ্টি করে ?

১৪৩। কিমোনো কোন দেশের পরিচ্ছদ ?

১৪৪। কোন বিখ্যাত যাত্রীবাহী জাহাজ তার প্রথম যাত্রাপথেই হিমশৈলের সঙ্গে ধাক্কা লেগে ডুবে যায় ?

১৪৫। "ডক্টর লিভিংষ্টোন, আই প্রিজিউম ?"—কে এই কথাটি বলেছিলেন ?

১৪৬। নেপোলিয়ন বোনাপার্ট কোন দ্বীপে জন্মেছিলেন ?

১৪৭। ১৬৮৭ সালে স্যর আইজাক নিউটনের বিখ্যাত একটি গ্রন্থ প্রকাশিত হয়। কোন গ্রন্থ ?

১৪৮। কাদের 'বাবি' বলা হয় ?

১৪৯। পলিনেশিয়ার অধিবাসীরা এশিয়া থেকে নয়, দক্ষিণ আমেরিকা সুদূর অতীতে ভেলায় চেপে কোন অজ্ঞাত কারণে প্রশান্ত মহাসাগরের এই দ্বীপগুলিতে আসে—এই তত্ব প্রমাণ করবার জন্য ১৯৪৭ সালে 'কনটিকি' অভিযান করেন থর হেইয়েরডাল। নরওয়ের এই নৃতাত্বিক ১৯৬৯ সালে আরেক দুঃসাহসী অভিযান করেছিলেন। কোন অভিযান ?

১৫০। "Man is born free but everywhere he is in chains" —কে বলেছিলেন ?

১৫১। ডাকটিকিট সংগ্রাহকদের জন্য অনেক দেশ থেকেই সেই দেশের যাবতীয় প্রকাশিত ডাকটিকিটের তথ্য, দাম ইত্যাদি সংকলন করে ক্যাটালগ প্রকাশ করা হয়। ভারতে এই জাতীয় ক্যাটালগে প্রকাশকের নাম কি ?

১৫২। প্রথম বিশ্বযুদ্ধের পর ফ্রান্স এবং জার্মানীর মধ্যে সম্পাদিত একটি চুক্তিই দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণ। কোন চুক্তি।

১৫৩। পৃথিবীর বৃহত্তম চিড়িয়াখানা কোনটি ?

১৫৪। ১৭৮৬ সালের ২৬ এপ্রিল ভারতের প্রথম হাসপাতাল স্থাপিত হয় কলকাতায়। তৎকালীন কলকাতার কাউন্সিলর এক ইউরোপীয় মিশনারীর বাগান বাড়ি কিনে তাতেই হাসপাতাল চালু করেন। এটি কোন হাসপাতাল ?

১৫৫। ১৮৩৫ সালের ১ জুন কলকাতা মেডিক্যাল কলেজের জন্ম। এই হাসপাতালটি চালু হয় ১৮৪৮ সালের ৩০ সেপ্টেম্বর। কলকাতা মেডিক্যাল কলেজের প্রথম সেক্রেটারী কে ছিলেন ?

১৫৬। রুবিক কিউবের নাম প্রায় সবারই জানা। রুবিকের পুরো নাম কি ?

১৫৭। দু'জন ভদ্রলোকের দেখা হতে একজন প্রশ্ন করলেন "কি হে চরিত্রহীন শরৎচন্দ্র ?" অপরজন জবাব দিলেন "কেমন আছো হে বিদূষক শরৎচন্দ্র ? "চরিত্রহীন" বলতে এখানে "চরিত্রহীন" উপন্যাসের লেখক শরৎ চন্দ্র চট্টোপাধ্যায়। বিদূষক শরৎচন্দ্র কে ?

১৫৮। দুটি দেশ একসঙ্গে অলিম্পিকের উদ্যোক্তা, এরকম ঘটনা অলিম্পিকের ইতিহাস একটিই। কোন অলিম্পিকে ?

১৫৯। PIN কি ?

১৬০। বিভিন্ন যান্ত্রিক সহায়তায় মানুষের, বিশেষ ক্ষমতাকে আরো বেশী উন্নত করে তোলবার জন্য বিশেষ একটি শাখা বিজ্ঞানে যুক্ত হয়েছে। কি নাম এই শাখার ?

১৬১। মুক্তারাম বাবু স্ট্রীট--কলকাতার এই সাধারণ পথটি কার জন্য বিখ্যাত হয়েছে ?

১৬২। ভারতে ব্রিটিশ রাজত্বে একজন মাত্র ইহুদি ভাইসরয় হয়েছেন। কে ?

১৬৩। ১৮৭০ সালে ভারত ভ্রমণের সময় এডোয়ার্ড লীয়র ভারতের একটি শহরের নাম দেন "হাসলফুসাবাদ"। কোন শহরকে ?

১৬৪। চিত্রাভিনেতা দিলীপকুমারের আসল নাম কি ?

১৬৫। 'মাসল কপি' কি ?

১৬৬। কোণারকের সূর্য মন্দির রথের আদলে তৈরী। এই রথে সাতটি ঘোড়া কিসের প্রতীক ?

১৬৭। রাশিয়ার বাইরের কোন দেশে প্রথম কম্যানিস্ট পার্টি গঠিত হয় মেক্সিকোতে। কে এই দেশের কম্যুনিস্ট সংগঠনে মুখ্য ভূমিকা গ্রহণ করেছিলেম ?

১৬৮। আবদুল কাদির খান—পাকিস্তানের এই নাগরিক কিজন্য বিতর্কিত ?

১৬৯। কোন প্রেসিডেণ্ট শতাব্দীর শেষ বছরের শেষ মাসের শেষ সপ্তাহের শেষ দিনের শেষ ঘণ্টায় মারা গিয়েছিলেন ?

১৭০। বৌদ্ধ ধর্মের অনাচারের প্রকোপ থেকে মানুষকে রক্ষা করা এবং সনাতন বৈদিক ধর্মের পুর্ণজাগরণ ঘটানোর উদ্দেশে শঙ্করাচার্য্য ব্রতী হন এবং তৎকালীন বহু পণ্ডিতকে তর্কযুদ্ধে পরাস্ত করেন। কিন্তু তিনিও একবার তর্কে পরাস্ত হয়েছিলেন। কার কাছে ?

১৭১। কোন পোপ প্রথম ভারতে এসেছিলেন ?

১৭২। ইউরোপের কোন জাতি আফ্রিকার প্রথম উপনিবেশ স্থাপন করেছিল।

১৭৩। ভারতে এক সময়ের ভাইসরয় লর্ড অকল্যাণ্ডের আসল নাম কি ছিল ?

১৭৪। উইম্বলডন প্রতিযোগিতায় দীর্ঘতম খেলা কোনটি ?

১৭৫। ভারতের প্রথম অ্যাটর্নী কে ?

১৭৬। ধুমপানের মন্দির (Smoking Temple) কোথায় ?

১৭৭। ভারতে ফরেনসিক বিভাগের সদর দফতর কোথায় ?

১৭৮। গুপ্তচরদের ভাষায় 'বেবী সীটার' কাকে বলা হয় ?

১৭৯। 'ডায়েরী অফ এ জিনিয়াস' কার লেখা ?

১৮০। দ্য হল অফ আর্টস এণ্ড সায়েন্সেস-১৮৭১ সালের ২৯ মার্চ রানী ভিক্টোরিয়া লণ্ডনের এই হলটির উদ্বোধন করে নামকরণ করেন। বর্তমানে এই হলের নাম কি ?

১৮১। পাঞ্জাব কেশরী রঞ্জিত সিং যখন বলেছিলেন, "ইসকি কিসমৎ চার জুতেঁ (এর দাম চার ঘা জুতো") তখন কি প্রসঙ্গে কথাটি বলেছিলেন ?

১৮২। ভ্রমণের সময়ে আত্মগোপনের উদ্দেশ্যে এই নামগুলি কে ব্যবহার করতেন—এমিলি ক্লার্ক, হ্যারিয়েট ব্রাউন, জেন এমারসন, কেরিন লাণ্ড ?

১৮৩। "আমরা আমাদের শিশুদের বর্ণমালা শেখাবার সময়ে বলি",

'A-for-apple',

B-for Bat 'C-for Cat' 'কিন্তু কেন শেখাইনা',

A-for Allah B-for Buddha C-for Christ

'D-for Devi' কে বলেছেন এই কথাগুলি ?

১৮৪। ব্রিটেনের রাজা বা রানী কোন দলিলে সাক্ষর করার পর একটি 'আর' (R) অক্ষর যোগ করেন। কেন ?

১৮৫। কলকাতার বিড়লা ইণ্ডাস্ট্রিয়াল মিউজিয়ামে 'খগেন বাবু' কে ?

১৮৬। ১৯৭৫ সালের আন্তর্জাতিক এভারেষ্ট অভিযান হয় জার্মান দলনেতা ডঃ হেরলিগকফারের নেতৃত্বে। এই অভিযানে একজন নাম করা ভারতীয় পর্বতারোহী দুর্ঘটনায় মারা যান। কে এই পবর্তারোহী ?

১৮৭। নোবেল পুরস্কার ঘোষিত হয় ১৯০০ সালে। সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার কে পেয়েছেন ?

১৮৮। ১৯৭৮ সালে মিশরের প্রেসিডেন্ট আনোয়ার আল সাদাত নোবেল শান্তি পুরস্কার পেয়েছিলেন যৌথভাবে। অন্য কে সেই বছর প্রেসিডেন্ট সাদাতের সঙ্গে এই পুরস্কার পেয়েছিলেন ?

৮- চটজলদি কুইজ (বিবিধ)

অনেক প্রতিযোগিতায় নির্দিষ্ট সময়ের গণ্ডীর মধ্যে প্রতিযোগীকে কিছু প্রশ্নের উত্তর দিতে হয় শুধু 'ঠিক' অথবা 'ভুল' তা নির্দেশ করে। এ সব প্রশ্নে ভাবার সময় খুব সামান্য এবং প্রতি ভুল উত্তরের জন্য নম্বর কাটাই শুধু যায় না, নম্বর বিযুক্ত হয়। দ্রুত এবং নির্ভুল চিন্তা ক্ষমতা এ জাতীয় কুইজে একমাত্র সহায়ক।

১। ২000 পাউণ্ড এবং ১ টনের মধ্যে কোনটি বেশী ভারী ?

২। ২৫0 সেন্টিমিটার এবং ৮ ফুটের মধ্যে কোনটি বেশী লম্বা ?

৩। ৩৫ এবং ৫৩ সংখ্যা দুটির কোনটি বড় ?

৪। 0° সেন্টিগ্রেড এবং 0° ফারেনহাইটের মধ্যে কোনটি বেশী ঠাণ্ডা ?

৫। এক টনের মধ্যে এক আউন্স এবং এক কিলোমিটারের মধ্যে এক ইঞ্চি- কোনটির মান বেশী ?

৬। -৪0° সেন্টিগ্রেড এবং -৪0° ফারেনহাইটের মধ্যে কোনটি বেশী গরম ?

৭। রোম নগরী টাইন নদীর তীরে অবস্থিত।

৮। ক্যানবেরা অস্ট্রেলিয়ার রাজধানী।

৯। রেডিও অ্যাকটিভিটি মাপা হয় রিখটার স্কেলে।

১0। জোয়ান অব আর্ক নোয়ার মেয়ে ছিলেন।

১১। বুধ সূর্যের সবচেয়ে কাছের গ্রহ।

১২। মার্কোপোলো চীন ভ্রমনের সময় কুবলাই খানের সঙ্গে দেখা করেছিলেন।

১৩। ধ্রুবতারা সপ্তর্ষি মণ্ডলের নক্ষত্র।

১৪। যে কোন অ্যাসিড নীল লিটমাস দ্রবণ লাল করে।

১৫। রবীন্দ্রনাথ ১৯১৩ সালে নোবেল পুরস্কার পান।

১৬। ইংল্যাণ্ডের নিউক্যাসল শহর টেমস নদীর তীরে অবস্থিত।

১৭। হাতঘড়ি স্যার ওয়ালটার র‍্যালের আবিস্কার।

১৮। "শতপদী' প্রাণীর একশ'টি পা থাকে।

১৯। ক্যাপ্টেন কুক হাওয়াই দ্বীপপুঞ্জে নিহত হন।

২০। পৃথিবীর প্রথম ডাকটিকিট 'পেনি হোয়াইট'।

২১। নেপোলিয়ান বোনাপার্ট সিসিলি দ্বীপে জন্মে ছিলেন।

২২। "তরল ফসিল" পেট্রোলিয়ামকে বলা হয়।

২৩। হিমাচল প্রদেশের চন্দ্রভাগা নদী 'চন্দ্রা' এবং 'ভাগা'—এই দুটি নদীর মিলনে তৈরী।

২৪। ভাগীরথী নদী গঙ্গোত্রী থেকে উৎপন্ন হয়েছে।

২৫। ভারতের অন্যতম জাতীয় সঙ্গীত 'বন্দেমাতরম' গানের চলিত সুর দেন রবীন্দ্রনাথ।

২৬। লর্ড মাউন্টব্যাটেন ভারতের শেষ ভাইসরয়।

২৭। ওয়াটারলরু যুদ্ধে নেপোলিয়ান লর্ড নেলসনের কাছে পরাজিত হন।

২৮। টলষ্টয়ের 'ওয়ার এন্ড পীস' নেপোলিয়ানের রাশিয়া আক্রমণ নিয়ে লিখিত।

২৯। বেসবল আমেরিকার জাতীয় খেলা।

৩০। সফটবল কানাডার জাতীয় খেলা।

৩১। টমাস কাপ ব্যাডমিন্টনে পুরুষদের বিশ্বপ্রতিযোগিতা।

৩২। ১৯৫১ সালে দিল্লীতে প্রথম এশিয়ান গেমস অনুষ্ঠিত হয়।

৩৩। ১৯৪৮ সালে গ্লাইডিংয়ে বিশ্ব প্রতিযোগিতা শুরু হয়।

৩৪। ১৯৬০ সালে ভারতে প্রথম বেসরকারী ভাবে পর্বতাভিযানের সূত্রপাত হয়।

৩৫। প্রথম সফল ভারতীয় এভারেস্ট অভিযান হয় ১৯৬৫ সালে ভারতীয় সেনাবাহিনী দ্বারা।

৩৬। ভারতের প্রথম অকংগ্রেসী মন্ত্রীসভা কেন্দ্রে সরকার গঠণ করে ১৯৭৭ সালে।

৩৭। শ্রীলঙ্কার সংবিধানে পরপর তিনবার একই মানুষ প্রেসিডেন্ট হতে পারেন না।

৩৮। মিশরের এক প্রাক্তন প্রেসিডেন্ট আনোয়ার সাদাত আততায়ীর গুলিতে প্রাণ হারান।

৩৯। ওয়েস্ট ইণ্ডিজের দ্বীপগুলি একটি কেন্দ্রীয় শাসন ব্যবস্থায় পরিচালিত হয়।

৪০। ভারতের সর্বশেষ অঙ্গরাজ্য সিকিম।

৪১। বুদ্ধদেব কপিলাবাস্তু নামে হিমালয়ের তরাই অঞ্চলের একটি নগরে জন্মে ছিলেন।

৪২। ইসলাম মতে হজরৎ মহম্মদই শেষ নবী বা অবতার, তাঁর পরে অন্য কোন অবতার জন্ম নেবেন না।

৪৩। আল্পসের সেণ্ট বার্নার্ড পাসে মানুষের জীবন রক্ষার কাজে ব্যবহৃত হয় বলে একজাতীয় বিশেষ শ্রেণীর কুকুরের নাম সেন্ট বার্নার্ড।

৪৪। ব্ল্যাক হোল তত্ত্বের আবিস্কারক এবং নোবেল পুরস্কার বিজ্ঞানী সুব্রহ্মন্যম চন্দ্রশেখর আমেরিকার বাসিন্দা হলেও ভারতের নাগরিক।

৪৫। সতীদাহ প্রথা বিদ্যাসাগর বিলোপ করেন।

৪৬। "সারে জঁহা সে আচ্ছা হিন্দুস্তাঁ হমারা" গানটি মীর্জা গালিবের লেখা।

৪৭। শায়েস্তা খাঁ ঔরঙ্গজেবের রাজত্বকালে বাংলার সুবাদার ছিলেন।

৪৮। বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলা আলিবর্দি খাঁয়ের উত্তরসূরী ছিলেন।

৪৯। ভিক্টোরিয়ার রাজত্বকালে ভারতে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অবলুপ্তি ঘটে।

৫০। ফরাসী বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন চতুর্দশ লুই।

৫১। ফুটবলে ভারত একবারই অলিম্পিক পর্যায়ে খেলেছে—১৯৬০ সালে।

৫২। ব্যোমকেশ বক্সী—এই গোয়েন্দা চরিত্রটি শরদিন্দু চট্টোপাধ্যায়ের সৃষ্টি।

৫৩। ইউরোপের তৎকালীন একটি ছোট রাজ্য সার্বিয়ার রাজাকে হত্যার জন্য প্রথম মহাযুদ্ধ শুরু হয়েছিল।

৫৪। লিরা স্পেনের মুদ্রার নাম।

৫৫। জাপানের আসল নাম নিপ্পন।

৫৬। হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতির জনক স্যামুয়েল হ্যানিম্যান জার্মানীর মানুষ ছিলেন।

৫৭। সম্মোহনের পদ্ধতি মেসমেরিজম নামটি জার্মানীর এক ডাক্তার মেসমারের নাম থেকে এসেছে।

৫৮। ভারতে অবস্থিত হিমালয়ের দ্বিতীয় সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কামেট (৭৭৫৬ মিটার)।

৫৯। "ব্রাত্য জনের রুদ্ধসঙ্গীত"—দেবব্রত বিশ্বাসের আত্মজীবনীর নাম।

৬০। মানুষের দেহের সবচেয়ে বড়ো হাড় পায়ের টিবিয়া নামের হাড়।

৬১। শুশুক এবং ডলফিন একই প্রাণী।

৬২। পেঙ্গুইন শুধুমাত্র দক্ষিণ মেরু অঞ্চলেই দেখা যায়।

৬৩। শীত ঘুম বা হাইবারনেশন শীতল রক্তের প্রাণীদেরই মধ্যেই শুধু দেখা যায়।

৬৪। কালনাগিনী সাপের কামড়ে মনসামঙ্গলের চরিত্র লখিন্দরের মৃত্যু হয়। সাপটি খুবই বিষধর জাতের।

৬৫। নিউজীল্যাণ্ড পৃথিবীর একমাত্র দেশ, যেখানে কোন সাপ নেই।

৬৬। "শ্রী পান্থ" নিখিল সরকারের সাহিত্যিক ছদ্মনাম।

৬৭। 'ফেয়ারওয়েল টু ক্রিকেট' ডন ব্র্যাডম্যানের আত্মজীবনী।

৬৮। ভারতে প্রথম ফোটোগ্রাফিক স্টুডিও কলকাতার 'বোর্ন এণ্ড শেফার্ড'।

৬৯। ফুটবল ভারতের জাতীয় খেলা।

৭০। মনিটর লিজার্ড সরীসৃপ শ্রেণীর মধ্যে সবচেয়ে বড়ো সরীসৃপ।

৭১। কোন শব্দের মধ্যে, বিশেষতঃ ইংরেজীতে, তার সমার্থক শব্দ লুকিয়ে থাকলে তাকে 'ক্যাঙ্গারু শব্দ' বলা হয়।

৭২। 'হিটলারের শেষ দশদিন'—হিটলারের জীবনের শেষ অধ্যায় সম্পর্কে এই প্রামান্য বাংলা লেখাটি সৈয়দ মুজতবা আলীর লেখা।

৭৩। ওস্তাদ আলাউদ্দিন খাঁ সেতারী পণ্ডিত রবিশংকর, পণ্ডিত নিখিল বন্দ্যোপাধ্যায় এবং সরোদীয়া ওস্তাদ আলি আকবর খাঁয়ের শিক্ষাগুরু।

৭৪। বেঙ্গল কেমিক্যাল রাজশেখর বসুর প্রতিষ্ঠা করা।

৭৫। কলকাতার ইণ্ডিয়ান স্ট্যাটিষ্টিক্যাল ইনষ্টিটিউট প্রশান্ত চন্দ্র মহলানবিশ স্থাপন করেন।

৭৬। "গণ উইথ দ্য উইণ্ড"—আমেরিকার গৃহযুদ্ধের পটভূমিতে লেখা উপন্যাসটির লেখিকা মার্গারেট মিচেল এবং এটি তাঁর একমাত্র লেখা উপন্যাস।

৭৭। বঙ্গোপসাগরের তীরবর্তী উড়িষ্যার চাঁদিপুর ভারতের একটি রকেট উৎক্ষেপন কেন্দ্র।

৭৮। "পদ্মবিভূষণ" ভারত সরকারের দেওয়া খেতাবের মধ্যে সবচেয়ে সম্মানিত খেতাব।

৭৯। ভূপেন হাজারিকা ১৯৮৭ সালের আকাদেমি পুরস্কার প্রাপ্ত শিল্পীদের একজন।

৮০। স্কাউট মুভমেণ্টের জনক ইংল্যাণ্ডের লর্ড বেডেন পাওয়েল।

৮১। রবীন্দ্রনাথের আঁকা ছবির প্রথম প্রদর্শনীর ব্যবস্থা করা হয় ভিকতোরিয়া ওকাম্পোর আগ্রহে এবং চেষ্টায়। সেই প্রদর্শনী প্রথম হয় প্যারিসে।

৮২। বিজয়া শরৎচন্দ্রের "বিজয়া" উপন্যাসের নায়িকা চরিত্র।

৮৩। বাচেন্দ্রী পাল প্রথম ভারতীয় মহিলা, যিনি এভারেষ্টে আরোহণ করেছেন।

